বার্ষিক প্রতিবেদন
২০১৭-২০১৮

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: www.sec.gov.bd, www.secbd.org, www. এসইসিবিডি.বাংলা

সূচিপত্র

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নং
১	চেয়ারম্যানের প্রতিবেদন	৬
২	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন	৯
৩	বাংলাদেশের অর্থনৈতিক নির্দেশক	১০
৪	বিশ্বব্যাপী পুঁজিবাজার	১২
৫	পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রম এবং বাজার পরিস্থিতি	১৪
৫.১	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠা ও কার্যাবলী	১৪
৫.২	বিএসইসি'র উদ্যোগে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা"২০১৭, রাজশাহী অনুষ্ঠিত	১৫
৫.৩	বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ পালন	১৬
৫.৪	ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ এ বিএসইসি'র নেতৃত্বে পুঁজিবাজার সেক্টরের অংশগ্রহণ	২৩
৫.৫	কমিশন কর্তৃক দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষন প্রদান	২৪
৫.৬	উন্নয়ন মেলা ২০১৮ এ পুঁজিবাজারের অংশগ্রহণ	২৫
৫.৭	বিএসইসি'র উদ্যোগে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা" ২০১৮, সিলেট অনুষ্ঠিত	২৫
৫.৮	বিএসইসিতে সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহের শেয়ার-অফলোড সংক্রান্ত দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত	২৬
৫.৯	বিএসইসি'র উদ্যোগে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা"২০১৮, বরিশাল অনুষ্ঠিত	২৭
৫.১০	বিএসইসি কর্তৃক ৮ মার্চ ২০১৮ বিশ্ব নারী দিবস উদ্‌যাপন	২৭
৫.১১	বিএসইসি'র নতুন ওয়েবসাইট উদ্বোধন	২৮
৫.১২	স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন	২৯
৫.১৩	পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের CAMLCO সম্মেলন, ২০১৮ অনুষ্ঠিত	২৯
৫.১৪	Bangladesh Long Term Finance Conference, 2018 অনুষ্ঠিত	৩০
৫.১৫	ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই)	৩২
৫.১৬	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই)	৩২
৫.১৭	সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)	৩২
৫.১৮	বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)	৩৩
৫.১৯	ওভার-দি-কাউন্টার মার্কেট (Over the Counter Market-OTC)	৩৪
৫.২০	তালিকাভুক্ত কোম্পানিসমূহের ক্যাটাগরাইজেশন	৩৪
৫.২১	ইনভেস্টরস্ প্রোটেকশন ফান্ড (Investors Protection Fund)	৩৫
৫.২২	রূপকল্প ২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জন পরিকল্পনার (২০১০-২০২১) বাস্তবায়ন অগ্রগতি	৩৫
৫.২৩	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন	৩৬
৫.২৪	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন	৩৭
৫.২৫	Sustainable Development Goal (SDG) বাস্তবায়নে বিএসইসি'র কর্মকান্ড	৩৯
৫.২৬	পর্যায়ক্রমে ২০০৯-২০১০ হতে ২০১৭-২০১৮ অর্থবছরে বাজেট বক্তৃতায় ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহের বাস্তবায়ন	৪০
৫.২৭	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) অনুযায়ী কমিশনের কার্যাবলী	৫১
৫.২৮	ইনোভেশন কার্যক্রম	৫২
৫.২৯	বাজার মূলধন এবং জিডিপি'র অনুপাত প্রবণতা	৫৩

৬	ক্যাপিটাল মার্কেট রেগুলেটরী রিফরমস্ অ্যান্ড কমপ্লায়েন্স	৫৪
৭	স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তি	৫৫
৮	ক্যাপিটাল ইস্যু	৫৬
৯	কর্পোরেট ফিন্যান্স	৫৯
১০	নিবন্ধন	৬১
১১	মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি	৬২
১২	সার্ভেইল্যান্স	৬৩
১৩	সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস্ অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ	৬৪
১৪	সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ	৬৫
১৫	সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস	৬৬
১৬	এনফোর্সমেন্ট	৬৭
১৭	আইন	৬৮
১৮	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস	৬৯
১৯	গবেষণা ও উন্নয়ন	৭০
২০	ফিন্যান্সিয়াল লিটারেসি	৭১
২১	আন্তর্জাতিক সম্পর্ক	৭২
২২	এএমএল অ্যান্ড সিএফটি	৭৩
২৩	কমিশনের আর্থিক বিবরণী	৭৪
২৪	পরিশিষ্টসমূহ	৭৫

পরিশিষ্টসমূহ

পরিশিষ্ট নং	বিবরণ	পৃষ্ঠা
পরিশিষ্ট-১	বাংলাদেশের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি ও সিকিউরিটিজের সংখ্যা ও মূলধন	৭৫
পরিশিষ্ট-২	ঢাকা স্টক এক্সচেঞ্জের ২০০৫-০৬ অর্থবছরের সাথে আলোচ্য বছরের লেনদেনের তুলনামূলক বিবরণী	৭৬
পরিশিষ্ট-৩	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ২০০৫-০৬ অর্থবছরের সাথে আলোচ্য বছরের লেনদেনের তুলনামূলক বিবরণী	৭৭
পরিশিষ্ট-৪	ঢাকা স্টক এক্সচেঞ্জের লেনদেন বিষয়ক বাৎসরিক কার্যক্রম	৭৮
পরিশিষ্ট-৫	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের লেনদেন বিষয়ক বাৎসরিক কার্যক্রম	৭৯
পরিশিষ্ট-৬	ঢাকা স্টক এক্সচেঞ্জের বিগত বারো বছরের লেনদেন কার্যক্রম	৮০
পরিশিষ্ট-৭	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের বিগত বারো বছরের লেনদেন কার্যক্রম	৮২
পরিশিষ্ট-৮	(ক) ডিএসই ওটিসি মার্কেটে ৩০ জুন ২০১৮ তারিখে অনুমোদিত কোম্পানির তালিকা	৮৪
	(খ) সিএসই ওটিসি মার্কেটে ৩০ জুন, ২০১৮ তারিখে অনুমোদিত কোম্পানির তালিকা	৮৫
পরিশিষ্ট-৯	কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের জন্য অনুমোদিত কোম্পানির বিবরণী	৮৭
পরিশিষ্ট-১০	সিডিএস -এ যোগদানকৃত কোম্পানি এবং মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ডের তালিকা	৮৮
পরিশিষ্ট-১১	এনফোর্সমেন্ট কার্যক্রম	৮৯
পরিশিষ্ট-১২	কমিশন এর মামলা সংক্রান্ত তথ্যাদি	৯০

পরিশিষ্ট-১৩	কমিশনের আর্থিক বিবরণী	৯১
পরিশিষ্ট-১৪	কমিশনের বিবিধ আয়/প্রাপ্তির বিবরণী	৯২
পরিশিষ্ট-১৫	কমিশনের কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণের তালিকা	৯৩
পরিশিষ্ট-১৬	প্রয়োজনীয় শব্দ সংক্ষেপ	১০১
পরিশিষ্ট-১৭	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ	১০২
পরিশিষ্ট-১৮	ইস্যুয়ার কোম্পানির বার্ষিক সাধারণ সভা এবং ঘোষিত লভ্যাংশ	১০৩
পরিশিষ্ট-১৯	মিউচ্যুয়াল ফান্ডের ঘোষিত লভ্যাংশ	১১৫
পরিশিষ্ট-২০	কমিশন এর নির্বাহীদের তালিকা	১১৭



প্রতিবেদন

চেয়ারম্যান
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয় ১৯৯৩ সালের ৮ই জুন, যার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন। কমিশন সরকারের রূপকল্প ২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে এবং প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১) বাস্তবায়নে সহায়ক হিসাবে পুঁজিবাজারের জন্য ১০-বছর মেয়াদি কর্ম-পরিকল্পনা প্রণয়ন করেছে, যার বাস্তবায়ন চলমান রয়েছে।

কমিশন দেশের অর্থনৈতিক তথা সামাজিক উন্নয়নের লক্ষ্যে শিল্প প্রতিষ্ঠানের বিকাশ, কর্মসংস্থান সৃষ্টি, আর্থিক শৃঙ্খলা ও স্থিতিশীলতা সমুন্নত রাখা এবং আন্তর্জাতিক সিকিউরিটিজ অঙ্গনের সর্বশেষ উন্নয়নের সাথে তাল মিলিয়ে চলার গুরুত্বকে অগ্রাধিকার দিয়ে নিরলসভাবে দায়িত্ব পালন করে যাচ্ছে। বাংলাদেশে এখনও পুঁজিবাজারের তালিকাভুক্ত সিকিউরিটিজের প্রেক্ষিতে বাজার মূলধন ও জিডিপি অনুপাত মাত্র ১৭.১৯%, অনেক উন্নত দেশে এ অনুপাত শতভাগেরও বেশী অর্থাৎ দেশের অর্থনৈতিক উন্নয়নে পুঁজিবাজারের ব্যাপক সম্প্রসারণের অবকাশ রয়ে গেছে। তবে বাজারের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও সম্প্রসারণ গুরত্বপূর্ণ বিষয়। এলক্ষ্যে ইতোমধ্যে কমিশন কর্তৃক বাস্তবায়িত উলেখযোগ্য সংস্কারের মধ্যে রয়েছে কমিশনের নিজস্ব সক্ষমতা বৃদ্ধি এবং শক্তিশালীকরণ, স্টক এক্সচেঞ্জসমূহের ডিমিউচ্যুয়ালাইজেশন, পুঁজিবাজারের জন্য বিশেষ ট্রাইব্যুনাল গঠন, পুঁজিবাজার বিষয়ক বিভিন্ন আইনের সংস্কার ও নতুন বিধি প্রণয়ন এবং আন্তর্জাতিক অঙ্গনে দেশের সুনাম বৃদ্ধি ইত্যাদি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮-১৯ বাজেট অধিবেশনে সমাপনী বক্তব্যে উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে পুঁজিবাজারের সম্ভাবনাকে কাজে লাগানোর উপর গুরুত্বারোপ করেছেন। সুশৃঙ্খল ও টেকসই পুঁজিবাজার গঠনে বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ যেমন, নীতি সহায়তা, আইন-কানুন সংস্কার ও অবকাঠামো নির্মাণ- উদ্যোক্তা ও বিনিয়োগকারীদের আস্থা ও বিশ্বাসকে সুদৃঢ় করেছে।

২০১৭-১৮ অর্থবছরে কমিশন কর্তৃক পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানির প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণে পুরাতন কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস রহিত করে নতুন কর্পোরেট গভর্নেন্স কোড জারি, তালিকাভুক্ত কোম্পানির বিভিন্ন আর্থিক প্রতিবেদন প্রস্তুত, অডিট এবং এর প্রকাশ সংক্রান্ত প্রজ্ঞাপন জারী, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ প্রণয়ন, ইস্যুয়ারের উদ্যোক্তা, পরিচালক বা ১০% এর অধিক শেয়ারধারণকারীর জন্য কোম্পানি তালিকাভুক্ত হওয়ার পরবর্তী সময়ে স্টক লভ্যাংশ প্রাপ্তির ক্ষেত্রে আইপিও প্রসপেক্টাস ইস্যুর তারিখ থেকে দুই বছরের লক-ইন আরোপ করা হয়। এছাড়া, ইস্যুয়ারের উদ্যোক্তা এবং পরিচালকগণের সার্বক্ষণিক সম্মিলিত ৩০% শেয়ার-ধারণ সংক্রান্ত শর্তাবলি পরিপালন নিশ্চিতকরণের নির্দেশনা জারি, বুক-বিল্ডিং পদ্ধতিতে অংশগ্রহণকারী প্রাতিষ্ঠানিক যোগ্য বিনিয়োগকারীদের (এলিজিবল ইনভেস্টরস) জন্য পরিপালনীয় আচরণ বিধি জারি, স্টক ব্রোকার ও স্টক ডিলারের মার্জিন হিসাব এবং মার্চেন্ট ব্যাংকের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃ মূল্যায়নজনিত আনাদায়কৃত ক্ষতির বিপরীতে রক্ষিতব্য প্রভিশন সংক্রান্ত ঐচ্ছিক সুবিধা ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত বৃদ্ধি, ট্রেকহোল্ডার এবং মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজারের মার্জিন হিসাবে ঋনাত্বক ইকুইটিধারীদের জন্য ত্রৈমাসিক কর্ম-পরিকল্পনা সংক্রান্ত আদেশ জারি,

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস , ২০১৫ সংশোধন ইত্যাদি সংস্কার সাধন করা হয় ।

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনস (IOSCO) ঘোষিত প্রথমবারের মত সাধারণ বিনিয়োগকারীদের জন্য "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" অনুযায়ী কমিশন ২-৮ অক্টোবর ২০১৭ বাংলাদেশে পুঁজিবাজার অংশগ্রহণকারীদের নিয়ে উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে উদ্‌যাপন করে । মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি উপস্থিত থেকে উক্ত সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ।

এ অর্থবছরে কমিশন দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচির ধারাবাহিকতায় রাজশাহী, সিলেট ও বরিশালে "বিনিয়োকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা" আয়োজন করে । এছাড়াও, কমিশন নিয়মিতভাবে সাধারণ বিনিয়োকারীদের জন্য বিনিয়োগ শিক্ষা কর্মসূচি পরিচালনা করে আসছে ।

কমিশন ঢাকা স্টক এক্সচেঞ্জকে এর কৌশলগত বিনিয়োগকারী হিসেবে বিশ্বের অন্যতম স্টক এক্সচেঞ্জ চীনের সাংহাই স্টক এক্সচেঞ্জ ও শেনজেন স্টক এক্সচেঞ্জের কনসোর্টিয়াম এর সাথে চুক্তিবদ্ধ হওয়ার বিষয়টি অনুমোদন করে, এবং মে ১৪, ২০১৮ তারিখে চুক্তিটি স্বাক্ষরিত হয়, ফলে দেশের পুঁজিবাজারের অধিকতর উন্নয়ন ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির ক্ষেত্র তৈরি হয়েছে ।

মৌল-ভিত্তি-সম্পন্ন সিকিউরিটিজের জোগান বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখার লক্ষ্যে কমিশন ২০১৭-২০১৮ অর্থবছরে পুঁজিবাজারে আরও ১৩টি স্টক ডিলার সনদ, ০৮টি সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি সনদ, ৩০টি ডেট সিকিউরিটি ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ, ০৫টি ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ, ০২টি ট্রাস্টি নিবন্ধন সনদ ও ০৫টি তহবিল ব্যবস্থাপক নিবন্ধন সনদ প্রদান করেছে ।

এছাড়া, পুঁজিবাজারে ১৩টি কোম্পানিতে প্রাথমিক গণ-প্রস্তাব (Initial Public Offer) এর মাধ্যমে নতুন বিনিয়োগ হয়েছে ৫৫৩.২৫ কোটি টাকা (প্রিমিয়ামসহ) এবং ০৪টি কোম্পানিতে রাইটস ইস্যুর মাধ্যমে বিনিয়োগ হয়েছে ৪৯১.৪৫ কোটি টাকা । কমিশন জুলাই ২০১৭-জুন ২০১৮ সময়ে ১৪১টি প্রাইভেট লিমিটেড এবং ৫৩টি পাবলিক লিমিটেড কোম্পানির যথাক্রমে ৯০৭০.৩৫ কোটি টাকা এবং ৩৭৭০.০৯ কোটি টাকার পরিশোধিত মূলধন অনুমোদন করেছে ।

পুঁজিবাজারে স্বল্প মূলধনের প্রতিষ্ঠানসমূহের অর্থায়ন ও তালিকাভুক্তির জন্য Small Cap Board গঠনের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে । Small Cap Board বাস্তবায়িত হলে স্বল্প মূলধনের ইস্যু তালিকাভুক্ত হতে পারবে এবং বাজার বিস্তৃত হবে ।

পুঁজিবাজারের জন্য পৃথক একটি ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট কোম্পানি হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট) বিধিমালা, ২০১৭ এর অধীনে ডিএসই, সিএসই ও সিডিবিএল এর যৌথ উদ্যোগে 'ন্যাশনাল ক্লিয়ারিং কোম্পানি বাংলাদেশ লিমিটেড' নামে একটি কোম্পানি নিবন্ধনের কার্যক্রম প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে ।

এ অর্থবছরের প্রথম ছয় মাস পুঁজিবাজার স্থিতিশীল থাকলেও পরের দিকে লেনদেন ও সূচক ধারাবাহিকভাবে কিছুটা কমতে থাকে । ডিএসইর প্রধান সূচক ডিএসই ব্রড ইনডেক্স (ডিএসইএক্স) গত অর্থবছরের চেয়ে ২৫০ দশমিক ৫৯ পয়েন্ট বা ৪ দশমিক ৪৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৭-১৮ অর্থবছরের শেষ দিনে ৫ হাজার ৪০৫ দশমিক ৪৬ পয়েন্টে দাঁড়ায় । ২০১৭-১৮ অর্থবছরে ডিএসইএক্স মূল্য সূচক সর্বোচ্চ ৬ হাজার ৩৩৬ দশমিক ৮৮ পয়েন্টে উন্নীত হয় এবং সর্বনিম্ন ছিল ৫ হাজার ৪৮৮ দশমিক ৮৭ পয়েন্ট । সূচক কমলেও পুঁজিবাজারে বাজার মূলধন এ অর্থবছরে নতুন এক রেকর্ড সৃষ্টি করেছে । ডিএসই বাজার মূলধন গত অর্থবছরের তুলনায় ৪ হাজার ৬৩৫ কোটি টাকা বা ১ দশমিক ২২ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩ লাখ ৮৪ হাজার ৭৩৫ কোটি টাকায় দাঁড়িয়েছে । ২০১৭-১৮ অর্থবছরে বাজার মূলধন সর্বোচ্চ ৪ লাখ ২৮ হাজার ৮২৩ কোটি টাকায় উন্নীত হয় এবং সর্বনিম্ন ছিল ৩ লাখ ৭৬ হাজার ৮২৩ কোটি টাকা ।

এ অর্থবছরে ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) মোট লেনদেনের পরিমাণ দাঁড়ায় ১ লাখ ৫৯ হাজার ৮৫ কোটি ২০ লাখ টাকা, যা আগের অর্থবছরের তুলনায় ২১ হাজার ৪৩৭ কোটি টাকা বা ১১ দশমিক ৮৮ শতাংশ কম । তবে বর্তমান অর্থবছরটি পুঁজিবাজারের ইতিহাসে চতুর্থ সর্বোচ্চ লেনদেন সংগঠিত হওয়ার মাইল ফলক । ২০১৭-১৮ অর্থবছরে ২৪৬ কার্যদিবসে ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) গড়ে প্রতিদিন লেনদেন হয়েছে ৬৪৬ কোটি ৬০ লাখ টাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) গড় লেনদেন হয়েছে ৪৯ কোটি ৪০ লাখ টাকা । ২০১৬-১৭ অর্থবছরে ডিএসই গড় লেনদেনের পরিমাণ ছিল ৭৫৫ কোটি ৩০ লাখ টাকা এবং সিএসই গড় লেনদেনের পরিমাণ ছিল ৪৪ কোটি ৬৫ লাখ টাকা ।

সিএসই'র প্রধান সূচক সিএসই জেনারেল ইনডেক্স (CASPI) আগের অর্থবছরের চেয়ে ৯৫৮ দশমিক ২১ পয়েন্ট হ্রাস পেয়ে ২০১৭-১৮ অর্থবছরের শেষ দিনে ১৬ হাজার ৫৫৮ দশমিক ৫০ পয়েন্টে দাঁড়ায়। ২০১৭-১৮ অর্থবছরে জেনারেল ইনডেক্স মূল্যসূচক সর্বোচ্চ ১৯ হাজার ৫৯৯ দশমিক ৭০ পয়েন্টে উন্নীত হয় এবং সর্বনিম্ন ছিল ১৬ হাজার ৩৭০ দশমিক ৩৭ পয়েন্ট।

২০১৭-১৮ অর্থবছরের শেষ দিনে ডিএসইতে তালিকাভুক্ত সিকিউরিটিজসমূহের মূল্য-আয় অনুপাত বা মার্কেট পিই দাঁড়ায় ১৪.৯৭। অপরদিকে ২০১৬-১৭ অর্থবছরের শেষ দিনে মার্কেট পিই ছিল ১৫.৭৪।

২০১৭-১৮ অর্থবছরে বিদেশি বিনিয়োগকারীদের মোট লেনদেনের পরিমাণ দাঁড়ায় ১১ হাজার ৭২৯ কোটি ২০ লাখ টাকা। আগের অর্থবছরের তুলনায় বিদেশি বিনিয়োগকারীদের ১৭১৯ কোটি ৮০ লাখ টাকা বা ১৭ দশমিক ১৮ শতাংশ বেশী লেনদেন সংঘঠিত হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরের শেষে মোবাইলে পুঁজিবাজারে লেনদেনকারীর সংখ্যা দাঁড়ায় ৩১ হাজার ২৭০ জনে। এ অর্থবছরে মোবাইলের মাধ্যমে মোট ৪২ লাখ ৭৫ হাজার ৫৫৭টি আদেশ গ্রহণ করা হয় যার মধ্যে ২৭ লাখ ৭৪ হাজার ১২০টি কার্যকর হয়।

ওটিসি মার্কেটের লেনদেন আগের বছরের তুলনায় ২০১৭-১৮ অর্থবছরে ৩২০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এ বছরে ওটিসি মার্কেটে মোট ৩০টি কোম্পানির ১ কোটি ৩৭ লাখ শেয়ার লেনদেন হয়, যার মূল্য ৭৯ কোটি ৯৩ লাখ টাকা। ২০১৬-১৭ অর্থবছরে ১৬টি কোম্পানির শেয়ার লেনদেনের পরিমাণ ছিল ৪০ লাখ, যার মূল্য ছিল ১৯ কোটি টাকা।

কমিশনের গত সাত বছরের নিরলস প্রচেষ্টায়, সরকারের সার্বিক পৃষ্ঠপোষকতায় এবং বাজারের বিভিন্ন অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশের পুঁজিবাজারে একটি কাঙ্খিত পরিবর্তন সংঘটিত হয়েছে, যার সুফল আগামী সময়গুলিতে ক্রমশ আরও কার্যকর ও স্পষ্ট হয়ে উঠবে। পুঁজিবাজারের প্রতি বিনিয়োগকারীদের আস্থার অধিকতর উন্নয়ন ঘটানো এবং স্থিতিশীল ও বর্ধনশীল পুঁজিবাজার গঠনের লক্ষ্যে কমিশন প্রয়োজনীয় সংস্কার অব্যাহত রেখেছে। বাংলাদেশের পুঁজিবাজার দীর্ঘমেয়াদী অর্থায়নের মাধ্যমে শিল্পায়ন, অবকাঠামো উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং শুদ্ধাচার নিশ্চিতকরণের মাধ্যমে ভবিষ্যতে অর্থনীতিতে বলিষ্ঠতর অবদান রাখতে সক্ষম হবে বলে আমি বিশ্বাস করি। এ মুহূর্তে বাজার সংশ্লিষ্ট সকলের প্রতি নিজ নিজ বিষয়ে যথাযথ জ্ঞানার্জন ও প্রয়োগ, সততা ও নিষ্ঠার সাথে স্ব স্ব দায়িত্ব পালন এবং দেশমাতৃকার আর্থসামাজিক উন্নয়নে ধৈর্য, দৃঢ়তা ও মেধার সমন্বয়ে অবিরাম কাজ করার জন্য আহ্বান জানাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এর সঠিক দিকনির্দেশনায় ও সহযোগিতায় আমরা সঠিক পথে অগ্রসর হতে পেরেছি। সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহান জাতীয় সংসদের বাজেট অধিবেশনে সমাপনী ভাষণে পুঁজিবাজারকে গুরুত্বের সাথে বিবেচনা করায় আমরা আনন্দিত, গর্বিত ও অনুপ্রাণিত এবং আন্তরিকভাবে কৃতজ্ঞ।

ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
কমিশনার



জনাব মোঃ আমজাদ হোসেন
কমিশনার



ড. স্বপন কুমার বালা এফসিএমএ
কমিশনার



খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

৩. বাংলাদেশের অর্থনৈতিক নির্দেশক

বাংলাদেশ একটি উদীয়মান অর্থনৈতিক শক্তি। গোল্ডম্যান সাক্স বাংলাদেশকে শীর্ষ ১১টি উদীয়মান অর্থনীতির তালিকায় অন্তর্ভুক্ত করেছে। Price water house Coopers (PwC) বাংলাদেশকে এমন তিনটি দেশের মধ্যে চিহ্নিত করেছে যেখানে পরবর্তী ৩৫ বছর একটানা পাঁচ শতাংশেরও বেশী প্রবৃদ্ধি অর্জিত হবে এবং ২০৫০ এর মধ্যে পরিণত হবে বিশ্বের ২৩তম বৃহত্তম অর্থনীতির দেশে। জুলাই ২০১৫ তে বিশ্বব্যাংকের শ্রেণীবিন্যাস অনুযায়ী বাংলাদেশ নিম্ন আয়ের দেশ থেকে নিম্নমধ্যম আয়ের দেশের (এলএমআইসি) মর্যাদায় উন্নীত হয়েছে।

পঞ্চবার্ষিক পরিকল্পনার ধারাবাহিকতায় সরকার সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০১৬-২০) অধিকতর অভ্যন্তরীণ ও বৈদেশিক বিনিয়োগ সমাবেশ ঘটিয়ে জনসংখ্যা তাত্ত্বিক লভ্যাংশ ব্যবহার করে শ্রমশক্তি থেকে আহরিত সুফল দ্বারা পুঁজিগঠন এবং বার্ষিক গড় ৭.৪% হারে প্রবৃদ্ধি অর্জনের জন্য কাজ করে যাচ্ছে। ২০১৭-১৮ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি হার ছিল ৭.৮৬%। প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, পরিবেশের ভারসাম্য রক্ষাকরণ ও সামাজিক অগ্রগতির জন্য সরকার মানসম্পন্ন অবকাঠামো ও ম্যানুফ্যাকচারিং এর অনুকুল বিনিয়োগ পরিবেশের উন্নতি সাধন, বিশ্ববাণিজ্যের মাধ্যমে বাজার সুবিধা সম্প্রসারণ, আর্থিক খাতের দক্ষতা বৃদ্ধি, ভূমি সমস্যার সুষ্ঠু ব্যবস্থাপনা এবং সুশাসনের উন্নয়ন সাধন বিষয়ে অধিকতর মনোযোগ প্রদান করেছে। নিচে বাংলাদেশের অর্থনীতির ২০০৫-০৬ ও ২০১৭-১৮ সনের তুলনামূলক সূচকসমূহ উপস্থাপন করা হলো যা ক্রমবর্ধমান উন্নয়নের ধারা নির্দেশ করছে।

সারণি ৩.১
বাংলাদেশ অর্থনৈতির কতিপয় প্রধান সূচকের তথ্য

ক্রঃনং	নির্দেশক	২০০৫-০৬	২০১৬-১৭	২০১৭-১৮
১	জিডিপি (চলতি মূল্যে) টা: কোটিতে	৪৮২,৩৪০.০০	১,৯৭৫,৮১৭.০০	২,২৫০,৪৭৯.৩০
২	জিডিপি বৃদ্ধি হার (স্থির মূল্যে) %	৬.৬৭	৭.২৮	৭.৮৬
৩	বার্ষিক জিডিপি জনপ্রতি (চলতি মূল্যে) ইউএস ডলার	৫১৪.০০	১,৫৪৩.৯০	১,৬৭৫.০০
৪	বার্ষিক জিএনআই জনপ্রতি (চলতি মূল্যে) ইউএস ডলার	৫৪৩.০০	১,৬১০.২৪	১,৭৫১.০০
৫	বার্ষিক জিএনআই (চলতি মূল্যে) টা: কোটিতে	৫০৯,৫৪৫.০০	২,০৬০,৭১৮.০০	২৩৫৩১০৮
৬	ট্যাক্স (এনবিআর) ও জিডিপি অনুপাত %	৭.০৫	৮.৬৯	৯.২৬
৭	বিনিয়োগ হার (জিডিপি এর %, চলতি মূল্যে)	২৬.১	৩০.৫১	৩১.২৩ (প্র)
৮	বৈদেশিক সরাসরি বিনিয়োগ (নেট) ইউএস ডলার মিলিয়নে	৭৪৪.৬১	২৪৫৪.৮১	২৫৮০.৪৪
৯	পোর্টফোলিও বিনিয়োগ (নেট) ইউএস ডলার মিলিয়নে	৩২.০০	৪৫৭.০০	৩৬৫ (প্র)
১০	অভ্যন্তরীণ ঋণ (টা: কোটিতে)	১৭৮,৪১২.৩০	৮৯০,৬৭০.৩০	১,০২১,৭০৭.২০
১১	ব্যাংক রেট (%)	৫.০০	৫.০০	৫.০০
১২	ডিপোজিট রেট (ওয়েটেড গড়)	৫.৭৭	৪.৮৪	৫.৫
১৩	কমার্শিয়াল লেন্ডিং রেট (ওয়েটেড গড়)	১০.৭৫	৯.৫৬	৯.৯৫
১৪	কল মানি রেট (মাসিক গড়)	১১.০৬	৩.৯৩	৩.৪১

ক্রঃনং	নির্দেশক	২০০৫-০৬	২০১৬-১৭	২০১৭-১৮
১৫	মুদ্রাস্ফিতি (ওয়েটেড গড়)	৭.১৬	৫.৪৪	৫.৭৮
১৬	ডলার কনভার্সন (মাস শেষে) ১ US $ =টা:	৬৯.৮৫	৭৯.১২	৮২.১
১৭	আমদানী (US $ মিলিয়নে)	১৪,৭৪৬.০০	৪৭,০০৫.২০	৫৮৮৬৫.৩০
১৮	রপ্তানী (US $ মিলিয়নে)	১০,৫২৬.২০	৩৪,৮৪৬.৮৪	৩৬,৬৬৮.১৭
১৯	ট্রেড ব্যালান্স (US $ মিলিয়নে)	-৪,২১৯.৮০	-১২,১৫৮.৩৬	-২২,১৯৭.১৩
২০	বৈদেশিক মুদ্রার রিজার্ভ (US $ মিলিয়নে)	৩,৪৮৩.৮০	৩৩,৪০৬.৬০	৩২,৯১৬.৪৫
২১	রেমিটেন্স (US $ মিলিয়নে)	৪,৮০২.৪১	১২,৭৬৯.৪৫	১৪,৯৭৮.৮৬

উৎসঃ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ।
বিশেষ দ্রষ্টব্যঃ প্র-প্রভিশনাল

৪. বিশ্বব্যাপী পুঁজিবাজার

বিশ্বের বিভিন্ন দেশের পুঁজিবাজার ও অর্থনীতিতে সূচকের পরিবর্তন

দেশের প্রধান পুঁজিবাজার	জুন ২০১৮	জুন ২০০৬	জুন ২০০৬ এর তুলনায় জুন ২০১৮ এর সূচক পরিবর্তন (%)	গত বছরের তুলনায় GDP পরিবর্তন বর্তমান মূল্যে (%)	গত বছরের তুলনায় মূদ্রাস্ফীতি (%)	বার্ষিক সুদের হার (স্বল্প মেয়াদি) (%)
বাংলাদেশ (DSEX)	৫,৪০৫.৪৬	১,৩৩৯.৫৩	৩০৩.৫৩	১৩.২৯	৬.৯৯	৭.৪১
ভারত (BSE 30)	৩৫,২৮৬.৭০	১০,৬০৯.৩০	২৩২.৬	৭.৭	৪.৯	৭.৮৩
পাকিস্তান (Karachi 100)	৪৩,৬৮২.৮০	৯,৯৮৯.৪১	৩৩৭.২৯	৫.৪	৪.২	৮.৫
ইন্দোনেশিয়া (Jakarta Composite)	৫,৮৮৪.০০	১,৩১০.২৬	৩৪৯.০৭	৫.১	৩.২	৭.২৩
মালয়েশিয়া (KLSE Composite)	১,৭০৯.৮০	৯১৪.৬৯	৮৬.৯৩	৫.৪	১.৮	৪.২৩
থাইল্যান্ড (SET)	১,৬৬৪.৩০	৬৭৮.১৩	১৪৫.৪২	৪.৮	১.৫	২.৬১
তাইওয়ান (তাইওয়ান ওয়েটেড)	১০,৯২৭.৪০	৬,৭০৪.৪১	৬২.৯৯	৩.	১.৬	০.৯৭
জাপান (Nikkei 225)	২২,৫৫৫.৪০	১৫,৫০৫.২০	৪৫.৪৭	১.৩	০.৪	০.০৫
হংকং (Hang Seng)	২৯,৬৯৬.২০	১৬,২৬৭.৬০	৮২.৫৫	৪.৩	২.১	১.৩৭
সিঙ্গাপুর (Straits Times)	৩,৩১৫.৯০	২,৪৩৫.৩৯	৩৬.১৫	২.৭	০.৪	২.০৯
জার্মানী (DAX)	১২,৬৭৮.০০	৫,৬৮৩.৩১	১২৩.০৭	২.৩	২.২	০.৩৮
ইউকে (FTSE 100)	৭,৬০৩.৯০	৫,৮৩৩.৪০	৩০.৩৫	১.২	২.৪	১.৪৩
ইউএসএ (DJIA)	২৪,৬৫৭.৮০	১১,১৫০.২০	১২১.১৪	২.৮	২.৮	২.৯৩

* জানুয়ারি ২৮, ২০১৩ তারিখে S&P Dow Jones এর কারিগরি সহায়তায় প্রণয়নকৃত গাইডলাইন অনুযায়ী ডিএসই নতুন দুটি সূচক (ডিএসইএক্স ও ডিএস৩০) চালু করে । ডিএসই সাধারণ সূচক আগস্ট ০১, ২০১৩ থেকে বন্ধ করে দেওয়া হয় । জানুয়ারি ২৮, ২০১৩ তারিখে ডিএসইএক্স ছিল ৪০৫৫.৯১ এবং ডিএসই সাধারণ সূচক ছিল ৪৪১৭১.৪১ ।

উৎসঃ সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট ।

এশিয়া প্যাসেফিক কয়েকটি দেশের অভ্যন্তরীণ পুঁজিবাজার মূলধন ও জিডিপি অনুপাত

বাংলাদেশ বিশ্ব অর্থনীতিতে N-১১ দেশের অন্তর্ভুক্ত হলেও এ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে পুঁজিবাজারের সম্ভাবনাকে কাজে লাগানোর ব্যাপক সুযোগ এখনও অব্যবহৃত রয়ে গেছে কারণ বর্তমানে বাজার মূলধন ও জিডিপির অনুপাত মাত্র ১৭.১৯% যা অনেক উন্নতদেশে শতভাগেরও বেশী । কতিপয় এশিয়া প্যাসেফিক দেশের বাজার মূলধনের তুলনায় জিডিপির অনুপাতের তুলনামূলক তথ্য নিচে উপস্থাপন করা হলঃ

	বাজার মূলধন (Us$ in bn)	জিডিপি (Us $ in bn)*	বাজার মূলধন ও জিডিপি অনুপাত
দেশ	জুন ২০১৮		
বাংলাদেশ (DSE)**	৪৫.৯৭	২৬৭.৪৪	১৭.১৯
ভারত (BSE)	২,২০৪.৭৪	২,৮৪৮.২৩	৭৭.৪১
পাকিস্তান (Karachi 100)	৭৭.২৪	৩০৩.৯৯	২৫.৪১
শ্রীলঙ্কা (Colombo SE)	১৮.৯৭	৯৩.৪৫	২০.২৯
ইন্দোনেশিয়া (SE)	৪৮১.৯৮	১,০৭৪.৯৭	৪৪.৮৪
বুর্সা মালয়েশিয়া (BURSA MALYSIA)	৪৩৭.৩৯	৩৬৪.৯২	১১৯.৮৬
থাইল্যান্ড (SE)	৫৫২.৩২	৪৮৩.৭৪	১১৪.১৮
তাইওয়ান (SE Corp.)	১,০৮৬.৩৩	৬১৩.৩	১৭৭.১৩
ফিলিপাইন (SE)	২৫৭.	৩৩২.৪৫	৭৭.৩
জাপান (SE)	৬,২১৯.৭৯	৫,১৬৭.০৫	১২০.৩৭
হংকং স্টক এক্সচেঞ্জ	৪,৪৬২.০০	৩৬৪.৭৮	১,২২৩.২০
সিঙ্গাপুর এক্সচেঞ্জ (SGX)	৭৬৬.৫৩	৩৪৯.৬৬	২১৯.২২

উৎসঃ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (বিভিন্ন আর্ন্তজাতিক উৎসের সহায়তায়)

* IMF Staff Estimates

** Total Market Capitalization (i.e Equity, Mutual fund, Bond ect) is calculated for Market Cap to GDP ratio.

Source: World Federation of Exchanges, IMF World Economic Outlook October 2016 and Bangladesh Economic Review.

৫. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রম এবং বাজার পরিস্থিতি

দেশের আর্থিক ব্যবস্থার প্রধান দু'টি শাখা হচ্ছে মুদ্রাবাজার ও পুঁজিবাজার। কোন দেশের অর্থনৈতিক উন্নয়নে পুঁজিবাজারের ভূমিকা ব্যাপক। আমাদের দেশে এর ভূমিকা ক্রমান্বয়ে বৃদ্ধি পেলেও এর পূর্ণ ঝঝর এখনও অনেক অবকাশ রয়ে গেছে। সরকারের সার্বিক সহযোগিতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সকল স্টেক হোল্ডারদের নিয়ে পুঁজিবাজার উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পুঁজিবাজারের মাধ্যমে বিনিয়োগকারীদের জন্য যেমন বিনিয়োগের ক্ষেত্র তৈরী হয়েছে তেমনি পুঁজিবাজার শিল্প প্রতিষ্ঠানের বিকাশে দীর্ঘ-মেয়াদি পুঁজির সরবরাহ নিশ্চিত করছে। এতে জিডিপি'র প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থান সৃষ্টি ও সামাজিক উন্নয়ন সাধিত হচ্ছে।

এদেশের পুঁজিবাজারের উন্নয়নে অবদান রাখা বিভিন্ন প্রতিষ্ঠান হচ্ছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিঃ, চট্রগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিঃ, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ (সিডিবিএল), বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, স্টক ডিলার/ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার, অ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানি, সিকিউরিটি কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং এজেন্সী ইত্যাদি। ৩০ জুন ২০১৮ পর্যন্ত বাংলাদেশের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি ও সিকিউরিটিজের সংখ্যা ও মূলধন পরিশিষ্ট-১ এ প্রদর্শিত হল।

৫.১ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠা ও কার্যাবলী

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোন দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। এরূপ নিরপেক্ষ জবাবদিহিতামূলক একটি পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধীনে ৮ জুন, ১৯৯৩ তারিখে বিএসইসি প্রতিষ্ঠিত কমিশনে মূল উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন ।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত হয় যাঁরা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক সরকার কর্তৃক চার বছর মেয়াদের জন্য নিযুক্ত হয়ে থাকেন এবং তাঁদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হয়। সরকার তাঁদেরকে ৬৫ বছর বয়স অন্যতিক্রম সাপেক্ষে পুনঃনিয়োগ দিতে পারেন। কমিশনের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন;
- বিধি প্রণয়ন:
- বাজার তদারকি ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গভর্নেন্স এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ;
- পুঁজিবাজার ও বাজার মধ্যস্থতাকারীদের নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

বিএসইসি'র ১৬টি বিভাগের অধীন ১৬টি জন কর্মকর্তা ও কর্মচারী কমিশনের যাবতীয় দাপ্তরীক কার্যাবলী সম্পাদন করে থাকে। কমিশনের নির্বাহীদের তালিকা পরিশিষ্ট ২০ এ প্রদর্শিত হল।

৫.২ বিএসইসি'র উদ্যোগে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা" ২০১৭, রাজশাহী অনুষ্ঠিত



বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা ২০১৭, রাজশাহীর কর্মসূচীতে মঞ্চে উপবিষ্ট কমিশনের কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা।

কমিশন কর্তৃক আয়োজিত দেশের সকল বিভাগীয় শহরে বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের ধারাবাহিকতায় ২২ জুলাই ২০১৭ তারিখে রাজশাহীতে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা" ২০১৭ অনুষ্ঠিত হয়। উক্ত কনফারেন্স উদ্বোধন করেন বিএসইসি'র কমিশনার অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন নিজামী। উদ্বোধনী বক্তব্যে তিনি উল্লেখ করেন যে, দীর্ঘ মেয়াদে একটি স্থিতিশীল পুঁজিবাজার গঠন করতে কমিশন কাজ করে যাচ্ছে। তবে প্রতিযোগিতামূলক বাজারে যথাযথ অবকাঠামো বিদ্যমান থাকা এবং সচেতন বিনিয়োগকারীর সংখ্যা বৃদ্ধির বিকল্প নাই। পুঁজিবাজারে আইনি ও অবকাঠামোগত অনেক সংস্কার করা হয়েছে যার সুফল পেতে শুরু করছে বিনিয়োগকারীগণ। কমিশনের অপর কমিশনার ড. স্বপন কুমার বালা,এফসিএমএ তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, উদ্যোক্তাগণ পুঁজিবাজারকে ব্যবহার করে শিল্পায়ন করতে পারে। প্রাথমিক গণ-প্রস্তাবের মাধ্যমে শেয়ার বিক্রি করে শিল্পায়নের জন্য মূলধন সংগ্রহ করা যায়। এতে তাদের খরচ কম হয়। উক্ত অনুষ্ঠানে প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মাহবুবুল আলম এবং পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। প্যানেল আলোচকগণ এ বিষয়ে বিশদ ও প্রাণবন্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

৫.৩ বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ পালন

বিশ্বের সকল পুঁজিবাজার নিয়ন্ত্রণকারীর আন্তর্জাতিক সংস্থা IOSCO প্রথমবারের মত সপ্তাহব্যাপী (২-৮ অক্টোবর ২০১৭) বিশ্বব্যাপী সাধারণ বিনিয়োগকারীগণের জন্য "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ "ঘোষণা করে। এটি এমন একটি প্রচারাভিযান যা বিনিয়োগকারীদের সুরক্ষা ও শিক্ষা বিষয়ে সিকিউরিটিজ নিয়ন্ত্রকদের নেয়া বিভিন্ন উদ্যোগকে তুলে ধরার মাধ্যমে সচেতনতা সৃষ্টি করেছে। IOSCO সদস্যগণ বিনিয়োগকারী কেন্দ্রিক যোগাযোগ ও পরিসেবা চালু, এবং বিনিয়োগকারীদের শিক্ষা ও সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মশালা ও সম্মেলন আয়োজনের মাধ্যমে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" পালন করেছে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও কমিশনের উদ্যোগে ২ অক্টোবর, ২০১৭ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডার ও বিপুল সংখ্যক বিনিয়োগকারীর অংশগ্রহণে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" উদ্‌যাপিত হয়।



বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭-এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি

বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" এর অনুষ্ঠানসূচির উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ ইউনুসুর রহমান এবং পুঁজিবাজারের শিক্ষা কার্যক্রমের ব্র্যান্ড অ্যাম্বাসেডর বিশ্বসেরা ক্রিকেট অল রাউন্ডার জনাব সাকিব আল হাসান।

উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত বলেন, "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" উপলক্ষ্যে আয়োজকরা ঐতিহাসিক পদক্ষেপ নিয়েছেন। বিশেষ করে অনুষ্ঠানের নান্দনিকতা বৃদ্ধি করেছেন বাংলাদেশের উজ্জ্বল নক্ষত্র সাকিব আল হাসান। দেশব্যাপী চলমান বিনিয়োগ শিক্ষা কার্যক্রমে যুক্ত হয়ে সাকিব কাজটিকে আরও সহজ ও গতিময় করে দিয়েছেন। তিনি আরো বলেন, দুর্বল আইনি কাঠামোর কারণেই ১৯৯৬ ও ২০১০ সালে পুঁজিবাজারে অস্বাভাবিক উত্থান-পতন হয়েছে। সর্বশেষ ২০১০ সালে ধ্বসের পর চার বছর ধরে আইনি সংস্কার করা হয়েছে। যার ধারাবাহিকতায় ২০১৩ সালের দিকে পুঁজিবাজারের আইনি

কাঠামো একটা উন্নত পর্যায়ে এসেছে। এক্ষেত্রে তাড়াহুড়া না করে কয়েক বছরে আইনগত উন্নয়নের পাশাপাশি নীতিমালায় সংস্কার আনা হয়েছে। এখন পুঁজিবাজারের আইনি কাঠামো অনেক উন্নত। বর্তমানে পুঁজিবাজার স্থিতিশীল রয়েছে। নতুন নতুন পণ্য বাজারে যোগ হচ্ছে।

বিনিয়োগকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, বিনিয়োগের আগেই যথেষ্ঠ পড়াশোনা করে জেনে-বুঝে তারপর পুঁজিবাজারে আসবেন। সাবধানে অগ্রসর হলে আপনার সম্পদ আপনার কাছেই ফেরত আসবে। বিনিয়োগ সচেতনতা ও শিক্ষার দীর্ঘমেয়াদি সুফল পেতে পাঠ্যক্রমে পুঁজিবাজার সংক্রান্ত পাঠসূচী অন্তর্ভুক্ত করার বিষয়টি সরকার বিবেচনা করবে বলে উল্লেখ করেন তিনি।



বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ ইউনুসুর রহমান

অনুষ্ঠানের বিশেষ অতিথি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ ইউনুসুর রহমান বলেন, দেশের আর্থিক খাতের ৪টি নিয়ন্ত্রক সংস্থা- বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি রয়েছে। এর মধ্যে বাংলাদেশ ব্যাংকের আইন এবং বিধি-বিধান পূর্ণাঙ্গ ও পরিপূর্ণভাবে প্রয়োগ করা হচ্ছে। ২০১০ সালের পূর্বে পুঁজিবাজারে আইন কানুনের ঘাটতি থাকলেও গত কয়েক বছরে সংস্কারের ফলে অনেকাংশে পূর্ণতা লাভ করেছে। এছাড়াও, তিনি পুঁজিবাজারে নতুন প্রোডাক্ট নিয়ে আসার বিষয়ে গুরুত্বারোপ করেন। তবে সেক্ষেত্রে এসব প্রোডাক্টের ঝুঁকি ও নিরাপত্তা সম্পর্কে বিশদভাবে জ্ঞান অর্জনের পরামর্শ দেন। সর্বশেষে তিনি পুঁজিবাজার বিষয়ক শিক্ষাকে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার উপর গুরুত্ব আরোপ করেন।



বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন অনুষ্ঠানের সভাপতি বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন

অনুষ্ঠানের শুরুতে বিএসইসি'র চেয়ারম্যান এবং অনুষ্ঠানের সভাপতি ড. এম. খায়রুল হোসেন "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" এর উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথিসহ সকলকে স্বাগত জানিয়ে বলেন, পুঁজিবাজার নিয়ন্ত্রকদের বৈশ্বিক সংস্থা IOSCO এর আহ্বানে সাধারণ বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশসহ বিশ্বের ৮১টি দেশে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" পালিত হচ্ছে। বিশ্বব্যাপী যে সকল দেশে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" অনুষ্ঠিত হচ্ছে তাঁর মধ্যে বাংলাদেশ অগ্রণী ভূমিকা পালন করছে। এ অগ্রণী ভূমিকা পালনের পিছনে যিনি উৎসাহ ও অনুপ্রেরণা যুগিয়েছেন তিনি হলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি ২০১৭ সালের ৮ জানুয়ারি দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কর্মসূচির উদ্বোধন করেন। এরপর থেকে এ কর্মসূচিটি গতি পেয়েছে। এ প্রক্রিয়ায় বনিয়োগকারীর শিক্ষা ও সুরক্ষার কথা বলা হচ্ছে। একজন বিনিয়োগকারীকে সবচেয়ে বেশি সুরক্ষা দিতে পারে পুঁজিবাজার বিষয়ে তাঁর লব্ধ জ্ঞান। এজন্য বিনিয়োগকারীকে প্রথমেই পুঁজিবাজারের বিনিয়োগ বিষয়ক শিক্ষায় শিক্ষিত হতে হবে। বিএসইসি মনে করে, বিনিয়োগকারী সুরক্ষার জন্য প্রথমেই বিনিয়োগ শিক্ষা প্রচলন করতে হবে এবং বিএসইসি এ প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

দেশের পুঁজিবাজারে ২০১০-১১ সালের উত্থান-পতনের পরে বর্তমান কমিশন দায়িত্ব গ্রহণ করে। এর পরবর্তী বছরগুলোয় বাজার উন্নয়ন ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে অনেক আইনি ও কাঠামোগত সংস্কার করা হয়েছে। এতে পুঁজিবাজার বর্তমানে একটি শক্ত ভিত্তির উপর দাঁড়িয়েছে। এ কারণে দেশি ও বিদেশি বিনিয়োগকারীরা বাজারের প্রতি আগ্রহী হয়ে উঠেছেন। তিনি আরো বলেন, একটি শক্তিশালী পুঁজিবাজার উন্নত অর্থনীতির পূর্বশর্ত। ২০২১ সালের মধ্যে মধ্যম-আয়ের দেশে উন্নীত হওয়ার যে লক্ষ্যমাত্রা সরকার নির্ধারণ করেছে, তা অর্জনে পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। কারণ দীর্ঘমেয়াদি অর্থসংস্থানে পুঁজিবাজার ব্যাংক ঋণের তুলনায় ভালো উৎস। পুঁজিবাজার সম্পর্কে সচেতনতা তৈরির লক্ষ্যে বিভিন্ন দেশের পাঠ্যক্রমে বিনিয়োগ সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্ত রয়েছে উল্লেখ করে তিনি বলেন, শ্রীলঙ্কায় ৮ম শ্রেণির পাঠ্যবই এ বিনিয়োগ সম্পর্কে শিক্ষা দেয়া হয়, ভারতেও এ বছর থেকে পাঠ্যবই এ এটি অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় এ ধরনের বিষয় অন্তর্ভুক্ত নেই। তাই আগামীতে মাধ্যমিক পর্যায়ের পাঠ্যবই এ বিনিয়োগ শিক্ষা ও পুঁজিবাজার সংশ্লিষ্ট পাঠ অন্তর্ভুক্ত করতে তিনি সরকারের প্রতি অনুরোধ জানান।



বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ অনুষ্ঠানে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের ব্র্যান্ড অ্যাম্বাসেডর সাকিব আল হাসানকে ক্রেস্ট উপহার দিচ্ছেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি।

কমিশন চলমান দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কার্যক্রমে ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসাবে নিয়োগ করেছে বিশ্বসেরা অলরাউন্ডার ক্রিকেটার জনাব সাকিব আল হাসানকে। সংক্ষিপ্ত বক্তব্যে জনাব সাকিব এত বড় মঞ্চে তাঁকে নিয়ে আসার জন্য আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে, নিজের অভিজ্ঞতা তুলে ধরে বলেন, বিদেশে কাউন্টি খেলার পরে দেখতাম খেলোয়াড়েরা কী যেন লেখাপড়া করছেন। একজনের কাছে আমি জানতে চাইলাম, "কী পড়েন?" বললেন, "স্টক মার্কেট নিয়ে পড়ছি"। এর সঙ্গে তিনি যোগ করেন, পুঁজিবাজারের মাধ্যমে আপনার টাকা বা সম্পদ অর্থনীতিতে ভালো ভূমিকা রাখতে পারে, তবে সেই টাকা পুঁজিবাজারে বিনিয়োগের আগে জ্ঞানার্জনটাও জরুরী। কারণ, দিন শেষে ক্ষতিগ্রস্থ হলে আপনাদের বিনিয়োগই ক্ষতিগ্রস্থ হবে। তাই না জেনে, না বুঝে বিনিয়োগ করবেন না।



বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ অনুষ্ঠানে উপস্থিত সর্বস্তরের অংশগ্রহণকারীবৃন্দ।



বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ উদ্বোধনী অনুষ্ঠান শেষে পদযাত্রায় বর্ণাঢ্য র‍্যালি।

"বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" এর উদ্বোধন শেষে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালিটি বাংলাদেশ শিল্পকলা একাডেমি থেকে বের হয়ে জাতীয় প্রেসক্লাব হয়ে শিল্পকলা একাডেমিতে শেষ হয়। র‍্যালিতে বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারসহ সকল স্তরের কর্মচারী, স্টক এক্সচেঞ্জ, বাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের পাশাপাশি বিনিয়োগকারীরা অংশগ্রহণ করেন। একই দিন চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, বরিশাল ও বগুড়াসহ দেশের বিভিন্ন জেলায় আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়।

উদ্বোধন পরবর্তীকালে ৩, ৬ ও ৭ অক্টোবর ২০১৭ তারিখে বিনিয়োগকারী, পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ, বিশ্ববিদ্যালয় ও পেশাজীবী প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে সভা, সেমিনার এবং ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এছাড়াও, ৪ ও ৫ অক্টোবর ২০১৭ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে ২-দিনব্যাপী কনফারেন্স ও বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়।



বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ এর অংশ হিসাবে ৪ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত কনফারেন্সের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা ড. মশিউর রহমান।

৪ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত কনফারেন্সের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা ড. মশিউর রহমান। এরপর কনফারেন্সে বিনিয়োগ শিক্ষা ও বিনিয়োগকারীদের সুরক্ষা এবং বিনিয়োগ সংশ্লিষ্ট ঝুঁকি বিষয়ে ২টি মূল প্রবন্ধ উপস্থাপিত হয়। এর উপর প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়।



বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ এর অংশ হিসাবে ৫ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত কনফারেন্সের উদ্বোধন করেন মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি।

৫ অক্টোবর ২০১৭ কনফারেন্সের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি। এরপর কনফারেন্সে বিভিন্ন বিনিয়োগ পণ্য ও খাত এবং পুঁজিবাজার অর্থনীতি বিষয়ে ২টি মূল প্রবন্ধ উপস্থাপিত হয় এবং প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়।




৮ অক্টোবর ২০১৭ বিএসইসিতে অনুষ্ঠিত বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ এর সমাপনী অনুষ্ঠানে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মো. আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা।

"বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" উপলক্ষ্যে আয়োজিত ৭-দিনব্যাপী অনুষ্ঠানের শেষ দিনে ৮ অক্টোবর ২০১৭ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাল্টিপারপাস রুমে সমাপনী পর্ব অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মো. আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা, এফসিএমএ, কমিশনের পদস্থ কর্মকর্তাগণ এবং উভয় স্টক এক্সচেঞ্জের পর্ষদের সদস্যগণসহ বিভিন্ন স্টেকহোল্ডারগণ।

"বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" উদযাপন উপলক্ষ্যে ক্রোড়পত্র প্রকাশ, বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ও টক-শো আয়োজনের মাধ্যমে সপ্তাহ জুড়ে যে কার্যক্রম চলে তার বেশিরভাগ অংশ জুড়েই রয়েছে বিনিয়োগকারীগণের স্বার্থ সংরক্ষণ ও সচেতনতার মাধ্যমে তাদের বিনিয়োগের সুরক্ষার বিষয়। এ সকল আয়োজনে বিভিন্ন সেমিনারে সকল বক্তাগণের মূল বক্তব্যই হচ্ছে বিনিয়োগ সম্পর্কিত জ্ঞান। "বিনিয়োগকারীর বিনিয়োগের মূল উদ্দেশ্যই হচ্ছে মুনাফা অর্জন, আর এই মুনাফা অজ্ঞতার অন্ধকারে থেকে যে সম্ভব নয়" -IOSCO এর এই বাণী তার সকল সদস্য নিয়ন্ত্রক সংস্থার মাধ্যমে বিনিয়োগকারীগণের নিকট পৌঁছে দিতেই এই উদ্যোগ।

৫.৪ ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ এ বিএসইসি'র নেতৃত্বে পুঁজিবাজার সেক্টরের অংশগ্রহণ

৬-৯ ডিসেম্বর ২০১৭ বঙ্গবন্ধু আন্তর্জাতিক কনফারেন্স সেন্টার, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ এ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নেতৃত্বে পুঁজিবাজার সেক্টর থেকে ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্রগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট অংশগ্রহণ করে। মেলায় প্রতিষ্ঠানগুলি তাদের আইসিটিভিত্তিক বিভিন্ন সেবা ও এর উন্নত কার্যকারিতা বিষয়ে প্রদর্শন ও উপস্থাপন করে।



বিএসইসি'র ওয়েবভিত্তিক ব্যবহার-বান্ধব সিকিউরিটিজ ল'জ, রুলস, নোটিফিকেশন, অর্ডার, ডাইরেক্টিভ ইত্যাদি ট্র্যাকিং ব্যবস্থা

ডিজিটালাইজেশন বা ইনফরমেশন এণ্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) ব্যবহারের মাধ্যমে পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে সরকারের ডিজিটাল বাংলাদেশ ধারণার বাস্তবায়নে সরকার ও মন্ত্রণালয়ের নির্দেশনা ও পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন নিজস্ব সংস্থায় এবং নিয়ন্ত্রক সংস্থা হিসাবে অধিনস্থ সকল প্রতিষ্ঠান যথা ঢাকা ষ্টক এক্সচেঞ্জ, চট্রগ্রাম ষ্টক এক্সচেঞ্জ ও সেন্ট্রাল ডিপজিটরি কর্তৃক প্রদত্ত প্রায় সকল সেবায় ডিজিটাল পদ্ধতি বাস্তবায়ন করে আসছে।

পুঁজিবাজার থেকে স্টার্ট-আপ কোম্পানির ভেঞ্চার ক্যাপিটাল সহায়তার লক্ষ্যে কমিশন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট) রুলস, ২০১৫ প্রণয়ন করেছে।

৫.৫ কমিশন কর্তৃক দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণ প্রদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৮ জানুয়ারি ২০১৭ তারিখে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের উদ্বোধন করেন। উক্ত কার্যক্রমের ধারাবাহিকতায় কমিশন দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। এর আওতায় ভারতের ন্যাশনাল ইনস্টিটিউট অব সিকিউরিটিজ মার্কেট (এনআইএসএম) থেকে আমন্ত্রিত এর প্রশিক্ষক জনাব সন্দীপ ঘোষ, জনাব জিতেন্দ্র কুমার এবং জনাব গিরাজ প্রসাদ গাগ এর উপস্থাপনায় বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ১৪০০ জন প্রশিক্ষককে প্রশিক্ষক প্রদান করা হয়।



প্রশিক্ষকদের জন্য আয়োজিত একটি প্রশিক্ষণ অনুষ্ঠানে অংশগ্রণকারী প্রশিক্ষকদের একাংশ।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় কমিশনের কর্মচারী, উভয় স্টক এক্সচেঞ্জ এবং তাদের নিয়ন্ত্রণাধীন ব্রোকার এবং ডিলারগণ, সিডিবিএল এবং তাদের অনুমোদিত প্রতিনিধিগণ, মার্চেন্ট ব্যাংকারসহ সংশ্লিষ্ট সকল প্রতিনিধি অংশগ্রহণ করেন।

৫.৬ উন্নয়ন মেলা ২০১৮ এ পুঁজিবাজারের অংশগ্রহণ

১১-১৩ জানুয়ারি ২০১৮ তারিখে দেশব্যাপী উন্নয়ন মেলা ২০১৮ অনুষ্ঠিত হয়। দেশের অর্থনৈতিক উন্নয়নে পুঁজিবাজারের গুরুত্বকে প্রান্তিক মানুষের কাছে পৌঁছে দিতে, "অর্থনৈতিক উন্নয়নে প্রযুক্তি" এই শ্লোগানকে প্রতিপাদ্য করে দ্বিতীয়বারের মতো সরকারের উন্নয়ন মেলায়, বিএসইসি'র উদ্যোগে দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ অংশগ্রহণ করে। ৮টি বিভাগীয় শহর এবং ৫টি জেলা শহরে মোট ১৩টি স্থানে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ অংশ গ্রহণ করে; যথা ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, খুলনা, ময়মনসিংহ, বরিশাল, নরসিংদী, কুমিল্লা, নোয়াখালী, গাজীপুর ও নারায়নগঞ্জ। সারাদেশে অনুষ্ঠিত উন্নয়ন মেলায় দেশের কৃষি, বিদ্যুৎ, মৎস্য, সমাজসেবা, চিকিৎসা, অবকাঠামো, তথ্য প্রযুক্তি, যোগাযোগ, প্রতিরক্ষা ও কর্মসংস্থানসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের পাশাপাশি পুঁজিবাজারের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ উন্নয়নের ইতিবাচক ধারা তুলে ধরে। পুঁজিবাজারের স্টলে মানুষের আগ্রহ ছিল উল্লেখযোগ্য যা আর্থিক খাতের প্রতি সরকারের সুদৃষ্টির প্রতিফলন।

৫.৭ বিএসইসি'র উদ্যোগে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা" ২০১৮, সিলেট অনুষ্ঠিত



বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স ও বিনিয়োগ শিক্ষা মেলা, সিলেট ২০১৮ উদ্বোধন করেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি।

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের আওতায় জানুয়ারি ২০, ২০১৮ তারিখে সিলেটে বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স ও বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৮ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি এবং সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। মাননীয় প্রধান অতিথি কনফারেন্সটির শুভ উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে কমিশনের কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মো: আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা এবং জনাব খোন্দকার কামালউজ্জামান, কমিশনের কর্মকর্তাবৃন্দ, স্টক এক্সচেঞ্জ এবং বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। কনফারেন্স ও মেলায় প্রায় ১৫০০ জন সাধারণ বিনিয়োগকারী অংশগ্রহণ করে।

৫.৮ বিএসইসিতে সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহের শেয়ার-অফলোড সংক্রান্ত দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

১২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর মাল্টিপারপাস হলে সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহের শেয়ার অফলোড সংক্রান্ত দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মো: ইউনুসুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত পর্বে সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান ড.এম খায়রুল হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, বাংলাদেশের আর্থিক খাতে ব্যাংক, পুঁজিবাজার নিয়ন্ত্রনকারী সংস্থা, বীমা ও মাইক্রোক্রেডিট নিজ নিজ অবস্থান থেকে দেশের উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। বিএসইসি ইতোমধ্যে তাদের আইনগত ভিত্তি উন্নত করেছে যার সুফল পাবেন বিনিয়োগকারীরা। তিনি আরও বলেন, বিগত ৭-৮ বছর ধরে সরকারি কোম্পানিসমূহকে তাদের শেয়ার পুঁজিবাজারে অফলোড করার জন্য বাংলাদেশ সরকার বেশকিছু উদ্যোগ গ্রহণ করেছে। বিভিন্ন সীমাবদ্ধতার কারণে এসকল উদ্যোগের খুব কমই বাস্তবে রূপ লাভ করেছে। তিনি আশা প্রকাশ করেন, আজকের এ কর্মশালার মাধ্যমে অংশগ্রহণকারীরা সংশিষ্ট বিষয়ে বিস্তারিত জ্ঞান লাভ করবেন, যা সরকারের এ সংক্রান্ত উদ্যোগ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহের শেয়ার-অফলোড সংক্রান্ত দিনব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত প্রধান অতিথি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মো: ইউনুসুর রহমান, কমিশনের চেয়ারম্যান ড.এম. খায়রুল হোসেন এবং কমিশনারবৃন্দ।

বিএসইসি'র চেয়ারম্যান তাঁর বক্তব্যে বলেন, সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহ তাদের শেয়ার পুঁজিবাজারে অফলোড করে দীর্ঘমেয়াদি মূলধন সংগ্রহ করতে পারে। এর মাধ্যমে কোম্পানিসমূহের অভ্যন্তরীণ ব্যবস্থাপনা উন্নত ও স্বচ্ছ হবে। বিনিয়োগকারী ও সরকারের কাছেও তাদের ভাবমূর্তি উজ্জ্বল হবে। এ ধরনের উদ্যোগের মাধ্যমে তাদের উপর জনগণের আস্থা বৃদ্ধি পাবে, দেশী-বিদেশী বিনিয়োগকারীদের কাছ থেকে দীর্ঘমেয়াদি মূলধন প্রাপ্তির নিশ্চয়তা বাড়বে এবং কোম্পানিসমূহ ১০% পর্যন্ত আয়কর সুবিধাও পেতে পারে। সর্বোপরি এ ধরনের উদ্যোগের মাধ্যমে সরকারি কোম্পানিতে বৃহত্তর জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত হবে এবং পুঁজিবাজারে ভালো সিকিউরিটিজ এর অভাব পূরণ হবে।

কর্মশালা উদ্বোধনের পর নিম্নোক্ত তিনটি টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত হয়ঃ

- সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে পুঁজি উত্তোলনের উপর উপস্থাপনা ।
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ এর উপর উপস্থাপনা ।
- সরকারি মালিকাধীন কোম্পানি কর্তৃক পুঁজিবাজার হতে অর্থ উত্তোলনের পদ্ধতি, সাফল্য ও সম্ভাবনা এর উপর উপস্থাপনা ।

উপরোক্ত টেকনিক্যাল সেশনের উপর প্যানেল আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয় । সর্বশেষে কমিশনের কমিশনার ড. স্বপন কুমার বালা অংশগ্রহণকারীদের ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন ।

৫.৯ বিএসইসি'র উদ্যোগে "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা" ২০১৮, বরিশাল অনুষ্ঠিত

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের আওতায় মার্চ ৩, ২০১৮ তারিখে বরিশালে বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স, ২০১৮ অনুষ্ঠিত হয় । উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় শিল্পমন্ত্রী আলহাজ্ব আমির হোসেন আমু, এমপি এবং সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন । মাননীয় প্রধান অতিথি কনফারেন্সটির শুভ উদ্বোধন করেন । উক্ত অনুষ্ঠানে কমিশনের কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা এবং জনাব খোন্দকার কামালউজ্জামান, কমিশনের কর্মকর্তাবৃন্দ, স্টক এক্সচেঞ্জ এবং বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন । কনফারেন্স ও মেলায় প্রায় ৯০০ জন সাধারণ বিনিয়োগকারী অংশগ্রহণ করে ।



বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স ও বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৮ বরিশাল উদ্বোধন করেন মাননীয় শিল্পমন্ত্রী আলহাজ্ব আমির হোসেন আমু,এমপি ।

৫.১০ বিএসইসি কর্তৃক ৮ মার্চ ২০১৮ বিশ্ব নারী দিবস উদ্‌যাপন

৮ মার্চ ২০১৮ বিশ্ব নারী দিবসে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অত্র সংস্থার সকল নারী কর্মচারী তথা বিশ্বের সকল নারীকে সম্মান জানানোর জন্য কমিশনের হল রুমে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে । কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে কমিশনের সকল কমিশনার, সকল নারী কর্মচারী এবং সর্বস্তরের কর্মচারীগণ উপস্থিত ছিলেন । কমিশন কর্তৃক সকল নারী কর্মচারীকে বিশ্ব নারী দিবস উপলক্ষ্যে ফুলের তোরা দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে এবং সুভেনিয়র উপহার প্রদান করা হয় ।





৮ মার্চ ২০১৮ বিশ্ব নারী দিবসে কমিশনের সকল নারী কর্মচারীকে সুভেনিয়র উপহার দেন কমিশনের চেয়ারম্যান ড. এম.খায়রুল হোসেন।

কমিশনের চেয়ারম্যান ড. এম.খায়রুল হোসেন তাঁর বক্তব্যে বিশ্ব নারী দিবসের তাৎপর্য উল্লেখ করে কমিশনের সকল নারী কর্মচারীর কর্তব্যপরায়নতা, দায়িত্ববোধ এবং অবদানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং নারীদের আরও এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা জোগান। তিনি সকল পুরুষদেরও নারীদের প্রতি অধিকতর দায়িত্বশীল ও সচেতন হওয়ার আহবান জানান। অনুষ্ঠানে সকল কমিশনার, কয়েক জন নারী ও পুরুষ নারী দিবসের তাৎপর্য সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন।

৫.১১ বিএসইসি'র নতুন ওয়েবসাইট উদ্বোধন

২১ মার্চ ২০১৮ তারিখ বুধবার, বেলা ১২:৩০ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠানটির পুরাতন ওয়েবসাইটটিকে প্রতিস্থাপন করে দৃষ্টিনন্দন, ডাইনামিক এবং অধিকতর উন্নত তথ্য-উপস্থাপন ব্যবস্থা সমৃদ্ধ একটি নতুন ওয়েবসাইট উন্মোচন করেছে, যেখানে পুরাতন ওয়েবসাইটটির সকল তথ্যও ভিন্ন আঙ্গিকে বিদ্যমান রয়েছে। কমিশনের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন নতুন ওয়েবসাইটটির আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। উক্ত অনুষ্ঠানে কমিশনের সন্মানিত কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মো: আমজাদ হোসেন এবং ড. স্বপন কুমার বালা উপস্থিত ছিলেন। কমিশনের সকল কর্মচারী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



কমিশনের নতুন ওয়েবসাইট উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কমিশন এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন।

কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন উদ্বোধনী অনুষ্ঠানে তাঁর বক্তব্যে উল্লেখ করেন, কোন প্রতিষ্ঠানের ওয়েবসাইট প্রতিষ্ঠানটির ভাবমূর্তি উজ্জ্বল করতে এবং তথ্য প্রকাশের ক্ষেত্রে এক অনন্য মাধ্যম হিসাবে কাজ করে থাকে। কমিশনের নতুন ওয়েবসাইটটি পুরাতন ওয়বসাইটটির সীমাবদ্ধতাগুলো দূরীভূত করে নতুনভাবে ডাইনামিক পদ্ধতিতে অধিকতর ব্যবহার উপযোগী তথ্য উপস্থাপনে কার্যকর ভূমিকা রাখবে। ওয়েবসাইটটির প্রস্তুতিতে অনেক পরিশ্রম করতে হয়েছে এবং অনেক সময় লেগেছে। তবে ওয়েবসাইটটি সমৃদ্ধ হওয়ায় তিনি সন্তুষ্টি প্রকাশ করেন এবং সংশিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

৫.১২ স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ২২ মার্চ ২০১৮ তারিখে বাংলাদেশের স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপনের অংশ হিসাবে কমিশনের মাল্টিপারপাস হলে আলোচনা সভার আয়োজন করে। কমিশনের চেয়াম্যান ড. এম. খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় কমিশনের সকল কমিশনার, নির্বাহী পরিচালক, পরিচালক, উপ-পরিচালক ও সহ: পরিচালকসহ সকল কর্মচারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনারবৃন্দ এবং নির্বাহী পরিচালক ফরহাদ আহমেদ। নির্বাহী পরিচালক ড. এটিএম তারিকুজ্জামান মূল প্রবন্ধ উপস্থাপন করেন। বাংলাদেশের স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণে ঐতিহাসিক সাফল্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন করা হয়। সাফল্য উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত শোভাযাত্রায় কমিশনের পক্ষ থেকে কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

৫.১৩ পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের CAMLCO সম্মেলন, ২০১৮ অনুষ্ঠিত

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের যৌথ উদ্যোগে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) সম্মেলন-২০১৮, ৩১ মার্চ, ২০১৮ তারিখে রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন, ঢাকাতে অনুষ্ঠিত হয়। পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত এ সম্মেলনের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ও বিএফআইইউ-এর প্রধান জনাব আবু হেনা মোহাঃ রাজী হাসান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর কমিশনার জনাব মোঃ আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা।



৩১ মার্চ ২০১৮ তারিখে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের CAMLCO সম্মেলন, ২০১৮ অনুষ্ঠিত হয় ঢাকার রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন হোটেলে।

অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণে প্রধান অতিথি বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বলেন, দেশের উন্নয়নের মূল ধারায় পুঁজিবাজারের ভূমিকা অনস্বীকার্য। তিনি বলেন, মানিলন্ডারিং প্রতিরোধ আইন পুঁজিবাজারের জন্য কোন অন্তরায় নয়। পুঁজিবাজার যদি সন্ত্রাসী কর্মকান্ড বা সন্ত্রাসে অর্থায়ন বা অপরাধলব্ধ অর্থ বৈধ করার প্লাটফর্ম হিসেবে ব্যবহৃত হয় তবে বিশ্বের কোন দেশ সাহায্যের হাত নিয়ে এগিয়ে আসবে না। পুঁজিবাজারে ঝুঁকি ও আয় বেশী থাকায় ক্যাপিটাল মার্কেট ব্যবহার করে ইনসাইডার ট্রেডিং ও মার্কেট ম্যানুপুলেশন এর মাধ্যমে কালো টাকা সাদা করে তা যেন অন্য খাতে ব্যবহৃত হতে না পারে সেজন্য তিনি CAMLCO দের সচেতন থাকার পরামর্শ দেন।

ঈসম্মেলনে বিশেষ অতিথি হেড অব বিএফআইইউ জনাব আবু হেনা মোহাঃ রাজী হাসান বলেন, বিএসইসি IOSCO এর 'এ' ক্যাটাগরী সদস্য, তাই আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী এ পুঁজিবাজারের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন বিষয়ক বিধি-বিধান মেনে চলার আবশ্যকতা রয়েছে। কমিশনার ড. স্বপন কুমার বালা তাঁর বক্তব্যে বলেন, প্রতিষ্ঠান যদি তার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের তিনটি উদ্দেশ্যে, যথাঃ পরিচালনা, রিপোর্টিং এবং পরিপালন, এবং সেগুলো যথাযথভাবে অর্জনের জন্য উক্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের পাঁচটি উপাদান, যথাঃ নিয়ন্ত্রণ পরিবেশ, ঝুঁকি ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ কার্যাদি, তথ্য ও যোগাযোগ এবং তদারকি কার্যক্রম, কার্যকরীভাবে ব্যবহার করে, তবে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিধানাবলীর পরিপালনসহ অন্য সকল রেগুলেটরী কমপ্লায়েন্স নিশ্চিত করা সম্ভব। অপর কমিশনার জনাব মোঃ আমজাদ হোসেন বিভিন্ন ধরণের প্রফেশনাল কোর্স/প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের CAMLCO দের জ্ঞান আরও শাণিত করার বিষয়ে পরামর্শ দেন।

দিনব্যাপী সম্মেলনে তিনটি প্যানেল আলোচনার সেশন এবং একটি ফিডব্যাক ও কর্ম পরিকল্পনা সেশন অনুষ্ঠিত হয়।

৫.১৪ Bangladesh Long Term Finance Conference, ২০১৮ অনুষ্ঠিত

রাজধানীর প্যান প্যাসেফিক সোনারগাঁও হোটেলে অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং বিশ্ব ব্যাংকের উদ্যোগে Bangladesh Long Term Finance Conference, ২০১৮ অনুষ্ঠিত হয়। কনফারেন্সে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এমপি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গর্ভনর জনাব মোঃ ফজলে কবির, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোশাররফ হোসেন, অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ ইউনুসুর রহমান, বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মি. চিমিয়াও ফান। মন্ত্রণালয়ের উর্ধবতন কর্মকর্তাগণ, বিএসইসির কর্মকর্তা/ কর্মচারী এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট স্টেক-হোল্ডারগণ উক্ত কনফারেন্সে অংশগ্রহণ করেন। বাংলাদেশে কার্যকর দীর্ঘমেয়াদী অর্থায়ন ব্যবস্থার ধারণা প্রদান ও এর উন্নয়ন কল্পে কনফারেন্সটি আয়োজন করা হয়।



Bangladesh Long Term Finance Conference, ২০১৮ কনফারেন্সে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এমপি, বিশেষ অতিথি হিসাবে বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব মোঃ ফজলে কবির, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোশাররফ হোসেন, অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ ইউনুসুর রহমান, বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মি. চিমিয়াও ফান এবং বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন।

দীর্ঘমেয়াদি অর্থসংস্থানে পুঁজিবাজারের গুরুত্ব তুলে ধরে অর্থমন্ত্রী বলেন, আমাদের এখানে দীর্ঘমেয়াদি অর্থায়নের প্রধান উৎস হিসাবে বাণিজ্যিক ব্যাংক কে মনে করা হয়। কিন্তু এটি তাদের কাজ নয়, কারণ স্বল্প মেয়াদে ডিপজিট নিয়ে দীর্ঘমেয়াদে ঋণ দেয়া কঠিন। বর্তমানে ব্যাংকিং খাতে খেলাপি ঋণের সংস্কৃতি বেড়ে গেছে। তাই পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদে অর্থায়নের উৎস হিসাবে ব্যবহার করতে হবে।

উক্ত সভায়, বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন স্বাগত বক্তব্যে উল্লেখ্য করেন, আমাদের পুঁজিবাজারের মূল সমস্যা হচ্ছে এটি এখনো ক্ষুদ্র বিনিয়োগকারী নির্ভর বাজার। তাঁরা এখনো গুজবের ভিত্তিতে বিনিয়োগ করে লোকসানের মুখে পড়ে। দীর্ঘমেয়াদি অর্থায়নে পুঁজিবাজারের গুরুত্ব তুলে ধরে বিএসইসির চেয়ারম্যান বলেন, বাংলাদেশে পুঁজিবাজারের অবদান জিডিপিতে মাত্র ২০ শতাংশের কাছাকাছি। বিশ্বের অন্যান্য দেশে এটি অনেক বেশি। দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসাবে এক্ষেত্রে পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ও বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মাননীয় অর্থমন্ত্রীর বক্তব্যের সাথে এক মত প্রকাশ করেন। তিনটি সেশনে অন্যান্য দেশে দীর্ঘমেয়াদি অর্থায়ন ব্যবস্থা, আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার দীর্ঘমেয়াদি অর্থায়ন প্যাকেজ, দীর্ঘমেয়াদি অর্থায়নের বাজার সম্প্রসারণ, প্রাতিষ্ঠানিক বিনিয়োগ উৎসাহিতকরণ, কর্পোরেট বন্ড, ইনফ্রাস্টাকচার বন্ড, পেনশন ফান্ড ও হাউজিং বন্ড ইত্যাদি নিয়ে মোট চারটি মূল প্রবন্ধ উপস্থাপন করা হয়। এরপর বিশেষজ্ঞ প্যানেলে আলোচনা অনুষ্ঠিত হয়।

৫.১৫ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই)

ডিএসই বাংলাদেশের পুঁজিবাজারে প্রাচীনতম প্রতিষ্ঠান। ২৮ এপ্রিল ১৯৫৪ সালে উক্ত স্টক এক্সচেঞ্জ প্রতিষ্ঠিত হলেও কার্যক্রম শুরু হয় ১৯৫৬ সালে। ২১ নভেম্বর ২০১৩ তারিখে ডিএসইতে ডিমিউচ্যুয়ালাইজেশন কার্যকর হয়। ১২ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ ডিএসই'র কার্যক্রম পরিচালনা করেন যার মধ্যে ৭ জন স্বতন্ত্র পরিচালক, ৪ জন শেয়ার হোল্ডার পরিচালক যারা এক্সচেঞ্জ শেয়ারহোল্ডারদের মধ্য হতে নির্বাচিত হন এবং ১ জন ব্যবস্থাপনা পরিচালক। মে ১৪, ২০১৮ তারিখে কৌশলগত বিনিয়োগকারী হিসাবে চীনের সাংহাই স্টক এক্সচেঞ্জ এবং শেনজেন স্টক এক্সচেঞ্জ এর কনসোর্টিয়ামের এর সাথে ডিএসই'র চুক্তি স্বাক্ষরিত হয়। বর্তমানে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর মোট শেয়ারহোল্ডার সংখ্যা ২৫০, যাদের মধ্যে ২৪১টি ট্রেকহোল্ডার কমিশন হতে সিকিউরিটিজ লেনদেনের জন্য নিবন্ধন সনদপ্রাপ্ত। বর্তমানে ডিএসই তার অনলাইন ট্রেডিং কার্যক্রম দেশের বিভাগীয় শহরসহ বেশ কিছু জেলা শহরে যেমন গাজীপুর, নারায়নগঞ্জ, কুমিল্লা, ফেনী, হবিগঞ্জ, মৌলভীবাজার, ময়মনসিংহ, সাভার, চট্টগ্রাম, খুলনা, সিলেট, কুষ্টিয়া, বরিশাল, রাজশাহী, বগুড়াসহ অন্যান্য জেলায় বিস্তৃত করেছে ।

৩০ শে জুন ২০১৮ তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর তালিকাভুক্ত সিকিউরিটির সংখ্যা ৫৭২ টি, যার বিপরীতে ইস্যুকৃত মূলধন এর পরিমাণ ১২১,৯৬৬.৫১ কোটি টাকা এবং বাজার মূলধন এর পরিমাণ ৩৮৪,৭৩৪.৭৮ কোটি টাকা (পরিশিষ্ট-১ ও ২)।

৫.১৬ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই)

বাংলাদেশের পুঁজিবাজারের দ্বিতীয় স্টক এক্সচেঞ্জ হিসেবে ১৯৯৫ সালে সিএসই প্রতিষ্ঠিত হয়। ২১ নভেম্বর ২০১৩ তারিখে সিএসইতে ডিমিউচ্যুয়ালাইজেশন কার্যকর হয়। ১২ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ সিএসই'র কার্যক্রম পরিচালনা করেন যার মধ্যে ৭ জন স্বতন্ত্র পরিচালক, ৪ জন পরিচালক সিএসই শেয়ার হোল্ডারদের মধ্য হতে নির্বাচিত হন এবং একজন ব্যবস্থাপনা পরিচালক। বর্তমানে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের মোট ট্রেক হোল্ডার সংখ্যা ১৪৮। বর্তমানে সিএসই তার অনলাইন ট্রেডিং কার্যক্রম দেশের বিভিন্ন বিভাগীয় শহরসহ বেশ কিছু জেলা শহরে বিস্তৃত করেছে; যেমন চট্টগ্রাম, ঢাকা, নারায়নগঞ্জ, ফেনী, নোয়াখালী, সিলেট, কক্সবাজার সহ অন্যান্য কিছু জেলায়। এছাড়া, সিএসই ইন্টারনেট ট্রেডিং সিস্টেম চালু করেছে, যার মাধ্যমে বিনিয়োগকারীগণ যে কোন স্থান থেকে উক্ত ইন্টারনেট ট্রেডিং সিস্টেমের মাধ্যমে সিএসই'তে সিকিউরিটিজ কেনা বেচা করতে পারেন।

৩০ শে জুন ২০১৮ তারিখে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজ এর সংখ্যা ৩১৪ টি, যার বিপরীতে ইস্যুকৃত মূলধন এর পরিমাণ ৬৫,৪০৫.৯১ কোটি টাকা এবং বাজার মূলধন এর পরিমাণ ৩১২,৩৫২.১৭ কোটি টাকা। (পরিশিষ্ট ১ ও ৩)

৫.১৭ সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)

সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়। সিডিবিএল পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজের ইলেক্ট্রনিক রেজিস্ট্রার এবং একই সাথে পুঁজিবাজারের লেনদেন স্বয়ংক্রিয় পদ্ধতিতে নিস্পত্তিকরণের কাজ করে থাকে।

বিগত বছরের অর্জিত সাফল্য ঃ

৩০ শে জুন ২০১৮ তারিখে সিডিবিএল এর সার্ভারে ২৭,৬৬,৩৮৩ জন বিনিয়োগকারীর মোট ২,২৬,৪৫৯ কোটি টাকার শেয়ার সংরক্ষিত ছিল।

২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ২০১৭-২০১৮ অর্থবছরে ১,৬২,২৭৭ টি পরিচালনযোগ্য বিও হিসাব হ্রাস পেয়েছে এবং ৩টি ডিপজিটরি অংশগ্রহণকারী, ৮ তালিকাভুক্ত কোম্পানি, ১৩ টি মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড সিডিবিএল এ অন্তর্ভুক্ত হয়েছে।

সিডিবিএল এর উল্লেখযোগ্য সংক্ষিপ্ত তথ্যাদি নিম্নরূপ ঃ

ক্রমিক নং	ডিপজিটরি উপাদানসমূহ	জুন, ১৮ তারিখে অবস্থান
১	সিডিএস-এ Set-up করা বিনিয়োগকারীর হিসাব সংখ্যা	৬৬,৭২,৯৩৭ টি
২	সিডিএস-এ সংরক্ষিত বিনিয়োগকারীর পরিচালনযোগ্য হিসাব সংখ্যা	২৭,৬৬,৩৮৩ টি
৩	বিনিয়োগকারীদের হিসাব যার মধ্যে শেয়ারের স্থিতি আছে তার সংখ্যা	১৩,০৩,৭৩০ টি
৪	বিনিয়োগকারীদের হিসাব যার মধ্যে শেয়ারের স্থিতি শূন্য তার সংখ্যা	১০,৩৮,৪২৯ টি
৫	বিনিয়োগকারীদের হিসাব যা কখনই ব্যবহার হয়নি তার সংখ্যা	৪,২৪,২২৪ টি
৬	ডিপজিটরি অংশগ্রহণকারীর সংখ্যা	৪০৭ টি
৭	সিডিএস-এ সিকিউরিটিজ এর সংখ্যা	৩৯০ টি
৮	সিডিএস- কর্তৃক নিস্পত্তিকৃত স্টক এক্সচেঞ্জের লেনদেন মূল্যের শতকরা হার	১০০%

৫.১৮ বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

বিআইসিএম সরকারি অর্থায়নে পরিচালিত পুঁজিবাজারের তাত্ত্বিক এবং প্রায়োগিক জ্ঞান প্রদান ও প্রসারের লক্ষ্যে প্রতিষ্ঠিত জাতীয় একটি প্রতিষ্ঠান। "প্রচেষ্টা, শিক্ষা এবং উৎকর্ষ" এ স্লোগান নিয়ে ইন্সটিটিউটটি ২০১০ সালে একাডেমিক কার্যক্রম শুরু করে। ইতোমধ্যে ইন্সটিটিউটটি বিজিআইসি টাওয়ার ৩৪, তোপখানা রোডে ২৩,৯৬৬ বর্গফুট স্পেসে আন্তর্জাতিক মানের শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানে সহায়ক ভৌত অবকাঠামো সম্পূর্ণ করেছে।

পুঁজিবাজার সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের জ্ঞান ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ইন্সটিটিউটটি পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (পিজিডিসিএম), সার্টিফিকেট কোর্স, ওয়ার্কশপ, সেমিনার ও বিনিয়োগকারীদের জন্য বিনা ফি-তে ইনভেস্টরস্ এডুকেশন প্রোগ্রাম নিয়মিত আয়োজন করছে। ইন্সটিটিউট স্বল্প ফি-তে পুঁজিবাজারের উপর ৩৬ ক্রেডিট বিশিষ্ট ০১ (এক) বছর মেয়াদি ফ্ল্যাগশীপ প্রোগ্রাম "পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (পিজিডিসিএম)" পরিচালনা করছে। বিআইসিএম পুঁজিবাজারের মধ্যস্থতাকারীগণের জন্য সিকিউরিটিজ লজ অব বাংলাদেশ, ইনভেস্টমেন্ট এ্যানালাইসিস অ্যান্ড সিকিউরিটিজ ভ্যালুয়েশন, ক্যাপিটাল রেইজিং অ্যান্ড ইনভেস্টমেন্ট ইন প্রাইমারি মার্কেট, ফিক্সড ইনকাম সিকিউরিটিজ, ফিন্যান্সিয়াল স্টেটমেন্ট এ্যানালাইসিস, সিকিউরিটিজ ভ্যালুয়েশন, টেকনিক্যাল এ্যানালাইসিস, এ্যাকাউন্টিং ফর ফিন্যান্সিয়াল ইনুস্ট্রমেন্টস্সহ বিভিন্ন বিষয়ের উপর সার্টিফিকেট কোর্স পরিচালনা করছে। ২০১৭-১৮ অর্থবছরে ইন্সটিটিউট কর্তৃক পরিচালিত শিক্ষা ও প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের তথ্য নিচে তুলে ধরা হলোঃ

শিক্ষা ও প্রশিক্ষণের ধরন	প্রোগ্রাম/ ব্যাচ সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা
বিনামূল্যে ইনভেস্টরস্ এডুকেশন প্রোগ্রাম	৪৮ টি	১৬৩৫ জন
সার্টিফিকেট ট্রেনিং প্রোগ্রাম	১৪ টি	২৯২ জন
পিজিডিসিএম	২ টি	৪৪ জন

পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি এবং সরকারের পলিসি নির্দেশনায় আগামী দিনগুলোতে ইন্সটিটিউট পুঁজিবাজার বিষয়ক শিক্ষা, গবেষণা ও সক্ষমতা বৃদ্ধিতে অধিকতর গুরুত্বপূর্ণ কর্মসূচি পরিচালনা করবে।

৫.১৯ ওভার-দি-কাউন্টার মার্কেট (Over the Counter Market-OTC)

স্টক এক্সচেঞ্জের মূল ট্রেডিং প্লাটফর্মের বাইরে ক্রেতা এবং বিক্রেতার পারস্পরিক সমঝোতার ভিত্তিতে কোন মধ্যস্থতাকারী ব্যতিরেকে OTC মার্কেটে অনুমোদিত অ-তালিকাভুক্ত কোম্পানিসমূহের শেয়ার কেনা-বেচা হয়ে থাকে। স্টক এক্সচেঞ্জ হতে তালিকাচ্যুত ও কমিশনের সম্মতিপ্রাপ্ত অ-তালিকাভুক্ত কোম্পানিসমূহের শেয়ার উক্ত মার্কেটে লেনদেন করা যায়। উভয় স্টক এক্সচেঞ্জ এর OTC মার্কেটে এরূপ শেয়ার লেনদেনের সুযোগ রয়েছে । Securities and Exchange Commission (Over-the-Counter) Rules, ২০০১ এর অধীনে ৬ সেপ্টেম্বর ২০০৯ তারিখ হতে ঢাকা স্টক এক্সচেঞ্জ ও ৪ জুলাই ২০০৪ ইং তারিখ হতে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ওটিসি মার্কেট চালু হয়। ডিএসই ও সিএসই এর ওটিসি মার্কেটে ৩০ জুন ২০১৮ তারিখে অনুমোদিত কোম্পানির তালিকা পরিশিষ্ট-৮ এ প্রদর্শিত হল।

৫.২০ তালিকাভুক্ত কোম্পানিসমূহের ক্যাটাগরাইজেশন

তালিকাভুক্ত কোম্পানিসমূহের মুনাফা প্রদান, বাণিজ্যিক কর্মকান্ড, এজিএম অনুষ্ঠান, সিকিউরিটিজ ডিম্যাটকরণ এবং পুঁঞ্জিভূত লোকসান পরিশোধিত মূলধনের চেয়ে বেশী হওয়া ইত্যাদি বিবেচনায় তালিকাভুক্ত কোম্পানিসমূহকে A, B, G, N এবং Z ক্যাটাগরিতে বিভক্ত করা হয়। এই ক্যাটাগরাইজেশন বিনিয়োগকারীদের সিকিউরিটিজ এর গুণাগুণ সম্পর্কে অবহিত হয়ে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।

২০১৭-২০১৮ অর্থবছরে তালিকাভুক্ত কোম্পানিসমূহের মধ্যে "A" ক্যাটাগরিভুক্ত কোম্পানির সংখ্যা ২০০৫-০৬ অর্থবছর এর তুলনায় বৃদ্ধি পেয়েছে । "B" ক্যাটাগরিভুক্ত কোম্পানির সংখ্যা ২০০৫-০৬ অর্থবছর এর তুলনায় কমেছে ও "Z" ক্যাটাগরি কোম্পানির সংখ্যাও ২০০৫-০৬ অর্থবছর এর তুলনায় কমেছে যা নিচের ছকে দেখানো হল:

ক্যাটাগরি	ক্যাটাগরি নিরূপণের ক্রাইটেরিয়া	কোম্পানির সংখ্যা (অর্থবছর ২০০৫-০৬)	কোম্পানির সংখ্যা (অর্থবছর ২০১৭-১৮)
"A"	নিয়মিত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়া, ১০% বা ততোধিক হারে লভ্যাংশ ঘোষণা ।	১৪০	২৭৫
"B"	নিয়মিত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান,	৩৬	১৯
"G"	১০% এর কম লভ্যাংশ ঘোষণা ।	১	০
"N"	যে সকল কোম্পানি এখনও বাণিজ্যিক কার্যক্রম শুরু করেনি।	-	৩
"Z"	স্টক এক্সচেঞ্জে সদ্য তালিকাভুক্ত কোম্পানিসমূহ তালিকাভুক্তির পর হতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান না হওয়া পর্যন্ত সময়কাল "এন" ক্যাটাগরিভুক্ত হয়।	৯২	৪৬

৫.২১ ইনভেস্টরস্ প্রোটেকশন ফান্ড (Investors Protection Fund)

স্টক এক্সচেঞ্জ (ইনভেস্টরস প্রোটেকশন ফান্ড) রেগুলেশনস, ২০১৪ অনুযায়ী ইনভেস্টরস প্রোটেকশন ফান্ড গঠিত হয় । এ রেগুলেশনস অনুযায়ী ইনভেস্টরস প্রোটেকশন ফান্ডের উদ্দেশ্য হলো ট্রেকহোল্ডাররা কোন দাবী পরিশোধে ব্যর্থ হলে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ করা ।

- Dhaka Stock Exchange Investors Protection Fund Regulations, ১৯৯৯ অনুযায়ী ঢাকা স্টক এক্সচেঞ্জে Investors Protection Fund এর ব্যবস্থা রয়েছে । ৩০ জুন ২০১৮ তারিখে ডিএসইতে Investors Protection Fund এর স্থিতির পরিমাণ ৯৬,১৬৮,৫৫৯.০০ টাকা ।
- Chittagong Stock Exchange Investors Protection Fund Regulations, ১৯৯৯ এর অধীন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে Investors Protection Fund এর ব্যবস্থা রয়েছে, ৩০ জুন ২০১৮ তারিখে সিএসইতে Investors Protection Fund এর স্থিতির পরিমাণ ১৫,২২৬,৩৩৩.০০ টাকা ।
- ২০১৭-২০১৮ অর্থবছরে ডিএসই ও সিএসইতে বিনিয়োগকারী কর্তৃক Investors Protection Fund এর বিপরীতে কোন ধরনের ক্ষতিপূরণ আদায়ের দাবী উপস্থাপিত হয়নি ।

৫.২২ রূপকল্প ২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জন পরিকল্পনার (২০১০-২০২১) বাস্তবায়ন অগ্রগতি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজার উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে কাজ করে যাচ্ছে । পুঁজিবাজারের সার্বিক উন্নয়নের উদ্দেশ্য পূরণের লক্ষ্যে নিয়ন্ত্রক সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন, পুঁজিবাজার সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন, কর্পোরেট সুশাসন ব্যবস্থার উন্নয়ন ও সিকিউরিটিজে বিনিয়োগকারীগণের সচেতনতা ও নিরাপত্তা নিশ্চিতকরণ, প্রয়োজনীয় আইনগত ও প্রশাসনিক সংস্কার সাধন, বিনিয়োগ ব্যবস্থার উন্নয়ন ইত্যাদি । রূপকল্প-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনে কমিশন কর্তৃক গৃহীত নিম্নোক্ত পদক্ষেপগুলো দেশের অর্থনৈতিক উন্নয়ন ও স্থিতিশীলতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করে আসছে ঃ

উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	মনিটরিং অগ্রগতি পরিমাপক সূচক
উদ্দেশ্য-১ঃ নিয়ন্ত্রক সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন ।	
লক্ষ্যমাত্রা-১ঃ বিএসইসি'র নিজস্ব অফিস ভবন নির্মাণ । বাস্তবায়ন মেয়াদঃ জানুয়ারি ২০১৪- ডিসেম্বর ২০১৬	বাস্তবায়িত
লক্ষ্যমাত্রা-২ঃ বিএসইসি'র জনবল বৃদ্ধির লক্ষ্যে নতুন সাংগঠনিক কাঠামো উপস্থাপন । বাস্তবায়ন মেয়াদঃ ডিসেম্বর ২০১৬	প্রক্রিয়াধীন
উদ্দেশ্য-২ঃ পুঁজিবাজার সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠা ।	
লক্ষ্যমাত্রা-১ঃ পুঁজিবাজারের জন্য স্পেশাল ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা । বাস্তবায়ন মেয়াদঃ ২০১২-২০১৫	বাস্তবায়িত
লক্ষ্যমাত্রা-২ঃ ক্লিয়ারিং কোম্পানি প্রতিষ্ঠার জন্য আইন কানুন প্রণয়ন । বাস্তবায়নের মেয়াদঃ ডিসেম্বর ২০১৬	বাস্তবায়িত
উদ্দেশ্য-৩ঃ সিকিউরিটিজে বিনিয়োগ ব্যবস্থার উন্নয়ন ।	
লক্ষ্যমাত্রা-১ঃ Startup ও নতুন কোম্পানির পুঁজি সরবরাহের জন্য Alternative Investment পদ্ধতি প্রবর্তন । বাস্তবায়নের মেয়াদকালঃ জুন ২০১৫	বাস্তবায়িত
লক্ষ্যমাত্রা-২ঃ ডেরিভেটিভ ব্যবস্থা চালুকরণ । বাস্তবায়নের মেয়াদকালঃ ডিসেম্বর ২০১৭	প্রক্রিয়াধীন

লক্ষ্যমাত্রা-৩ঃ ছোট পেইড-আপ কোম্পানির জন্য এক্সচেঞ্জে তালিকাভুক্তি ও লেনদেনের নিমিত্ত পৃথক প্লাটফর্ম প্রতিষ্ঠা । বাস্তবায়নের মেয়াদকালঃ মার্চ ২০১৬	প্রক্রিয়াধীন
লক্ষ্যমাত্রা-৪ঃ Exchange Traded Fund (ETF) চালুর জন্য রুলস তৈরী । বাস্তবায়নের মেয়াদকালঃ জুন, ২০১৬	বাস্তবায়িত
উদ্দেশ্য-৪ঃ সিকিউরিটিজে বিনিয়োগকারীগণের সচেতনতা ও নিরাপত্তা নিশ্চিতকরণ	
লক্ষ্যমাত্রা-১ঃ পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীগণকে প্রণোদনা স্কীমের মাধ্যমে সহায়তা প্রদান । বাস্তবায়নের মেয়াদঃ ২০১২-২০১৫	বাস্তবায়িত
লক্ষ্যমাত্রা-২ঃ সাধারণ বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ ।	চলমান
লক্ষ্যমাত্রা-৩ ঃ দেশব্যাপী Financial Literacy উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ।	চলমান

৫.২৩ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

ক্রঃ নঃ	প্রতিশ্রুতি	বাস্তবায়ন অগ্রগতি (সুনির্দিষ্ট ও বিস্তারিত)		বাস্তবায়নে কোন সমস্যা/ প্রতিবন্ধকতা (যদি থাকে)	মন্তব্য/ সুপারিশ
		বাস্তবায়িত	বাস্তবায়নাধীন		
১	পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তার জন্য ৯০০.০০ (নয়শত) কোটি টাকার তহবিল গঠন ।	৯০০.০০ (নয়শত) কোটি টাকার মধ্যে ৩০.০৬.২০১৮ইং তারিখ পর্যন্ত নীতিমালা পরিপালন করে যে সমস্ত প্রতিষ্ঠান আবেদন করেছে তাদের অনুকূলে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য ৮৭৯.৫৮ কোটি টাকা বন্টন হয়েছে, যা মূল তহবিলের ৯৭.৭৪% । ইতোমধ্যে ৭০৬.২৩ কোটি টাকা আদায় হয়েছে ।	৩০.০৬.২০১৮ইং তারিখ পর্যন্ত অবন্টিত অর্থের পরিমাণ ২০.৪২ কোটি টাকা, যা মোট তহবিলের ২.২৬% ।	নাই	

৫.২৪ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

ক্রঃ নং	নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি (সুনির্দিষ্ট ও বিস্তারিত)		বাস্তবায়নে কোন সমস্যা/ প্রতিবন্ধকতা আছে কি না	মন্তব্য/ সুপারিশ
	উন্নয়ন পরিকল্পনা	বাস্তবায়িত	চলমান		
১	আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিজস্ব ভবন নির্মাণ।	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ১০-তলা বিশিষ্ট নিজস্ব অফিস ভবন এর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।	বাস্তবায়িত		
২	পুঁজিবাজারের মামলাসমূহ দ্রুততম নিষ্পত্তির জন্য গঠিত স্পেশাল ট্রাইব্যুনালের বিচারিক কার্যক্রম শুরুকরণ।	মোট মামলাঃ ২২ নিষ্পত্তিকৃতঃ ০৬	অনিষ্পন্ন মামলা/		
৩	ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ট্রেড পরবর্তী ক্লিয়ারিং ফাংশনের জন্য একটি পৃথক ক্লিয়ারিং কোম্পানি প্রতিষ্ঠা।	বাংলাদেশ সিকউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট) বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়েছে।	স্থগিত মামলাঃ ১৬	নাই	
৪	স্টক এক্সচেঞ্জে Separate Small Cap Platform প্রতিষ্ঠা।	এ লক্ষ্যে Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor offer by small Capital Companies) Rules, ২০১৬ প্রণয়ন করা হয়েছে, যা ২৭.১০.২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।	কোম্পানি গঠন প্রক্রিয়াধীন আছে	নাই	
৫	Exchange Traded Fund (ETF) চালুকরণ।	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড) রুলস, ২০১৬ প্রণয়ন করা হয়েছে।	কোম্পানি গঠন প্রক্রিয়াধীন আছে	নাই	
৬	পুঁজিবাজারে ডেরিভেটিভ ব্যবস্থা চালু করার জন্য আইনি কাঠামো তৈরী।	ডেরিভেটিভ চালু করার জন্য একটি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে।	প্রক্রিয়াধীন	নাই	
৭	বিদেশি বিনিয়োগ আকৃষ্টকরণ।	Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules ২০১৫ প্রণয়ন করা হয়েছে, যার মাধ্যমে প্রাইভেট ইকুইটি এবং ভেঞ্চার ক্যাপিটাল ফান্ডে বিদেশি বিনিয়োগ আকৃষ্ট হবে। প্রাইভেট লিঃ কোম্পানির পরিশোধিত মূলধন ৪০ কোটি টাকা অতিক্রম করলে পাবলিক লিঃ কোম্পানিতে রূপান্তর এবং ৫০ কোটি টাকা অতিক্রম করলে পুঁজিবাজারে তালিকাভুক্তির বাধ্যবাধকতা রয়েছে, যা থেকে বিদেশি মালিকানাধীন এবং জয়েন্ট ভেঞ্চার কোম্পানিসমূহকে অব্যাহতি প্রদান করা হয়েছে।	বাস্তবায়িত বাস্তবায়িত		44

		স্টক এক্সচেঞ্জে Small Capital Platform প্রতিষ্ঠার নিমিত্ত Bangladesh Securities and Exchange Commission (Qualtfied Investor offer by Small Capital Companies) Rules, 2016 প্রণয়ন করা হয়েছে। এর ফলে বিদেশি বিনিয়োগ রয়েছে এরূপ ছোট ও মাঝারি কোম্পানিসমূহ পুঁজিবাজারে তালিকাভুক্ত হতে আগ্রহী হবে।			
৮	সকল সরকারি ক্রয়ের দরপত্র ই-টেন্ডারিং এর মাধ্যমে ২০১৬ সালের মধ্যে নিশ্চিত করা।	বিএসইসি ইজিপি তে অন্তর্ভুক্ত হয়েছে এবং ক্রয় বিজ্ঞপ্তি ই-টেন্ডারিং প্রক্রিয়ায় সম্পন্ন হচ্ছে।	বাস্তবায়িত		
৯	সর্বস্তরে ফিন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচি প্রণয়ন।	বিগত ৮ জানুয়ারি ২০১৭ইং তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। এলক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে। এতদসম্পর্কিত কার্যক্রম তদারকি করার লক্ষ্যে কমিশনে "ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ" নামে একটি পৃথক বিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে। ইতোমধ্যে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষার কার্যক্রম শুরু করা হয়েছে। এ পর্যন্ত ৪১ জন মূখ্য প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত মূখ্য প্রশিক্ষকগণ প্রায় ১৪০০ প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদান করেছেন। এই প্রশিক্ষকগণ দেশের বিভিন্ন প্রান্তে বিভিন্ন শ্রেণী পেশার বিনিয়োগকারীদের প্রশিক্ষণ প্রদান করছেন। উল্লেখ্য যে, ইতোমধ্যে বিভাগীয় শহর খুলনা, রাজশাহী, সিলেট ও বরিশালে বিনিয়োগ শিক্ষা মেলা ও কনফারেন্স সফলভাবে অনুষ্ঠিত হয়েছে।	কর্মসূচি চলমান আছে		

৫.২৫ Sustainable Development Goal (SDG) বাস্তবায়নে বিএসইসি'র কর্মকাণ্ড

ক্রঃ নঃ	এসডিজি	বাস্তবায়ন অগ্রগতি (সুনির্দিষ্ট ও বিস্তারিত)		বাস্তবায়নে কোন সমস্যা/ প্রতিবন্ধকতা আছে কি না	মন্তব্য/ সুপারিশ
		লক্ষ্যের বাস্তবায়ন	বাস্তবায়নাধীন		
১	সর্বস্তরে ফিন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচি প্রণয়ন।	কর্মসূচিটি বাস্তবায়নের লক্ষ্যে ১০(দশ) সদস্য বিশিষ্ট একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে। স্টিয়ারিং কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে কমিশন ১৫ সদস্য বিশিষ্ট একটি টেকনিক্যাল কমিটি গঠন করেছে। এছাড়াও, এ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ১০(দশ)টি সাব-কমিটি গঠন করা হয়েছে। এ সকল কমিটি ও উপ-কমিটিসমূহ এ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। দেশব্যাপী বিনিয়োগ শিক্ষার উন্নয়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ০৮ জানুয়ারি ২০১৭ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি প্রেগ্রাম এর ওয়েবসাইট উন্মুক্তকরণের মাধ্যমে দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচি উদ্বোধন করেন। দেশে বিনিয়োগ শিক্ষার উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে এবং কমিশনে ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে।	বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট প্রতিষ্ঠার লক্ষ্যে ভবন ভাড়া নেয়া হয়েছে। এছাড়া দেশব্যাপী জেলা পর্যায়ে সেমিনার ও মেলার কার্যক্রম চলমান রয়েছে।		
২	স্টক এক্সচেঞ্জ সমূহে Small Cap Platform স্থাপন ও পরিচালনা	Small Cap Platform স্থাপন ও পরিচালনার নিমিত্তে একটি কমিটি গঠিত হয়। উক্ত কমিটি প্রয়োজনীয় কার্যাদি সম্পাদনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (Qualified Investor Offer by Small Capital Companies), Rules ২০১৬" প্রণয়ন করা হয়েছে, যা ২৭ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।	Small Cap Platform বাস্তবায়নের নিমিত্তে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।		

৫.২৬ পর্যায়ক্রমে ২০০৯-১০ হতে ২০১৭-১৮ অর্থবছরে বাজেট বক্তৃতায় ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহের বাস্তবায়ন

বাজেট ঘোষিত কার্যক্রম/পরিকল্পনা/অগ্রগতি					সর্বশেষ অগ্রগতি
(২০০৯-২০১৪)		২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন					
১.	(২০০৯-১০) পুঁজিবাজার শক্তিশালীকরণ (৪৮)*** (২০১১-১২) পুঁজিবাজার সংস্কার (২৮৪)		পুঁজিবাজার সংস্কার কার্যক্রম অব্যাহত রাখা। (৪১)		**সাধারণ সংস্কারসমূহ** ■ তালিকাভুক্ত কোম্পানিসমূহের আংশিক বা সম্পূর্ণ রুপান্তর যোগ্য debt/equity securities ইস্যুর ক্ষেত্রে পরিচালক ও ৫% বা তার বেশী securities ধারকদের ক্ষেত্রে ৩ বছরের এবং অন্যান্য securities ধারকদের ক্ষেত্রে ১ বছরের জন্য lock-in আরোপ করে জুলাই ৯, ২০০৯ তারিখে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ■ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ২৭ সেপ্টেম্বর ২০০৯ তারিখে তালিকাভুক্ত কোম্পানিসমূহকে ত্রৈমাসিক আর্থিক বিবরণী প্রস্তুত করার নির্দেশনা জারি করে যা বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে বিনিয়োগকারীদের জন্য সহায়ক হয়েছে। এছাড়া তালিকাভুক্ত কোম্পানিসমূহ পূর্বের ন্যায় ষান্মাসিক এবং বার্ষিক আর্থিক বিবরণীও প্রস্তুত করছে। ■ বাজারে অধিকতর স্বচ্ছতার জন্য কোন কোম্পানির যে বোর্ড সভায় মূল্য সংবেদনশীল সিদ্ধান্ত নেয়া হবে সেই সভা স্টক এক্সচেঞ্জে শেয়ার লেনদেন শেষে অথবা ছুটির দিনে অনুষ্ঠিত হতে হবে এ মর্মে সেপ্টেম্বর ২৭, ২০০৯ তারিখে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। পুঁজিবাজারে লেনদেনের সময় Insider ও অন্যান্য বিনিয়োগকারী কর্তৃক গুজব ছড়িয়ে শেয়ার মূল্য প্রভাবিত করার সুযোগ বন্ধ করতে এ প্রজ্ঞাপন সহায়ক হয়েছে। ■ বিএসইসি কর্তৃক অক্টোবর ০১, ২০০৯ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী সকল পাবলিক অফারের রিফান্ডের টাকা বিনিয়োগকারীদের ব্যাংক একাউন্টে প্রদানের জন্য বিধান করা হয়েছে। ■ বিএসইসি কর্তৃক অক্টোবর ০৫, ২০০৯ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী, ● কোন ইস্যুয়ার এর পরিচালনা পর্ষদ কর্তৃক Corporate Entitlement বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হওয়ার ১৫ কার্য দিবসের মধ্যে রেকর্ড ডেট অথবা বুক ক্লোজার শুরু হওয়ার তারিখ নির্ধারণ করার ব্যবস্থা ব্যস্তবায়িত হয়েছে; ● রেকর্ড ডেট অথবা বুক ক্লোজার শেষ হওয়ার ৪৫ কার্য দিবসের মধ্যে বার্ষিক সাধারণ সভা করতে হব ইস্যুয়ারের জন্য বাধ্যবাদকতা আরোপিত হয়েছে;

					■ মেয়াদী মিউচ্যুয়াল ফান্ডের সর্বমোট মেয়াদ ১০ (দশ) বছরের বেশি হবে না মর্মে জানুয়ারি ২৪, ২০১০ তারিখে বিএসইসি আদেশ জারি করেছে। ■ বিএসইসি কর্তৃক নভেম্বর ১৪, ২০১০ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী, • কোম্পানিসমূহের আইপিও এর ক্ষেত্রে ন্যূনতম পরিশোধিত মূলধন হবে ৩০.০০ (ত্রিশ) কোটি টাকা; • আইপিও এর ন্যূনতম পরিমাণ হবে ১২ (বার) কোটি টাকা কিন্তু পরিশোধিত মূলধনের ১০%, এর কম নয়; • মার্কেট লট হবে অভিহিত মূল্যে ১০০০.০০ টাকা বা এর গুণিতক। ■ পুঁজিবাজার সংশিষ্ট শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করার জন্য ০৯ ডিসেম্বর ২০১০ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) প্রতিষ্ঠা করা হয়েছে। ■ অক্টোবর ০১, ২০০৯ এবং জানুয়ারি ১৬, ২০১১ তারিখের নির্দেশবলে স্টক এক্সচেঞ্জের মূল মার্কেট থেকে দুর্বল কোম্পানিসমূহকে Over the Counter (OTC) মার্কেটে স্থানান্তর করা হয়েছে। ■ এপ্রিল ২০১১ সময়কালে সরকারি কোম্পানিসমূহের সম্পদ এবং দায় এর পুনঃমূল্যায়নের জন্য নীতিমালা প্রণয়ন। ■ বিএসইসি কর্তৃক ২৭ জুলাই ২০১১ তারিখে জারিকৃত আদেশ অনুযায়ী কোন ইস্যুয়ার কোম্পানি কোন নিরীক্ষা প্রতিষ্ঠানকে পর পর ৩ (তিন) বছরের বেশি নিরীক্ষক হিসাবে নিয়োগ করতে পারবে না। তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষা কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার জন্য যা সহায়ক হয়েছে। ■ বিএসইসি'র তদারকিতে স্টক এক্সচেঞ্জসমূহ জুলাই ২০১১-তে Corporate Finance বিভাগ প্রতিষ্ঠা করেছে, যা বিনিয়োগকারীর স্বার্থে সহায়ক ভূমিকা পালন করছে। ■ সেপ্টেম্বর ১৫, ২০১১ তারিখ এর আদেশের মাধ্যমে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সকল কোম্পানির শেয়ারের ও মিউচ্যুয়াল ফান্ডের অভিহিত মূল্য ১০.০০ (দশ) টাকায় রূপান্তর করা হয়েছে। ■ পাবলিক অফারের পূর্বে শেয়ারের প্রাইভেট পেসমেন্টের শর্তাবলী সম্পর্কিত প্রজ্ঞাপন অক্টোবর ০২, ২০১১ তারিখে জারি করা হয়েছে। এর ফলে কোন কোম্পানি ১০০ জনের বেশী ব্যক্তিকে পেসমেন্ট প্রদান করতে পারবে না। ■ ২৩ নভেম্বর ২০১১ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী মার্চেন্ট ব্যাংকার ও সাবসিডিয়ারীসমূহের তহবিল সর্বনিম্ন ৫১% প্যারেন্ট কোম্পানি থেকে এবং অবশিষ্ট অংশ অন্য যে কোন তহবিল থেকে সংগ্রহ করতে পারবে;

					■ ২৩ নভেম্বর ২০১১ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী বৈদেশিক প্রাতিষ্ঠানিক এবং অ-নিবাসী বাংলাদেশীদের পুঁজিবাজারে বিনিয়োগ থেকে অর্জিত লাভের উপর আরোপিত ১০% Capital Gain ট্যাক্স প্রত্যাহার করা হয়; ■ ২৩ নভেম্বর ২০১১ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী শেয়ার ব্যবসায় নিয়োজিত ব্যাংক এবং সাবসিডিয়ারি কোম্পানির অনুকূলে ব্যাংক প্রদত্ত মূলধন ঐ ব্যাংকের 'exposure to capital market' হিসেবে গণ্য না করা; ■ ২৩ নভেম্বর ২০১১ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী পুঁজিবাজারে ব্যাংক এর বিনিয়োগ উদ্ভুত কোন ক্ষতির জন্যে প্রভিশন সংরক্ষণের ক্ষেত্রে gain/loss net off করে provision সংরক্ষণ করা যাবে। উলেখ্য, পূর্বে শুধু net loss কে বিবেচনায় নেয়া হত; ■ শেয়ার ক্রয়-বিক্রয়কারী ব্রোকারেজ কমিশন হিসাবে লেনদেন মূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার .১০% থেকে হ্রাস করে .০৫% নির্ধারণ; ■ কোন তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা ও পরিচালকগণ সম্মিলিতভাবে কোম্পানির পরিশোধিত মুলধনের কমপক্ষে ৩০% শেয়ার ধারণ করিবেন এবং কোন পরিচালক পরিশোধিত মুলধনের কমপক্ষে ২% শেয়ার ধারণ করবেন এই মর্মে ডিসেম্বর ০৭, ২০১১ তারিখে নির্দেশনা জারি করা হয়েছে। ■ ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সরকার মার্চ ০৫, ২০১২ তারিখে একটি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে। ঘোষিত প্যাকেজে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য ২০১২ হতে ২০১৭ সালের জুন মাস পর্যন্ত ইস্যুকৃত সকল পাবলিক ইস্যুতে ২০% কোটা সংরক্ষণ, ২০১১/২০১১-১২ অর্থবছরে আরোপিত সুদের ৫০% মওকুফ, অবশিষ্ট সুদ একটি সুদবিহীন বক হিসাবে স্থানান্তরকরতঃ তিন বছরে ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধের সুযোগ প্রদানের ব্যবস্থা রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত "পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল" এর জন্য বরাদ্দকৃত ৯০০.০০ কোটি টাকার বিপরীতে এ পর্যন্ত ৭৪৩.১৭ কোটি টাকার ঋণের আবেদন পাওয়া গেছে এবং ৬৮৩.১৮ কোটি টাকা ঋণের অনুমোদন দেয়া হয়েছে। অনুমোদিত ঋণের ৬৪২.০৯ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৪১.০৯ কোটি টাকা বিতরণের অপেক্ষায় আছে। ■ কর্পোরেট গভর্নেন্স গাইড লাইনস যুগোপযোগী করে সংশোধন করত এর প্রজ্ঞাপন ০৭ আগস্ট ২০১২ তারিখে প্রকাশ করা হয়েছে, যা পরিপালন প্রত্যেক তালিকাভুক্ত কোম্পানির জন্য বাধ্যতামূলক। উলেখ্য, পূর্বে তালিকাভুক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে মোট পরিচালক সংখ্যার ১০% Independent Director রাখার বিধান ছিল, যা বর্তমানে ২০% এ উন্নীত করা হয়েছে। ইহা তালিকাভুক্ত কোম্পানিসমূহের পরিচালনায় অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করতে সহায়ক হয়েছে।

					■ বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের মধ্যে ২৩ সেপ্টেম্বর ২০১২ তারিখে MoU স্বাক্ষর; ■ Non-Discretionary Portfolio Management-এর ক্ষেত্রে ২৮/০২/২০১৩ তারিখের মধ্যে অমনিবাস হিসাব থেকে গ্রাহকের পৃথক বিও হিসাব-এ রূপান্তর এর নিমিত্ত ডিসেম্বর ৩০, ২০১২ তারিখে একটি নির্দেশনা জারি করা হয়েছে। ■ Bangladesh Capital Market Development Master Plan ২০১২-২০২২ প্রণয়ন করা হয়েছে। ■ শেয়ার বাজারে কারচুপি ও অনিয়ম দ্রুত চিহ্নিত করার মাধ্যমে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে এবং বাজার পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান প্রক্রিয়া জোরদার করার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আন্তর্জাতিক মানের সার্ভেইল্যান্স সফটওয়ার (Surveillance Software) স্থাপন করেছে। ■ সেপ্টেম্বর ০৯, ২০১৩ ইং তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পত্র সূত্র নং-৫৩.০০৩.০১৮.০০.০০. ০০৭-৫২৮, তারিখঃ ১৬/০৭/২০১৩ মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি গঠন করে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিএসইসি একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করেছে এবং এ লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করছে। ■ উভয় স্টক এক্সচেঞ্জ গত নভেম্বর ২১, ২০১৩ইং তারিখ হতে ডিমিউচ্যুয়ালাইজড হয়েছে। এর ফলে স্টক এক্সচেঞ্জের লেনদেনের অধিকার হতে উহার মালিকানা ও ব্যবস্থাপনা পৃথক হয়েছে। ইহা স্টক এক্সচেঞ্জ পরিচালনায় অধিকতর সুশাসন নিশ্চিত করতে সহায়ক ভূমিকা পালন করছে। ■ পুঁজিবাজার সংক্রান্ত মামলাসমূহ দ্রুততার সাথে নিস্পত্তির লক্ষ্যে Securities and Exchange Ordinance, 1969 Gi Section ২৫ই এর sub-section (l) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Special Tribunal গঠন করেছে যা জানুয়ারি ০৭, ২০১৪ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে। এ প্রেক্ষিতে সরকার একজন বিচারক (জেলা ও দায়রা জজ) নিয়োগ করেছেন। উক্ত ট্রাইব্যুনাল জুন ০১, ২০১৫ তারিখ থেকে বিচারিক কার্যক্রম শুরু করে। বিজ্ঞ স্পেশাল ট্রাইব্যুনাল কর্তৃক এ যাবৎ ৬ (ছয়)টি মামলা বিচারে নিস্পত্তি হয়েছে। ■ আইপিও'তে আবেদনকৃত কোম্পানির সম্পদ মূল্যায়নের নীতিমালা প্রসঙ্গে একটি নোটিফিকেশন আগস্ট ১৮, ২০১৩ তারিখে জারি করা হয়েছে যা জানুয়ারি ১১, ২০১৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ রাইটস ইস্যুর ক্ষেত্রে কর্পোরেট গভার্নেন্স গাইডলাইনস পরিপালন বাধ্যতামূলক করে নোটিফিকেশন জারি করা হয়েছে যা জানুয়ারি ১১, ২০১৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে।

					■ বিএসইসি ২৮ মে ২০১৪ তারিখে মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনা ফি সংক্রান্ত নির্দেশনা জারি করেছে। ■ ০১ অক্টোবর ২০১৪ তারিখে মার্কেট ইন্টারমিডিয়ারিজসমূহের ঝুঁকি ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে জরংশ Based Supervision Ges Risk Based Capital বিষয়ে চূড়ান্ত রির্পোট প্রণয়ন; ■ অডিটরদের প্যানেলভুক্তির লক্ষ্যে ১৪ অক্টোবর ২০১৪ তারিখে গাইডলাইনস্ প্রণয়ন; ■ কোন তালিকাভুক্ত কোম্পানির বার্ষিক সাধারণ সভা (এজিএম), উক্ত কোম্পানির রেজিস্টার্ড অফিস যে শহরে বা এলাকায় অবস্থিত সেখানে অনুষ্ঠিত হবে, এ মর্মে নভেম্বর ১৩, ২০১৪ তারিখে একটি নোটিফিকেশন জারি করা হয়েছে যা জানুয়ারি ১৩, ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ বিদেশী মালিকানাধীন কোম্পানি এবং বিদেশী বিনিয়োগসহ জয়েন্ট ভেঞ্চার কোম্পানিকে, পাবলিক লিমিটেড কোম্পানি এবং তালিকাভুক্ত কোম্পানি হওয়ার বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান সংক্রান্ত নির্দেশনা জুন ১১, ২০১৫ তারিখে জারি করা হয়েছে যা জুন ৩০, ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ জুলাই ০৮, ২০১৫ইং তারিখে মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ডে রূপান্তরের নীতিমালা সম্বলিত নির্দেশনা জারি করা হয়েছে। ■ পুঁজিবাজার সম্পর্কিত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিএসইসি'তে ১৭ নভেম্বর ২০১৫ তারিখে নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা; ■ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (সেবি) এর মধ্যে দ্বিপাক্ষিক ও কারিগরি সহযোগিতা প্রদানের লক্ষ্যে ২২ নভেম্বর ২০১৫ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত; ■ ডিসেম্বর ০৮, ২০১৫ তারিখে স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির বিপরীতে রক্ষিতব্য প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে। ■ ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস ইস্যুর নীতিমালা ২০ জুন ২০১৬ তারিখে জারি করা হয়েছে। ■ পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কোম্পানিকে মূলধন ইস্যুর নিমিত্ত বিএসইসির অনুমোদন, পাবলিক লিমিটেড কোম্পানি এবং তালিকাভুক্ত কোম্পানি হওয়ার বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান সংক্রান্ত আদেশ ও নির্দেশনা ২০ সেপ্টেম্বর ২০১৬ তারিখে জারি করা হয়েছে যা ২৪ নভেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ ফেব্রুয়ারী ১৯, ২০১৭ তারিখে মার্জিন রুলস, ১৯৯৯ এর রুল ৩(৫) এর কার্যকারিতা স্থগিতের মেয়াদ বৃদ্ধির আদেশ জারি করা হয়েছে।

আইন ও বিধিমালা প্রণয়ন/সংশোধন

- নভেম্বর ১৭, ২০০৯ তারিখে ক্রেডিট রেটিং কোম্পানিসমূহের জন্য Code of Conduct অন্তর্ভুক্ত করে Credit Rating Companies Rules, ১৯৯৬ সংশোধন করা হয়েছে যা ক্রেডিট রেটিং কোম্পানিসমূহ কর্তৃক অধিকতর সতর্কতার সাথে নির্ধারিত Code of Conduct অনুযায়ী রেটিং কার্যক্রম সম্পন্ন করতে সহায়ক হয়েছে।
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ সংশোধন করা হয়েছে যা এপ্রিল ২৬, ২০১০ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (উল্লখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০০২ সংশোধন করা হয়েছে যা সেপ্টেম্বর ২৩, ২০১০ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
- Securities and Exchange Commission (Over-the-Counter) Rules, ২০০১ সংশোধন করা হয়েছে যা মে ১০, ২০১০ এবং জুলাই ১৫, ২০১০ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
- Securities and Exchange Commission (Rights Issue) Rules, ২০০৬ এর সংশোধন করা হয়েছে যা নভেম্বর ২৪, ২০১১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এর ফলে কোন কোম্পানি কর্তৃক মিয়ামসহ রাইট শেয়ার ইস্যু করতে হলে একে বিগত তিন বছর বাণিজ্যিক কর্মকান্ড পরিচালনা এবং মুনাফা করতে হবে।
- Securities and Exchange Commission (Issue of Capital) Rules, ২০০১ সংশোধন করা হয়েছে যা জুলাই ০২, ২০০৯; জুলাই ১২, ২০০৯; সেপ্টেম্বর ২৯, ২০১১; ডিসেম্বর ১৪, ২০১১ ও এপ্রিল ০১, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ সংশোধন করা হয়েছে যা নভেম্বর ২৩, ২০১০; মার্চ ০৫, ২০১২ ও এপ্রিল ০১, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
- মার্চেন্ট ব্যাংকার এর ব্যবস্থাপনা পরিচালকের/সিইও'র নিয়োগ, বরখাস্ত, ক্ষমতা ইত্যাদি বিষয়াদি অন্তর্ভুক্ত করে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর সংশোধন করা হয়েছে যা জানুয়ারি ১১, ২০১২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এছাড়া মার্চেন্ট ব্যাংকার এর পরিশোধিত মূলধন ১০ কোটি টাকা হতে ২৫ কোটি টাকা পর্যন্ত বৃদ্ধি করে (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর সংশোধন করা হয়েছে যা এপ্রিল ১৬, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

					■ পুঁজিবাজারের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে অধিকতর ক্ষমতায়ন ও যুগোপযোগী করার উদ্দেশ্যে Securities and Exchange Ordinance, ১৯৬৯ এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন বাংলাদেশ গেজেটে ১০/১২/২০১২ইং তারিখে প্রকাশিত ও কার্যকরী হয়েছে। ■ Private placement debt issue c«wµqv mnRZi করার লক্ষ্যে Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, ২০১২ প্রণয়ন করা হয়েছে যা ৩০ জানুয়ারি ২০১৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ স্টক এক্সচেঞ্জসমূহের মালিকানা ও ব্যবস্থাপনা থেকে লেনদেনের অধিকার পৃথক করার লক্ষ্যে এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ প্রণয়ন করা হয়েছে যা ০২ মে ২০১৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত। ■ সেপ্টেম্বর ১৩, ২০০৯; অক্টোবর ১৩, ২০১১; জানুয়ারি ০৮, ২০১৩ এবং জুলাই ২৪, ২০১৩ তারিখে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ সংশোধন করা হয়েছে। এতে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ: ১. বিনিয়োগকারীগণ কর্তৃক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সহায়তার জন্য কোন মিউচ্যুয়াল ফান্ডের স্কীম প্রতি সপ্তাহে এর নীট সম্পদ মূল্য নির্ধারণ করবে; ২. ইউনিট মালিকগণের অনুমোদন সাপেক্ষে মেয়াদী স্কীমকে বে-মেয়াদী স্কীমে রূপান্তর করা যাবে; ৩. মিউচ্যুয়াল ফান্ডের (স্কীমের) কমপক্ষে ২৫% পাবলিক অফারের মাধ্যমে উত্তোলন করতে হয়ে; ৪. মিউচ্যুয়াল ফান্ডে (স্কীমে) প্রাইভেট পেসমেন্টের মাধ্যমে বিনিয়োগকারীদের বিনিয়োগের উপর (অ) মেয়াদী ফান্ডের ইউনিটের ক্ষেত্রে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির তারিখ হতে এবং (আ) বে-মেয়াদী ফান্ডের ক্ষেত্রে ফান্ড গঠনের তারিখ হতে উভয় ক্ষেত্রে ৬ (ছয়) মাস পর্যন্ত লক-ইন (Lock-in) ejer থাকবে; ৫. স্কীমের সর্বশেষ NAV (Net Asset Value) এর ভিত্তিতে নতুন ইউনিট ইস্যুর মাধ্যমে ফান্ডের মুনাফা বন্টন বা পুন: বিনিয়োগ করা যাবে। Investors, Academicians I Policy Maker-দের Access to information নিশ্চিত করার জন্য বিএসইসি কর্তৃক Equity Research Publications উন্মুক্ত করা হয়েছে। সে মোতাবেক Bangladesh Securities and Exchange Commission (Research Analysis) Rules, ২০১৩ প্রণয়ন করা হয়েছে যা আগস্ট ২২, ২০১৩ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

					■ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এলক্সচেঞ্জ কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৪ প্রণয়ন করা হয়েছে যা ফেব্রুয়ারি ১০, ২০১৪ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রাশিত হয়েছে। ■ তালিকাভুক্ত কোম্পানিসমূহে Special Audit এর নীতিমালা সংযোজন করে Securities and Exchange Rules, ১৯৮৭ সংশোধন করা হয়েছে যার প্রজ্ঞাপন ২২ মে ২০১৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে। এর ফলে বিএসইসি প্রয়োজন মনে করলে নিরীক্ষক নিয়োগ করে কোন তালিকাভুক্ত কোম্পানির হিসাব নিরীক্ষণ করতে পারে। ইহা তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষা কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করবে। উলেখ্য, Special Audit এর সমুদয় ব্যয় কমিশন বহন করবে। ■ Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, ২০১৫ প্রণয়ন করা হয়েছে যা ২২ জুন ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, ২০১২ সংশোধন করা হয়েছে যা ১৩ অক্টোবর ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ Dhaka Stock Exchange (Listing) Regulations, ২০১৫ প্রণয়ন; ■ Chittagong Stock Exchange (Listing) Regulations, ২০১৫ প্রণয়ন। ■ ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ সংশোধন করা হয়েছে যা ২৭ জুলাই ২০১০ এবং ২৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, ২০১৬ প্রণয়ন করা হয়েছে যা ২৭ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষন) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে যা ২৬ ডিসেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ Bangladesh Securities and Exchange Commission (Exchange Traded Fund) Rules, ২০১৬ প্রণয়ন করা হয়েছে যা ১৩ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ গেজেট প্রণয়ন করা হয়েছে যা ১৩ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। ■ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট) বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়েছে যা ১৩ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

					■ Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, ২০১৫ সংশোধন করা হয়েছে যা ০৬ জুলাই ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। **বিএসইসি'কে IOSCO Gi Appendix 'A' তে উন্নীতকরণ** ■ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ১৯৯৫ সাল থেকে International Organization of Securities Commissions (IOSCO) এর সাধারণ সদস্য ছিল। পরবর্তীতে IOSCO এর সকল শর্তাদি পরিপালন করে গত ডিসেম্বর ২২, ২০১৩ইং তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন IOSCO এর পূর্ণাঙ্গ সদস্যপদ লাভ করত: Appendix দই' হতে অঢ়ঢ়বহফরী দঅ' তে উন্নীত হয়েছে। এতে বিএসইসি এর স্ট্যাটাস বৈশ্বিক মানে উন্নীত হয়েছে এবং আন্তর্জাতিক নিয়ন্ত্রণকারী সংস্থার বিভিন্ন ওয়ার্কিং কমিটিতে কাজ করার যোগ্যতা অর্জন করেছে। ইতোমধ্যে IOSCO এর ঐবধফ ছঁধৎঃবৎ এ Secondment Position of Enforcement and Cooperation Adviser পদে বিএসইসি'র একজন কর্মকর্তা কাজ শুরু করছেন।
২.	(২০১০-১১) কোম্পানি আইনের সংস্কার (২১০) (২০১২-১৩) কোম্পানি আইন, ১৯৯১ এর খসড়া সংশোধনী চূড়ান্তকরণ (৪৭)				■ কোম্পানি আইন, ১৯৯৪ এর সংশোধনী প্রস্তাব মে ১৫, ২০১৩ তারিখে বিএসইসি হতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।

৩.	(২০১১-১২) (২০১২-১৩ Demutualization of Stock Exchange (284)		এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন-২০১৩ এক্সচেঞ্জ এর সিকিউরিটিজ লেনদেনের অধিকার (Trading Right) থেকে এর মালিকানা ও ব্যবস্থাপনা পৃথকীকরণের কাজ সম্পন্ন করা (১৩৮)		পুঁজিবাজারে শৃঙ্খলা বজায় ও স্বার্থের সংঘাত দূরীকরণের লক্ষ্যে স্টক এক্সচেঞ্জসমূহের ডিমিউচ্যুয়ালাইজেশন প্রক্রিয়ার মাধ্যমে সম্পূর্ণভাবে মালিকানা ও ব্যবস্থাপনা থেকে লেনদেনের অধিকার পৃথক করার লক্ষ্যে মে ০২, ২০১৩ তারিখে এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। উক্ত আইন অনুসারে স্টক এক্সচেঞ্জদ্বয়ের ডিমিউচ্যুয়ালাইজেশন স্কীমের গেজেট প্রকাশ করা হয়েছে। সে মোতাবেক ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের Memorandum of Association (MoA) & Article of Association (AoA) অনুমোদন করার পাশাপাশি গত নভেম্বর ১৯, ২০১৩ ইং তারিখে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর Trading Right Entitlement Certificate Regulations, ২০১৩ অনুমোদন দিয়েছে বিএসইসি। তৎপ্রেক্ষিতে উভয় স্টক এক্সচেঞ্জ গত নভেম্বর ২১, ২০১৩ ইং তারিখ হতে ডিমিউচ্যুয়ালাইজড হয়েছে। ডিমিউচ্যুয়ালাইজেশন এর কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক গত সেপ্টেম্বর ২৬, ২০১৩ তারিখে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর Board and Administration Regulation, ২০১৩; নভেম্বর ১৯, ২০১৩ তারিখে TREC Holder's Margin Regulations, ২০১৩; ডিসেম্বর ০৩, ২০১৩ তারিখে Settlement of Transaction Regulations, ২০১৩ এবং Settlement Guarantee Fund Regulations, ২০১৩ এর অনুমোদন দেয়া হয়েছে। উক্ত রেগুলেশনসসমূহ মার্চ ০১, ২০১৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
৪.	(২০১১-১২) বাংলাদেশ ফান্ড গঠন (২৮৪)				বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিগত নভেম্বর ২৯, ২০১২ইং তারিখে ৫০০০ কোটি টাকার লক্ষ্যমাত্রা সহ বাংলাদেশ ফান্ড গঠনের অনুমোদন প্রদান করেছে। উক্ত ফান্ডটি বেমেয়াদী (Open-end) ফান্ড হিসাবে গঠিত হয় যা ২২ নভেম্বর ২০১৬ তারিখে Net Asset Value at Cost Price ১৫৬২.৬৬ কোটি টাকা এবং Net Asset Value at Market Price ১৯৬৪.৫৭ কোটি টাকায় উন্নীত হয়েছে।
৫.	(২০১১-১২) Financial Reporting Act এবং Financial Reporting Council গঠন (২৮৫) (২০১২-১৩) ২০১৩-১৪ অর্থবছরে Financial Reporting Act সংসদে উপস্থাপন (৫৩)				ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ প্রণয়ন।

৬.	(২০১১-১২) পৃথক Clearing and Settlement Company প্রতিষ্ঠা (২৮৫) (২০১২-১৩) স্টক এক্সচেঞ্জের লেনদেন নিষ্পত্তির জন্য পৃথক Clearing and Settlement Company প্রতিষ্ঠা (৫২)				স্টক এক্সচেঞ্জের লেনদেন নিষ্পত্তির জন্য পৃথক ক্লিয়ারিং ও সেটেলমেন্ট কোম্পানি প্রতিষ্ঠার লক্ষ্যে বিধি প্রণয়ন।

* বন্ধনীর ভেতরে সংশ্লিষ্ট অর্থবছরের বাজেট বক্তৃতার অনুচ্ছেদ নম্বর উল্লেখ করা হয়েছে।

৫.২৭ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) অনুযায়ী কমিশনের কার্যাবলী

ক্রমিক নং	সুনির্দিষ্ট কার্যক্রম	পূর্ণ নম্বর প্রাপ্তির ফলাফল নির্দেশক	পূর্ণ নম্বর অর্জনের সময়সীমা	২২.০৬.১৮ তারিখের মধ্যে সুনির্দিষ্ট কার্যক্রম (কলাম-২) বাস্তবায়নের লক্ষ্যে কমিশনের সময় ভিত্তিক কর্মপরিকল্পনাসমূহের বর্ণনা	মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫	
০১.	স্টক এক্সচেঞ্জসমূহে Small Capital Platform চালুকরণের নিমিত্ত বিধিমালা প্রণয়ন	গেজেটে প্রকাশিত	২২.০৬. ২০১৭	Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2016 প্রণয়ন করা হয়েছে,যা ২৭ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।	বাস্তবায়িত
০২.	ক্লিয়ারিং ও সেটেলমেন্ট কোম্পানি প্রতিষ্ঠার জন্য বিধিমালা প্রণয়ন	গেজেটে প্রকাশিত	২২.০৬. ২০১৭	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট) বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়েছে যা ১৩ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।	বাস্তবায়িত
০৩.	মার্কেট মেকার বিধিমালা প্রণয়ন	গেজেটে প্রকাশিত	২২.০৬. ২০১৭	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়েছে যা ১৩ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।	বাস্তবায়িত
০৪.	পুঁজিবাজারে বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ	১০০৫ জনকে পুঁজিবাজার বিষয়ে প্রশিক্ষণ প্রদান।	২২.০৬. ২০১৮	সর্বমোট ১০০৫ জন বিনিয়োগকারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে যার মধ্যে নারী ৩৭ জন।	বাস্তবায়িত
০৫	দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম চালুকরণ	চালুকৃত প্রোগ্রাম	২২.০৬. ২০১৮	• মাননীয় প্রধানমন্ত্রী জানুয়ারি ৮, ২০১৭ তারিখে দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। এরই ধারাবাহিকতায় বিভাগীয় পর্যায়ে বিনিয়োগ শিক্ষা প্রসারের লক্ষে খুলনা রাজশাহী, সিলেট, বরিশাল ও বরিশালে বিনিয়োগ শিক্ষা মেলা ও কনফারেন্স সফলভাবে অনুষ্ঠিত হয়েছে।। • বিভাগীয় পর্যায়ে বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত কনফারেন্স অনুষ্ঠানের পূর্বে বিএসইসি ৪১ জন মূখ্য প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে ফেব্রুয়ারি ১২, ২০১৭ তারিখে একটি ওয়ার্কশপের আয়োজন করে। এ ৪১ জন মূখ্য প্রশিক্ষক ইতোমধ্যে প্রায় ১৪০০ প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদান করেছেন যাঁরা দেশের বিভিন্ন প্রান্তের বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা প্রদান করছেন	বাস্তবায়িত
০৬.	মূলধন উত্তোলন	সিকিউরিটিজ ইস্যু	২২.০৬. ২০১৮	এ পর্যন্ত ১৩ টি ইস্যুতে পুঁজি উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে।	বাস্তবায়িত

৫.২৮ ইনোভেশন কার্যক্রম

বিএসইসি ইনোভেশন টিম নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করেঃ-


- মন্ত্রিপরিষদ বিভাগ ও একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় এর যৌথ উদ্যোগে গত ২৮-২৯ আগস্ট, ২০১৭ তারিখে পুঁজিবাজারের ২৭ জন কর্মকর্তা অংশগ্রহণে সিকিউরিটিজ কমিশন ভবনে ২ দিনব্যাপী 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে;


- মন্ত্রিপরিষদ বিভাগ ও একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় -এর সহযোগীতায় গত ৬-১০ এপ্রিল, ২০১৮ তারিখে পুঁজিবাজারের মাঠ পর্যায়ে কর্মরত ২৫ জন কর্মকর্তা নিয়ে কক্সবাজারে ইনানী সৈকতে ৫ দিনব্যাপী 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন;

- ৩ জুন ২০১৮ তারিখে সিডিবিএল- এর যৌথ উদ্যোগে "অনলাইনে সিকিউরিটিজ ব্যালেন্স অনুসন্ধান, নিবন্ধন ও নবায়ন' এর সফল পাইলটিং এবং রেপিকেশন এর উদ্ভাবনী উদ্যোগ সম্পন্নকরণ ।

৫.২৯ বাজার মূলধন এবং জিডিপি'র অনুপাত প্রবণতা

বিগত ১৭ বছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর বাজার মূলধন এবং জিডিপি'র অনুপাতে বাজার মূলধন এর হার নিম্নের চিত্রে তুলে ধরা হলো-





উপরের চিত্রে জুন ২০০২ থেকে জুন ২০১০ পর্যন্ত জিডিপির অনুপাতে বাজার মূলধন এর উর্ধ্বমুখী প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। জুন ২০১০ এ জিডিপির অনুপাতে বাজার মূলধন সবচেয়ে বেশি ছিল ৪৩.৯২ শতাংশ অবশ্য সেসময় বাজার অতিমূল্যায়িত ছিল। জুন ২০১০ এর পর থেকে জিডিপির অনুপাতে বাজার মূলধন এর নিম্নমুখী প্রবণতা লক্ষ্য করা যায়। বর্তমান অর্থবছরে তা জুন ২০১৮ শেষে এসে দাঁড়িয়েছে ১৭.১৯ শতাংশ ।

৬. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরী রিফরমস অ্যান্ড কমপ্লায়েন্স

২০১৭-২০১৮ অর্থবছরে পুঁজিবাজার সংশ্লিষ্ট নিম্মোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি করা হয়েছেঃ

ক্রমিক নং	বিষয়	শ্রেণী বিভাগ	সূত্র নং
০১	মার্জিন রুলস, ১৯৯৯ এর রুল ৩(৫) এর কার্যকারিতা ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত স্থগিত করা প্রসঙ্গে	আদেশ	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০১ তারিখ: ১৭ আগস্ট ২০১৭
০২	মার্চেন্ট ব্যাংকারের মার্জিন হিসাবে ঋণাত্বক ইক্যুইটি সম্পর্কিত	আদেশ	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০২ তারিখ: অক্টোবর ২৩, ২০১৭
০৩	অনাদায়কৃত ক্ষতির বিপরীতে প্রভিশন সংরক্ষণের মেয়াদ বৃ দ্ধিপ্রসঙ্গে	নির্দেশনা	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৩ তারিখ: ২৮ ডিসেম্বর ২০১৭
০৪	Eligible investors-দের code of conduct সম্পর্কিত	নির্দেশনা	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৪ তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০১৮
০৫	প্রাথমিক শেয়ারের উপর লক-ইন সম্পর্কিত	প্রজ্ঞাপন	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৫/প্রশাসন/৭৮ তারিখ: ১২ মার্চ ২০১৮
০৬	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উলেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮	প্রজ্ঞাপন	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-২৫/২০৬/প্রশাসন/৭৯ ০৩ জুন ২০১৮
০৭	কর্পোরেট গর্ভন্যান্স কোড	প্রজ্ঞাপন	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/প্রশাসন/৮০ ০৩ জুন ২০১৮
০৮	আর্থিক প্রতিবেদন প্রস্তুতি ও উহা প্রকাশের শর্তাবলী	প্রজ্ঞাপন	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৮/প্রশাসন/৮১ ২০ জুন ২০১৮

২০১৭-২০১৮ অর্থ বছরে পুঁজিবাজার সংশ্লিষ্ট উল্লেখিত নতুন আইন, বিধি ও নীতি কমিশনের ওয়েব সাইটে (www.sec.gov.bd ও www.secbd.org) প্রদর্শিত ।

৭. স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তি

২০১৭-২০১৮ অর্থবছরে ৯টি কোম্পানি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়েছে। উক্ত কোম্পানিসমূহ এর তথ্য নিম্নে পরিবেশিত হলোঃ-

ক্রমিক নং	কোম্পানির নাম	ডিএসই তে তালিকাভুক্তির তারিখ
১	ইভিন্স টেক্সটাইল লিমিটেড	১৯.০৬.২০১৬
২	ইয়াকিন পলিমার লিমিটেড	০১.০৯.২০১৬
৩	ফরচুন সুজ লিমিটেড	০৪.১০.২০১৬
৪	ভ্যানগার্ড এ এম এল রূপালী ব্যাংক ব্যালান্সড ফান্ড	১৫.১১.২০১৬
৫	সি এ পি এম বিডিবিএল মিউচ্যুয়াল ফান্ড ওয়ান	২৭.১২.২০১৬
৬	প্যাসিফিক ডেনিমস্ লিমিটেড	২৪.০১.২০১৭
৭	এস ই এম এল আইবিবিএল শারিয়াহ ফান্ড	২৪.০১.২০১৭
৮	শেফার্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড	২২.০২.২০১৭
৯	নুরানী ডাইং এন্ড সোয়েটার লিমিটেড	১৮.০৫.২০১৭

বিগত বারো বছরে স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্তির চিত্রঃ

অর্থবছর	ইস্যুয়ার কোম্পানির সংখ্যা	
	(ডিএসই)	(সিএসই)
২০০৬-০৭	১০	১০
২০০৭-০৮	১৩	১৪
২০০৮-০৯	১৭	১৮
২০০৯-১০	২৩	২৩
২০১০-১১	১৯	১৯
২০১১-১২	১৫	১৫
২০১২-১৩	১৫	১৫
২০১৩-১৪	১৩	১৩
২০১৪-১৫	২০	২০
২০১৫-১৬	১১	১১
২০১৬-১৭	৯	৯
২০১৭-১৮	৯	৯

৮. ক্যাপিটাল ইস্যু

কমিশনের ক্যাপিটাল ইস্যু বিভাগ পাবলিক ইস্যু এবং প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইক্যুইটি এবং ডেট সিকিউরিটিজ ইস্যুর অনুমোদনসহ সকল ধরনের সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কর্মকান্ড সম্পাদন করে থাকে। পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন এক কোটি টাকা এবং প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন দশ কোটি টাকার উর্ধেব হলে যে কোন পরিমাণ শেয়ার ও ডেট সিকিউরিটিজ প্রাইভেট প্লেসমেন্ট পদ্ধতিতে ইস্যুর জন্য কমিশনের পূর্বানুমতি গ্রহণ প্রয়োজন। তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু, স্টক এক্সচেঞ্জে সিকিউরিটিজসমূহের ডাইরেক্ট লিস্টিং এবং সম্পদভিত্তিক সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও এ বিভাগ করে থাকে। নিম্নবর্ণিত বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে থাকে:

Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001
Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015
Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটি ইস্যু) বিধিমালা, ২০০৪
Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012

প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও) ঃ

২০১৭-২০১৮ অর্থবছরে কমিশন পুঁজিবাজারে ১৩টি কোম্পানিকে আইপিও (Initial Public Offer) এর মাধ্যমে জনসাধারণের নিকট থেকে ৫৫৩.২৫ কোটি টাকা পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেছে, যার মধ্যে ১১ টি কোম্পানির শেয়ারের বিপরীতে প্রাপ্ত অর্থ ৬৬৫৩.৪৬ কোটি টাকা। এক্ষেত্রে উক্ত কোম্পানিসমূহের শেয়ার ক্রয়ের জন্য সাধারণ বিনিয়োগকারীগণের গড় আবেদনের পরিমাণ ছিল পাবলিক ইস্যুর অঙ্কের ১৩.২২ গুণ। বাকী ০২ টি কোম্পানি ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালস লিমিটেড ও সিলভা ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর চাঁদা গ্রহণের তারিখ যথাক্রমে ০৯-০৮-২০১৮ থেকে ১৬-০৮-২০১৮ ও ২৯-০৭-২০১৮ থেকে ০৫-০৮-২০১৮।

আলোচ্য সময়ে যেসকল কোম্পানি প্রাথমিক গণ প্রস্তাবের (IPO) অনুমোদন পেয়েছে তার বিবরণ পরিশিষ্ট-৯ এ প্রদান করা হলো।

বিগত বছরসমূহে পুঁজিবাজারে আইপিও তে সাধারণ বিনিয়োগকারীগণের অংশগ্রহণের একটি তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলো:

অর্থ বছর	কোম্পানির সংখ্যা	আইপিওর পরিমাণ (কোটি টাকা)	চাঁদা জমার পরিমাণ (কোটি টাকা)	শেয়ারের বিপরীতে প্রাপ্ত অর্থ (গুণ)
২০০৫-০৬	৮	৯৯.০৫	১৩৯৪.৩১	১৪.০৮
২০০৬-০৭	১০	৩২১.৭৫ (প্রিমিয়ামসহ)	২২১৪.৮০ (প্রিমিয়ামসহ)	৮.৮৮
২০০৭-০৮	৯	১৯৩.৫৬ (প্রিমিয়ামসহ)	২৪৬৭.৯৬ (প্রিমিয়ামসহ)	১২.৭৫
২০০৮-০৯	৭	৮২.০০ (প্রিমিয়ামসহ)	২৩৮৯.২৯ (প্রিমিয়ামসহ)	২৯.১৪
২০০৯-১০	১০	১৩৯৮.৯২ (প্রিমিয়ামসহ)	৯১২৫.৯৬ (প্রিমিয়ামসহ	৬.৫২
২০১০-১১	৬	১১২২.৪০ (প্রিমিয়ামসহ)	৮,২২৫.৩২ (প্রিমিয়ামসহ)	৭.৩৩
২০১১-১২	১১	১০৪৭.৩৮২৮ (প্রিমিয়ামসহ)	৪০৬৭.৫৭৫৬ (প্রিমিয়ামসহ)	৩.৮৮
২০১২-১৩	১৩	৭০৮.৯০ (প্রিমিয়ামসহ)	৫,১৩০.১৮৫ (প্রিমিয়ামসহ)	৭.২৪
২০১৩-১৪	১৭	৬৫২.৫৯ (প্রিমিয়ামসহ)	৯,৩২১.০২ (প্রিমিয়ামসহ)	১৪.২৮
২০১৪-১৫	১১	৮০৮.১৭ (প্রিমিয়ামসহ)	৯,৯০৬.৯০ (প্রিমিয়ামসহ)	১২.২৫
২০১৫-১৬	০৯	৩৬৮ (প্রিমিয়ামসহ)	৬,৭৫৩.৬৯ (প্রিমিয়ামসহ)	১৮.৩৫
২০১৬-১৭	০৬	২৩৬.২৫ (প্রিমিয়ামসহ)	৫,৭৬৮.৭৯ (প্রিমিয়ামসহ)	২৪.৪১
২০১৭-১৮	১১	৫০৩.২৫ (প্রিমিয়ামসহ)	৬৬৫৩.৪৬ (প্রিমিয়ামসহ)	১৩.২২
	০২	৫০.০০ (প্রিমিয়ামসহ)	ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালস লিমিটেড ও সিলভা ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর চাঁদা গ্রহণের তারিখ যথাক্রমে ০৯-০৮-২০১৮ থেকে ১৬-০৮-২০১৮ ও ২৯-০৭-২০১৮ থেকে ০৫-০৮-২০১৮।	

মূলধন উত্তোলনঃ

পাবলিক লিমিটেড কোম্পানি

পাবলিক লিমিটেড কোম্পানির মূলধন বৃদ্ধির জন্য কমিশন ২০১৭-২০১৮ অর্থবছরে Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 এবং Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 এর অধীনে ৭৭ টি পাবলিক লিঃ কোম্পানিকে সাধারণ শেয়ার, বোনাস শেয়ার, প্রেফারেন্স শেয়ার, ডিবেঞ্চার ও জিরো কুপন বন্ড এর মাধ্যমে যথাক্রমে ১৩,৭৭৮.৫১ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য সম্মতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলোঃ

মূলধন উত্তোলনের মাধ্যম	কোম্পানির সংখ্যা	মোট মূলধন (কোটি টাকা)
সাধারণ শেয়ার	৪২	৩,৪০০.৭৮
বোনাস শেয়ার	১০	৩৩৭.২৩
ডিবেঞ্চার	-	-
কনভার্টিবল প্রেফারেন্স শেয়ার	-	-
সাবঅরডিনেটেড্ বন্ড	১৯	৮,৬২৫.০০
রাইট শেয়ার	-	-
রিডিমএ্যাবল প্রেফারেন্স শেয়ার	০১	৩২.০০
বন্ড	০৫	১,৩৮৩.৫০
মোট	**৭৭**	**১৩,৭৭৮.৫১**

প্রাইভেট লিমিটেড কোম্পানি

২০১৭-২০১৮ অর্থবছরে কমিশন প্রাইভেট লিমিটেড কোম্পানির মূলধন বৃদ্ধির জন্য Securities and Exchange Commission (Issue of Capital) Rules, ২০০১ এবং Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, ২০১২ এর অধীনে ১৪৯টি প্রাইভেট লিঃ কোম্পানিকে সাধারণ শেয়ার, বোনাস শেয়ার, প্রেফারেন্স শেয়ার, ডিবেঞ্চার, ভোটিং ও নন-ভোটিং কমন শেয়ার, রিডিমেবল প্রেফারেন্স শেয়ার ও কনভার্টিবল শেয়ার এর মাধ্যমে ১০,২৭৮.৩৫ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য সম্মতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

মূলধন উত্তোলনের মাধ্যম	কোম্পানির সংখ্যা	মোট মূলধন/ Debt (কোটি টাকা)
সাধারণ শেয়ার	১০৯	৭,৫৮০.৬৯
বোনাস শেয়ার	২৩	৩৫০.১০
রাইট শেয়ার	-	-
ডিবেঞ্চার	৩	৫১৮.০০
বন্ড	৫	৬৯০.০০
প্রেফারেন্স শেয়ার	৯	১১৩৯.৫৬
মোট	**১৪৯**	**১০,২৭৮.৩৫**

রাইটস্ ইস্যুঃ

২০১৭-২০১৮ অর্থবছরে কমিশন Securities and Exchange Commission (Rights Issue) Rules, ২০০৬ এর অধীনে ৪ টি তালিকাভুক্ত কোম্পানিকে ৪৯১.৪৬ কোটি টাকার রাইটস ইস্যুর সম্মতি প্রদান করেছে। ২০১৬-১৭ অর্থবছরে তালিকাভুক্ত ০৩ টি কোম্পানিকে ৯৮৯.৬৩ কোটি টাকার রাইট ইস্যুর সম্মতি প্রদান করা হয়েছিল।

৯. কর্পোরেট ফিন্যান্স

কর্পোরেট ফিন্যান্স বিভাগ কোম্পানিসমূহের প্রাথমিক গণপ্রস্তাব (IPO) পরবর্তী কার্যক্রম সিকিউরিটিজ আইনের আলোকে তদারকি করে থাকে। উক্ত তদারকির আওতায় কর্পোরেট ফিন্যান্স বিভাগ ইস্যুয়ার কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন (Annual Report), নিরীক্ষিত বার্ষিক আর্থিক প্রতিবেদন, নিরীক্ষিত/অ-নিরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক প্রতিবেদনসমূহ পরীক্ষা/পর্যালোচনাসহ ইস্যুয়ার কোম্পানিসমূহ কর্তৃক প্রাতিষ্ঠানিক সুশাসন (Corporate Governance) পরিপালন, সিকিউরিটিজ আইন মোতাবেক বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগ, প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে উত্তোলিত মূলধনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ তথা পুঁজিবাজারের সাথে সংশিষ্ট ইস্যুয়ার কোম্পানিসমূহের আর্থিক শৃঙ্খলা ও প্রাতিষ্ঠানিক সুশাসন পরিপালন নিশ্চিত করে থাকে।

২০১৭-২০১৮ অর্থবছরে কর্পোরেট ফিন্যান্স বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থাদি ও সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উল্লেখ করা হ'লঃ

ক্রমিক নং	বিবরণ	গৃহীত ব্যবস্থা	কোম্পানির সংখ্যা
১.	IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গে।	IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে কমিশনকে সদয় অবহিত করা হয়েছে।	২০
		ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে।	০৬
		ব্যাখ্যা প্রদানের জন্য নিরীক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে।	০২
		সিকিউরিটিজ আইনের এর বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।	০৫
		IPO/RI ইস্যু এর তহবিল ব্যবহার সংক্রান্ত বিশেষ নিরীক্ষক নিয়োগ।	০২
		IPO/Rights Issue এর মাধ্যমে উত্তোলিত তহবিল এর পরিবর্তিত ব্যবহারের প্রস্তাব কমিশনের সদয় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হয়েছে।	০১
		কোম্পানি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে।	০২
২.	ডিসেম্বর ৩১, ২০১৫, ২০১৬, ২০১৭, সেপ্টেম্বর ৩০, ২০১৫, ২০১৬, ২০১৭ এবং জুন ৩০, ২০১৬, ২০১৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ।	সময় বৃদ্ধি করা হয়েছে।	২৬
		সময় বৃদ্ধি করা হয়নি।	১০
		যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।	২৪
৩..	ডিসেম্বর ৩১, ২০১৩, ২০১৫ এবং জুন ৩০, ২০১৫, ২০১৬, ২০১৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী।	ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে।	০৭
		ব্যাখ্যা প্রদানের জন্য বিধীবদ্ধ নিরীক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে।	০৩
		কোম্পানি এবং নিরীক্ষক কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে।	০২

		নিরীক্ষিত আর্থিক বিবরণী তৈরীতে সিকিউরিটিজ আইনের এর বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।	০৪
		বিধিবদ্ধ নিরীক্ষক এর নিয়োগ সংক্রান্ত সম্মতি।	০১
৪.	মার্চ ৩১, ২০১৬, ২০১৭, ২০১৮, সেপ্টেম্বর ৩০, ২০১৫, ২০১৬, ২০১৭ এবং ডিসেম্বর ৩১, ২০১৫, ২০১৬, ২০১৭ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ।	সময় বৃদ্ধি করা হয়েছে।	১৪
		সময় বৃদ্ধি করা হয়নি।	০২
		ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।	২৭
৫.	মার্চ ৩১, ২০১৬, ২০১৭, জুন ৩০, ২০১৫ এবং ডিসেম্বর ৩১, ২০১৫, ২০১৬, ২০১৭ তারিখে সমাপ্ত দ্বিতীয় প্রান্তিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ।	সময় বৃদ্ধি করা হয়েছে।	১১
		সময় বৃদ্ধি করা হয়নি।	০৩
		ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।	২৯
৬.	মার্চ ৩১, ২০১৬, ২০১৭, ২০১৮; জুন ৩০, ২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮ এবং সেপ্টেম্বর ৩০, ২০১৫, ২০১৬ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ।	সময় বৃদ্ধি করা হয়েছে।	০২
		সময় বৃদ্ধি করা হয়নি।	০১
		ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।	২৪
৭.	নিরপেক্ষ পরিচালক নিয়োগ।	০৭/০৮/২০১২ ইং তারিখে জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশনের শর্ত নং ১.২(iii) পরিপালন সাপেক্ষে, নিরপেক্ষ পরিচালক নিয়োগে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে।	১৬
		ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে।	০২
৮.	কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন।	কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনের শর্ত পরিপালন না করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।	০১
		কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশনের কতিপয় শর্ত পরিপালন না করায় কোম্পানির ব্যাখ্যা চাওয়া হয়েছে।	০১

১০. নিবন্ধন

নিবন্ধন বিভাগ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান যেমন স্টক-ব্রোকার, স্টক-ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংক, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার,ট্রাস্টি, কাস্টডিয়ান এর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে থাকে। ২০১৭-১৮ অর্থবছরে নিবন্ধন বিভাগ বাজার মধ্যস্থকারী প্রতিষ্ঠানসমূহের জন্য নিম্নরূপ কার্যাদি সম্পন্ন করেছেঃ

ক্রমিক নং	ইস্যুকৃত সনদের ধরন	ইস্যুকৃত সনদের সংখ্যা	নবায়নকৃত সনদের সংখ্যা	শাখা অনুমোদন	অফিস স্থানান্তর
০১।	স্টক ডিলার (i)	০৩ (ডিএসই)	২২৯	০৮	--
		১০ সিএসই)	১২১	--	--
০২।	স্টক ব্রোকার (i)	০০(ডিএসই)	২৪৫	০১	--
		০০(সিএসই)	১৫২	--	--
৩।	অনুমোদিত প্রতিনিধি (i)	২০৪ (ডিএসই)	৩৫০	--	--
		৫৮ (সিএসই)	১০৪	--	--
০৪।	মার্চেন্ট ব্যাংক (ii)	০২	--	০১	০১
০৫।	সম্পদ ব্যবস্থাপক (iii)	০৮	--	--	--
০৬।	সিকিউরিটি কাস্টডিয়ান (iv)	--	০২	--	--
০৭।	ডিপজিটরি অংশগ্রহণকারী (v)	০৫ (সিডিবিএল)	৩১৯	--	--
০৮।	ডেট সিকিউরিটিজ এর জন্য ট্রাস্টি (vi)	৩০	--	--	--
০৯।	ফান্ড ম্যানেজার (vii)	০৫	--	--	--
১০।	ট্রাস্টি (vii)	০২	--	--	--

নিবন্ধন বিভাগ যেসকল বিধিমালা/প্রবিধানমালার অধীনে কার্যক্রম পরিচালনা করে থাকে তার তালিকা নিম্নরূপঃ

i. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০;
ii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬;
iii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১;
iv. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩;
v. ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩;
vi. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012;
vii. Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015;

১১. মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি

মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি বিভাগ মার্চ ১৬, ২০০৯ তারিখে প্রতিষ্ঠিত হয়ে মিউচ্যুয়াল ফান্ড এর নিবন্ধন প্রদান, অবলুপ্তি, রূপান্তর এবং একই সাথে ফান্ডগুলোর বিভিন্ন প্রতিবেদন পর্যবেক্ষণ, তদারকি এবং এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও সম্পদভিত্তিক সিকিউরিটিজের নিবন্ধন প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে আসছে। জুলাই ২০১৭ - জুন ২০১৮ সময়ে এ বিভাগ কর্তৃক সম্পাদিত গুরুত্বপূর্ণ কর্মকান্ড নিম্নরূপঃ

ক্রমিক নং	বিষয়	কমিশন কর্তৃক গৃহীত কার্যক্রম	
১	ফান্ডের প্রসপেক্টাস ও স্কীম গঠন অনুমোদন সংক্রান্ত কার্যক্রম	স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত	স্টক এক্সচেঞ্জে অ-তালিকাভুক্ত
		-আইসিবি এএমসিএল ফার্স্ট অগ্রণী ব্যাংক মিউচ্যুয়াল ফান্ড -সিএপিএম আইবিবিএল ইসলামিক মিউচ্যুয়াল ফান্ড	-পেনিনসুলা সাধারণ বীমা কর্পোরেশন ইউনিট ফান্ড - জেনিথ এ্যানুয়াল ইনকাম ফান্ড - এইচএফএএমএল ইউনিট ফান্ড - লংকাবাংলা আল-আরাফাহ শরীয়াহ ইউনিট ফান্ড - ক্রিডেন্স ফার্স্ট শরীয়াহ ইউনিট ফান্ড - শান্তা ফার্স্ট ইনকাম ইউনিট ফান্ড - ভিআইপিভি গ্রোথ ফান্ড - আইডিএলসি গ্রোাথ ফান্ড - ইউএফএস-ব্যাংক এশিয়া ইউনিট ফান্ড - বিসিবি আইসিএল গ্রোথ ফান্ড
২	ফান্ড এর অবলুপ্তি সংক্রান্ত কার্যক্রম	-এমটিবি ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড (মেয়াদি, নিবন্ধিত ফান্ড কিন্তু তালিকাভুক্ত নয়)। - আইসিবি এএমসিএল ফার্স্ট এনআরবি মিউচ্যুয়াল ফান্ড (মেয়াদি)।	
৩	অলটারনেটিভ ইনভেষ্টমেন্ট ফান্ড/স্পেশাল পার্পাস ভেহিক্যাল ফান্ড অনুমোদন সংক্রান্ত কার্যক্রম	-"এথেনা ফার্স্ট অলটারনেটিভ ইনভেষ্টমেন্ট ফান্ড "এর খসড়া বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি, প্লেসমেন্ট মেমোরান্ডাম এবং সাবসক্রিপশন এগ্রিমেন্ট অনুমোদন ।	

তালিকাভুক্ত ৩৫টি মিউচ্যুয়াল ফান্ডের বাজার পরিস্থিতি পরিশিষ্ট -১৯ এ প্রদর্শিত হল।

১২. সার্ভেইল্যান্স

সার্ভেইল্যান্স বিভাগের কার্যক্রম

সার্ভেইল্যান্স বিভাগ পুঁজিবাজারের শেয়ার লেনদেন পর্যবেক্ষণ ও তদারকিতে শক্তিশালী ও স্টেট-অব-দ্যা-আর্ট মার্কেট সার্ভেইল্যান্স সিস্টেম (InstantWatch Market Surveillance System) ব্যবহার করছে। উক্ত সিস্টেম স্টক এক্সচেঞ্জসমূহে সংঘটিত সকল লেনদেন তাৎক্ষণিক ভিত্তিতে (real time) বিশেষণ করে এবং সন্দেহজনক বাজার কারসাজি ও লেনদেন সংক্রান্ত অন্যান্য অনিয়ম সনাক্তকরণের লক্ষ্যে সতর্ক সংকেত (alert) প্রদান করে। সার্ভেইল্যান্স বিভাগ দৈনন্দিন শেয়ার লেনদেনের উপর তীক্ষ্ম নজরদারির মাধ্যমে বিভিন্ন ধরনের বাজার কারসাজি, যেমন- শেয়ারের দাম বা শেয়ার লেনদেন সংখ্যার ক্ষেত্রে অস্বাভাবিক ওঠা-নামা, কৃত্রিম লেনদেন, মিথ্যা প্ররোচনামূলক তথ্য ও গুজব ছড়ানো এবং ইনসাইডার ট্রেডিং ইত্যাদি বাজার অনিয়ম সনাক্তকরণের কাজ করে থাকে। সার্ভেইল্যান্স বিভাগ সম্ভাব্য বাজার কারসাজিকে প্রাথমিক অবস্থায় সনাক্তকরণের চেষ্টা করে, যাতে কোন অর্থপূর্ণ প্রাসঙ্গিক তথ্য ব্যতিরেকে বাজার অংশগ্রহণকারীদের পক্ষে শেয়ারের মূল্যকে প্রভাবিত করা সম্ভব না হয়। এছাড়া, বাজারের স্বাভাবিক পরিস্থিতি বজায় রাখার স্বার্থে মার্জিন সংক্রান্ত নিয়ম-কানুন পরিপালন, তদারকি, সার্কিট ব্রেকারের রেঞ্জ নজরদারি ও প্রয়োজনে লেনদেনে বিদ্যমান নিয়ম-কানুন পরিবর্তনের সুপারিশ কমিশনে দাখিলের মাধ্যমে উক্ত বিভাগ কাজ করে যাচ্ছে।

বাজার পর্যবেক্ষণ

সার্ভেইল্যান্স বিভাগ অফলাইন ও অনলাইন উভয় পদ্ধতিতে বাজার পর্যবেক্ষণ করে থাকে। এ বিভাগের বাজার পর্যবেক্ষণ কার্যাবলী প্রধানত সিকিউরিটিজের বাজার দর, লেনদেনের পরিমাণ ও শেয়ারধারণ পর্যবেক্ষণ এর মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। দর পর্যবেক্ষণ বলতে বুঝায় কোন সিকিউরিটির শেয়ার মূল্য অথবা শেয়ার সংখ্যা লেনদেনের অস্বাভাবিক হ্রাস-বৃদ্ধি পর্যবেক্ষণ যা অন-লাইন সার্ভেইল্যান্স, অফ-লাইন সার্ভেইল্যান্স, অনুসন্ধান অথবা গুজব পর্যালোচনার মাধ্যমে করা হয়। অন্যদিকে পজিশন পর্যবেক্ষণ বলতে বুঝায় বিভিন্ন বিনিয়োগকারীর মালিকানাধীন ও লেনদেনকৃত শেয়ার সংখ্যা পর্যবেক্ষণ, যার মাধ্যমে কোন ব্যক্তি বা পারস্পরিক যোগসাজশে কতিপয় ব্যক্তিবর্গ তার বা তাদের শেয়ার পজিশনের মাধ্যমে শেয়ারের দামকে প্রভাবিত করার চেষ্টা করছে কিনা তা বিশেষণ করা। পজিশন পর্যবেক্ষণ করার কয়েকটি উল্লেখযোগ্য উপায় হলো- শীর্ষ লেনদেন ও নির্দিষ্ট শেয়ারের প্রতি ঝোঁক বিশেষণ, স্বল্প লেনদেনকৃত শেয়ারের পর্যবেক্ষণসহ প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর লেনদেন পর্যবেক্ষণ করা।

অনুসন্ধান ও তদন্ত

সার্ভেইল্যান্স বিভাগ পুঁজিবাজারে সংঘটিত কারসাজি ও অন্যান্য অনিয়ম সনাক্তকরণের লক্ষ্যে প্রাথমিকভাবে অনুসন্ধান করে থাকে। যদি বিশদ অনুসন্ধানের প্রয়োজন হয়, সেক্ষেত্রে কমিশনকে তদন্ত কমিটি গঠনের সুপারিশ করা হয়। কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে এবং স্টক এক্সচেঞ্জ কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদনে কোন সিকিউরিটিজ আইন ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে তদপ্রেক্ষিতে এনফোর্সমেন্ট বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।

২০১৭-১৮ অর্থবছরে InstantWatch Market Surveillance System এ যেসব শর্ট-সেল অ্যালার্ট পরিলক্ষিত হয়েছে, বিএসইসি'র নির্দেশনা মোতাবেক সেসকল অ্যালার্ট এর উপর ডিএসই এবং সিএসই অনুসন্ধানপূর্বক কমিশনের নিকট অনুসন্ধান প্রতিবেদন দাখিল করেছে। স্টক এক্সচেঞ্জসমূহ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পরীক্ষান্তে প্রাপ্ত অনিয়মের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরে শেয়ার লেনদেনের উপর সংঘটিত তদন্ত/অনুসন্ধান কার্যাবলীর সারসংক্ষেপ নিম্নরূপ:

বিবরণ	তদন্ত /অনুসন্ধান এর সংখ্যা	এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	এসআরএমআইসি বিভাগে প্রেরণ	মিমাংসিত	প্রক্রিয়াধীন
বিএসইসি কর্তৃক তদন্ত	৬	৪	-	-	২
ডিএসই কর্তৃক অনুসন্ধান	৪৭	১৬	-	-	৫
মোট তদন্ত ও অনুসন্ধান	৫৩	২০	-	-	৭

১৩. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ

এসআরএমআইসি বিভাগ স্টক এক্সচেঞ্জ, ওভার দি কাউন্টার (OTC) এবং ইস্যুয়ার কোম্পানিসমূহের যাবতীয় কার্যাদি সিকিউরিটিজ আইন অনুযায়ী পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করে থাকে। এছাড়াও, ইস্যুয়ার কোম্পানিসমূহের বিরুদ্ধে অভিযোগ/ আপত্তি সিকিউরিটিজ আইন মোতাবেক নিষ্পত্তি করে থাকে। নিম্নে এই বিভাগের কর্মকাণ্ড তুলে ধরা হলো-

(ক) তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা/পরিচালকদের সিকিউরিটিজ ক্রয়/বিক্রয়/হস্তান্তর সংক্রান্ত ঘোষণা তদারকি;
(খ) উদ্যোক্তা/পরিচালকদের মাসিক শেয়ার হোল্ডিং পজিশন তদারকি;
(গ) তালিকাভুক্ত কোম্পানির মূল্য সংবেদনশীল তথ্য ঘোষণা তদারকি;
(ঘ) তালিকাভুক্ত কোম্পানির শেয়ার স্টক এক্সচেঞ্জের বাইরে হস্তান্তর অনুমোদন;
(ঙ) স্টক এক্সচেঞ্জের (সিকিউরিটি লেনদেন ব্যতীত) যাবতীয় কার্যক্রম তদারকি;
(চ) পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ।

২০১৭-১৮ অর্থবছরে প্রাপ্ত অভিযোগ-পরবর্তী কার্যক্রমসমূহ নিম্নরূপ:

অভিযোগের প্রকৃতি	গৃহীত অভিযোগের সংখ্যা	প্রক্রিয়াধীন	মিমাংসিত
ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরীতে প্রদান	২৪	১০	১৪
শেয়ার ট্রান্সফার সম্পর্কিত	১০	৩	৭
রাইট অফারের পত্র না পাওয়া	১	১	-
বার্ষিক প্রতিবেদন না পাওয়া	১৯	৭	১২
রিফান্ড ওয়ারেন্ট সংক্রান্ত	১	-	১
শেয়ারের ডিম্যাট সংক্রান্ত	১	-	১
বিবিধ	৭৫	৩৩	৪২
মোট	**১৩১**	**৫৪**	**৭৭**

এসইসি এর নোটিফিকেশন নং এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৭১ তারিখ ১২.১০.২০১১ অনুযায়ী ডিএসই, সিএসই এবং সিডিবিএল তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে আনীত অভিযোগ মিমাংসা করে এবং কমিশনের নিকট উপরোক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ করে।

তালিকাভুক্ত কোম্পানিসমূহ কর্তৃক ঘোষিত লভ্যাংশ এর বিবরণী :

২০১৭-১৮ অর্থবছরে ২৯০টি কোম্পানি বার্ষিক সাধারণ সভা/বিশেষ সাধারণ সভা করেছে। ১৭৫টি কোম্পানি নগদ লভ্যাংশ ঘোষণা করেছে। ঘোষিত লভ্যাংশ এর ভিত্তিতে কোম্পানিসমূহের বিভাজন নিম্নে দেয়া হলো:

কোম্পানির লভ্যাংশ ঘোষণার হার	কোম্পানির সংখ্যা
১০% বা এর বেশী নগদ লভ্যাংশ	১৪০
১০% এর কম নগদ লভ্যাংশ	৩৫
বোনাস শেয়ার ক) নগদ ও বোনাস খ) শুধু বোনাস	১৪৭ ৬৭ ৮০
লভ্যাংশ দেয়নি	৩৫
মোট	২৯০

২০১৭- ২০১৮ অর্থবছরে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা এবং ঘোষিত লভ্যাংশ সংক্রান্ত তথ্যাদি পরিশিষ্ট-১৮ এ প্রদর্শিত হল।

১৪. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ

সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) বিভাগ মার্চেন্ট ব্যাংকার্স, স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপজিটরি পার্টিসিপেন্টস, সিকিউরিটি কাস্টডিয়ান, মার্কেট মেকার্স, সিকিউরিটি লেন্ডারস ও বরোয়ার্স ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি ও মার্চেন্ট ব্যাংকার্সসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়াও, প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেকহোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে থাকে। উক্ত বিভাগ জুলাই-২০১৭ থেকে জুন-২০১৮ পর্যন্ত নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করেছে :

ক) বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ :

অভিযোগের প্রকৃতি	গৃহীত অভিযোগের সংখ্যা (জুলাই, ২০১৭ থেকে জুন, ১৮	প্রক্রিয়াধীন	আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ডিএসই/ সিএসই তে প্রেরণ	নিষ্পত্তিকৃত অভিযোগ
শেয়ার হারানো সংক্রান্ত	০৪	-	-	০২	২
অনুমোদন ব্যতীত শেয়ার বিক্রয় সংক্রান্ত	২৮	০৩	০৩	১০	১২
শেয়ার হস্তান্তর না করা সংক্রান্ত	০২	-	-	০১	০১
বিক্রয়লব্ধ অর্থ পরিশোধ না করা সংক্রান্ত	০২	০২	-	-	-
ফোর্স সেল/ মার্জিন সংক্রান্ত	০৪	-	-	০২	০২
শেয়ার হস্তান্তর না করার কারণে সৃষ্ট আর্থিক ক্ষতি	০১	-	-	-	০১
স্টক ডিলার/ স্টক ব্রোকার ও অন্যান্যদের দুর্নীতি/ অনিয়ম সংক্রান্ত	০৫	-	০১	০২	০২
নগদ/চেক/ডিভিড্যান্ড/বোনাস সংক্রান্ত	০১	-	-		০১
বিবিধ	০৯	-	-	০৩	০৬
মোট	৫৬	০৫	০৪	২০	২৭

খ) এসআরআই বিভাগ কর্তৃক পরিচালিত পরিদর্শন কার্যক্রম (জুলাই, ২০১৭ থেকে জুন, ২০১৮):

ক্রমিক	বিবরণ	পরিদর্শন	পরিদর্শন সংখ্যা	এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	নিষ্পত্তি	প্রক্রিয়াধীন
১	স্টক ডিলার/ স্টক ব্রোকার	মাসিক নিয়মিত পরিদর্শন	১৪	০৮	০৬	-
		বিশেষ পরিদর্শন	০১	০১	-	-
২	মার্চেন্ট ব্যাংকার	মাসিক নিয়মিত পরিদর্শন	০৩	-	০৩	-
		বিশেষ পরিদর্শন	০১	-	০১	-
মোট			১৯	০৯	১০	

১৫. সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস

কমিশনের সিডিএস বিভাগ ডিপজিটরি আইন, ১৯৯৯ এবং এর অধীনে প্রণীত প্রবিধানমালা মোতাবেক সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর কর্মকান্ড, তালিকাভুক্ত কোম্পানিসমূহের শেয়ার ডিপজিটরি ব্যবস্থায় আনয়ন এবং এ সকল বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা/আদেশ জারি করে থাকে। ডিপজিটরি পদ্ধতির ফলে শেয়ার ইস্যু, লেনদেন এবং হস্তান্তরের ক্ষেত্রে স্বচ্ছতা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে এবং সিকিউরিটিজ লেনদেন নিস্পত্তির ক্ষেত্রে এখন সময়সীমাও কমে এসেছে।

কমিশন বিনিয়োগকারী ও পুঁজিবাজার উন্নয়নের স্বার্থে ডিপজিটরি প্রদত্ত বিভিন্ন সেবার ফি পুণর্বিন্যস্ত ও হ্রাস করে ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ সংশোধন করে যা ২৪ সেপ্টেম্বর ২০১৬ এ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। এ সংশোধনের মাধ্যমে সিডিবিএল কোন বিও হিসাবে ডেবিট/ক্রেডিট হলে তাৎক্ষণিকভাবে বিনা ফি'তে বিও হিসাবধারীর নিকট ক্ষুদে বার্তা প্রদানের ব্যবস্থা চালু করে ।

ডিপজিটরি ব্যবস্থার আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরে সিডিবিএল এ ২,১১,৯১৩ টি বিও একাউন্ট খোলা হয়েছে এবং ৮টি ইউনিট ফান্ড, ৫টি মিউচ্যুয়াল ফান্ড, ৮টি কোম্পানিসহ মোট ২১টি সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হয়েছে। জুন ২০১৮ পর্যন্ত সিডিবিএল এ চালু বিও একাউন্টের সংখ্যা ২৭,৬৬,৩৮৩টি এবং ৩৯০টি সিকিউরিটিজ ডিপজিটরি ব্যবস্থার আওতায় এসেছে। বর্তমানে উভয় এক্সচেঞ্জের তালিকাভুক্ত সকল সিকিউরিটিজ সিডিবিএল এ অন্তর্ভুক্ত।

ইতোমধ্যে সিডিবিএল তাদের সিস্টেমের হার্ডওয়্যার ও সফটওয়্যার উন্নত করে ধারণক্ষমতা বৃদ্ধি করেছে এবং Disaster Recovery System উন্নয়ন করেছে, ইন্টারনেটের মাধ্যমে বিও হিসাব এর ব্যালেন্স জানার পাশাপাশি মোবাইল ফোনের এসএমএস এর মাধ্যমেও বিও একাউন্টে সিকিউরিটিজ এর ডেবিট ও ক্রেডিট সম্পর্কে জানার সুবিধা চালু করেছে। সিডিবিএল সিস্টেম এর সাইবার নিরাপত্তা জোরদারকরণের জন্য কমিশন কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরে সিডিবিএল এ যোগদানকৃত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ডের তালিকা পরিশিষ্ট-১০ তে প্রদর্শন করা হলো।

১৬. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার দরুন এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থাদি গ্রহণ করে থাকে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্ত কালে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্ন করে কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে। সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ পরিশিষ্ট-১১ তে প্রদর্শন করা হল।

১৭. আইন

- কমিশন কর্তৃক এবং কমিশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনায় কমিশনের পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবীগণকে সার্বিক সহায়তা প্রদান, কমিশনের অন্যান্য বিভাগ কর্তৃক প্রেরিত বিভিন্ন ইস্যুতে আইনগত মতামত প্রদান এবং কমিশন কর্তৃক আরোপিত জরিমানা আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়ের ও পরিচালনা ইত্যাদি আইন বিভাগ সম্পাদন করে থাকে।

- বিএসইসি কর্তৃক এবং বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মোট ৫২৫ টি মামলা বিভিন্ন আদালতে বিচারাধীন রয়েছে। আলোচ্য অর্থবছরে বিএসইসি কর্তৃক ২টি মামলা দায়ের করা হয়েছে এবং বিএসইসি'র বিরুদ্ধে ২০টি মামলা দায়ের হয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান পরিশিষ্ট-১২ তে প্রদর্শন করা হল।

১৮. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস

- অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসি'র বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারাইজড তথ্য বিশেষণ ভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা, ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এবং কমিশনকে আধুনিক ইনফরমেশন টেকনোলজি পদ্ধতি ব্যবহারের মাধ্যমে সমৃদ্ধ করা এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

- বর্তমানে বিএসইসির সকল কর্মকর্তা তাদের দৈনন্দিন কার্যক্রমে কম্পিউটার ব্যবহার করে থাকেন। অফিসের সকল কম্পিউটার ল্যান এর আওতাভুক্ত। বিএসইসিতে তৈরীকৃত ইন্টিগ্রেটেড সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন অটোমেটেড সিস্টেম (SECAS) সফটওয়ার এর বিভিন্ন মডিউল বিভিন্ন বিভাগের ব্যবহারের জন্য তৈরি করা হয়েছে। বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ তাদের ওয়ার্কস্টেশন থেকে সংযুক্ত ল্যানের মাধ্যমে ১০০ এমবিপিএস ব্রডব্যান্ড ইন্টারনেট শেয়ারড ভিত্তিতে ব্যবহার করে থাকেন।

- ২১ মার্চ ২০১৮ইং তারিখে বিএসইসি'র মাল্টিপারপাস হলে আনুষ্ঠানিক ভাবে কমিশনের নতুন ওয়েবসাইটটি উদ্বোধন করেন কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের সকল কমিশনার এবং সকল কর্মচারী উপস্থিত ছিলেন। নতুন ওয়েবসাইটটি একটি ডাইনামিক ওয়েবসাইট এবং এতে উদ্ভাবনী প্রক্রিয়ায় তথ্য উপস্থাপন করা হয়েছে। বিশেষত বিএসইসি'র ওয়েবসাইটে (www.sec.gov.bd ও www.secbd.org) সিকিউরিটিজ সংশিষ্ট আইন, রুলস, রেগুলেশন, অর্ডার, ডাইরেক্টিভ, নোটিফিকেশন ইত্যাদি উদ্ভাবনী প্রক্রিয়ায় উপস্থাপন করা হয়েছে যা ব্যবহারকারীগণের জন্য তথ্য খুঁজে পেতে অধিকতর সহায়ক।

- জুলাই ২০১৭ - জুন ২০১৮ অর্থবছরে ওয়েব সাইটে প্রসপেক্টাস স্থাপন করা হয়েছে ১৩টি, রাইট ইস্যু অফার ডকুমেন্ট স্থাপন করা হয়েছে ৪টি, ত্রৈমাসিক প্রতিবেদন স্থাপন করা হয়েছে ২টি, বার্ষিক প্রতিবেদন স্থাপন করা হয়েছে ১টি, প্রস্তাবিত খসড়া আইন/বিধিমালা স্থাপন করা হয়েছে ৪টি, এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন করা হয়েছে ১১৯টি, অন্যান্য আদেশ/নোটি-ফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন করা হয়েছে ১০টি, প্রেস বিজ্ঞপ্তি করা স্থাপন হয়েছে ৪৯টি এবং অন্যান্য তালিকা প্রাপ্ত তথ্য মোতাবেক আপডেট করা হয়েছে।

- বিএসইসি'র ব্যবহৃত বিভিন্ন সফটওয়ারের মধ্যে সার্ভিলেন্স সিস্টেম, সিএফডি মডিউল, রেজিস্ট্রেশন মডিউল, এনফোর্সমেন্ট মডিউল, পারসোনেল মডিউল, ইস্যুয়ার মডিউল, ডকুমেন্ট ট্রাকিং মডিউল, রিসিপসনডেস্ক মডিউল, র‍্যানডম ইনসপেকশন সিলেকশন সিস্টেম, লটারী ভেরিফিকেশন সিস্টেম, ডিজিটাল পেপার ক্লিপিং সিস্টেম বিশেষভাবে উল্লেখযোগ্য।

- এমআইএস বিভাগ কমিশনের চাহিদা মোতাবেক বিভিন্ন সিস্টেম ডেভেলপমেন্ট, মডিফিকেশন, ওয়েবসাইট আপগ্রেডেশন ও মেইটেন্যান্সের কাজ করে থাকে।

১৯. গবেষণা ও উন্নয়ন

২০১৭-১৮ অর্থবছরে কমিশনের গবেষণা ও উন্নয়ন বিভাগ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করেছেঃ

ক. চাহিদা মোতাবেক সরকারের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণঃ-
১. মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ।
২. কমিশনের মাসিক উল্লেখযোগ্য/গুরুত্বপূর্ণ কার্যাবলীর প্রতিবেদন ।

খ. চাহিদা মোতাবেক কেন্দ্রীয় ব্যাংকের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণঃ-
১. পুঁজিবাজারের মাসিক লেনদেনের প্রতিবেদন প্রেরণ ।

গ. চাহিদা মোতাবেক মন্ত্রণালয়ের প্রকাশনার জন্য তথ্য প্রেরণঃ-
১. অর্থনৈতিক সমীক্ষার জন্য পুঁজিবাজার সংক্রান্ত তথ্য ।
২. আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম প্রকাশনার জন্য পুঁজিবাজার সংক্রান্ত তথ্য ।

ঘ. প্রকাশিত প্রতিবেদনঃ

প্রতিবেদনের নাম	প্রকাশকাল
বার্ষিক প্রতিবেদন (বাংলা ও ইংরেজি)	২০১৭-২০১৮
ত্রৈমাসিক প্রতিবেদন (৪টি)	সেপ্টেম্বর ২০১৭- জুন ২০১৮
বিএসইসি পরিক্রমা (বাংলা নিউজলেটার ৪টি)	সেপ্টেম্বর ২০১৭- জুন ২০১৮

ঙ. শিক্ষামূলক কার্যক্রমঃ

সাধারণ বিনিয়োগকারীদের প্রশিক্ষণ প্রদান কমিশনের আইনগত দায়িত্ব । কমিশন প্রতিমাসে সাধারণ বিনিয়োগকারীদের জন্য দু'টি এবং শুধুমাত্র নারী বিনিয়োগকারীদের জন্য একটি করে প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে থাকে । এরই ধারাবাহিকতায় ২০১৭-২০১৮ অর্থবছরে ২৫৬ জন বিনিয়োগকারীকে পুঁজিবাজার সংশ্লিষ্ট আইন-কানুন, রুলস/রেগুলেশন, প্রাইমারি ও সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগ, সার্ভেইল্যান্স সিস্টেম, ডিপজিটরি সিস্টেম, সিকিউরিটিজ এনালাইসিস ও পোর্টফোলিও ম্যানেজমেন্ট, শেয়ারহোল্ডারদের অধিকার বিষয়ে ধারণা দেয়ার নিমিত্ত প্রশিক্ষণ প্রদান করেছে যার মধ্যে ৩৭ জন নারী অংশগ্রহণকারী ছিল ।

অনুমোদিত প্রতিনিধিদের সনদপ্রাপ্তি ও লেনদেনের জন্য পুঁজিবাজার সম্পর্কে জ্ঞান অর্জন এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আলোচ্য সময়ে কমিশন ৩টি প্রশিক্ষণের মাধ্যমে অনুমোদিত প্রতিনিধির দায়িত্ব ও অধিকার, বিনিয়োগকারীদের প্রতি তার দায়িত্ব ও অধিকার, ডিপি প্রতিনিধির দায়িত্ব ও অধিকার, সুশাসন, কমপ্লাইন্স সহ পুঁজিবাজারের অবস্থা ও আইন সম্পর্কে ১০৩ জন অনুমোদিত প্রতিনিধিকে প্রশিক্ষণ প্রদান করে ।

২০. ফিন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ, কনফারেন্স এবং বিনিয়োগকারীদের যথাযথ অংশগ্রহণ ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সচেতন করার লক্ষ্যে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এবং বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম অনুমোদন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে থাকে।

ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ ২০১৭-২০১৮ সময়ে নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করেছেঃ

(১) গত ৪/১০/২০১৭ এবং ৫/১০/২০১৭ তারিখে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমীতে দুই দিনে মোট ১৪০০ জন সাধারণ বিনিয়োগকারীর উপস্থিতিতে কনফারেন্স এর আয়োজন করা হয়।

(২) ভারতের ন্যাশনাল ইনস্টিটিউট অব সিকিউরিটিজ মার্কেট (এনআইএসএম) থেকে আগত ৩(তিন) জন প্রশিক্ষক এর মাধ্যমে মোট ১৪০০ জন প্রশিক্ষককে উন্নত প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

(৩) বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম আয়োজন এর মাধ্যমে উল্লিখিত সময়কালে প্রায় ৯২০০ জন বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৪) উল্লিখিত সময়কালে বিভিন্ন বিভাগীয় শহরে কনফারেন্স এর মাধ্যমে প্রায় ৫,০০০ জন বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৫) উল্লিখিত সময়কালে নিয়মিত বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এর মাধ্যমে বিএসইসি প্রশিক্ষণ কেন্দ্রে প্রায় ১০০৫ জন সাধারণ বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

২১. আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ জুলাই ২০১৭-জুন ২০১৮ সময়ে নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করেছেঃ

- বিএসইসি কর্তৃক IOSCO এর World Investors Week (WIW) ২-৮ অক্টোবর ২০১৭ সময়ে পালন করা হয় । বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ একটি বৈশ্বিক ক্যাম্পেইন যা বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির নিমিত্ত বিনিয়োগ শিক্ষা ও সুরক্ষা এবং প্রবর্তিত বিভিন্ন সিকিউরিটিজ রেগুলেশন সম্পর্কে আলোকপাত করে । IOSCO সদস্যগণ যারা এই আয়োজনে অংশগ্রহণ করেছে তারা স্থানীয় ও জাতীয়ভাবে তাদের নিজস্ব বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত নানা কর্মসূচি যেমন এদতসংক্রান্ত বিভিন্ন প্রকাশনা প্রকাশ এবং ওয়ার্কশপ, কনফারেন্স ইত্যাদি আয়োজন করেছে । বিএসইসি এ উপলক্ষ্যে র‍্যালী, বিনিয়োগ শিক্ষা মেলা, আলোচনা সভা, কনফারেন্স, ওয়ার্কশপ, সেমিনারসহ নানা কর্মসূচি পালন করেছে । বিএসইসি কর্তৃক এ সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে একটি বিশেষ প্রকাশনা প্রকাশ করা হয় । সপ্তাহব্যাপী এই কর্মসূচির উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত, এম.পি । বিশ্বখ্যাত অলরাউন্ডার ক্রিকেটার সাকিব আল হাসানকে আলোচ্য সপ্তাহের এবং বিএসইসি'র বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের শুভেচ্ছা দূত হিসাবে মনোনয়ন প্রদান করা হয় । এ সকল কার্যক্রম আয়োজনের সাথে জড়িত থাকার পাশাপাশি আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ IOSCO তে উক্ত কর্মসূচির নানা তথ্য ও সার্ভে (Survey) এর জবাব প্রেরণসহ বিএসইসি'র পক্ষ থেকে সার্বক্ষণিক যোগাযোগ করেছে ।

- ভারতের National Institute of Securities Markets (NISM) এর একটি প্রশিক্ষক দল বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আমন্ত্রণে ২২-২৬ অক্টোবর ২০১৭ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের Training of Trainers (ToT) কর্মসূচিতে অংশগ্রহণের নিমিত্ত বাংলাদেশ সফর করেছে । NISM এর পরিচালক জনাব সন্দীপ ঘোষ এর নেতৃত্বে ৩ (তিন) সদস্য বিশিষ্ট প্রশিক্ষক দল উক্ত সফরে ঢাকা ও চট্টগ্রামে কর্মসূচিটি পরিচালনা করে । এ সময় বিএসইসির কর্মকর্তাসহ পুঁজিবাজার সংশিষ্ট প্রায় ১৪০০ জন প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয় ।

- Bangladesh Securities and Exchange Commission (BSEC) এবং Securities and Exchange Board of India (SEBI)-এর মধ্যে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) স্বাক্ষরের ধারাবাহিকতায় BSEC -এর ১০ (দশ) সদস্যের একটি দল প্রশিক্ষণের উদ্দেশ্যে গত ফেব্রুয়ারি, ২০১৮ তে ভারতের National Institute of Securities Markets (NISM) এ গমন করে । ৫ (পাঁচ) জন উপ-পরিচালক ও ৫ (পাঁচ) জন সহকারী পরিচালকের সমন্বয়ে গঠিত সফরকারী দলটি National Institute of Securities Markets (NISM) এ মাসব্যাপী এই প্রশিক্ষণে পুঁজিবাজার সংক্রান্ত তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করে । এর আগেও ১০ (দশ) সদস্যের তিনটি দল উক্ত প্রশিক্ষণ সম্পন্ন করে এসেছিল । BSEC -এর সকল উপ-পরিচালক ও সহকারী পরিচালক পর্যায়ক্রমে উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন ।

- বাংলাদেশের পুঁজিবাজারের উন্নতিকল্পে Toronto Centre (TC), Canada প্রশিক্ষণ প্রদানের আগ্রহ প্রকাশ করেছে । এতদবিষয়ে উভয়পক্ষের মধ্যে প্রয়োজনীয় চুক্তি সম্পাদনের বিষয়টি এখনও বিবেচনাধীন ।

- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ১০ (দশ) জন ব্যক্তিগত কর্মকর্তা National Institute of Securities Markets (NISM), Mumbai, India তে ১৬-২৭ জুলাই, ২০১৮ তথা ২ (দুই) সপ্তাহব্যাপী প্রশিক্ষণের উদ্দেশ্যে ভারত ভ্রমন করবেন । উক্ত প্রশিক্ষণে তাঁরা পুঁজিবাজার সংক্রান্ত তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করবেন । বিএসইসি এর সকল ব্যক্তিগত কর্মকর্তা পর্যায়ক্রমে উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন ।

- বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার Survey তে উপযুক্ত সময়ে অংশগ্রহণ করা হয় ।

- এছাড়া উক্ত সময়সীমায় বৈদেশিক নানা সংস্থার Query এর প্রেক্ষিতে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ কর্তৃক তা সংশিষ্ট সংস্থায় প্রেরণ ও পরবর্তীতে ধারাবাহিকভাবে যোগাযোগ করা হয়েছে ।

২২. এএমএল অ্যান্ড সিএফটি

এএমএল অ্যান্ড সিএফটি উইং কর্তৃক ২০১৭-১৮ অর্থ বৎসরে সম্পাদিত কার্যাবলী নিম্নরূপঃ

ক) বিএফআইইউ এর চাহিদা মোতাবেক বাংলাদেশ ব্যাংকে ১৭/০১/২০১৮ ইং তারিখে তথ্য প্রেরণ করা হয় ।

খ) ঢাকা স্টক এক্সচেঞ্জ এর ১৬৪ জন এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর ১০১ জন অনুমোদিত প্রতিনিধিকে মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় ।

গ) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) সম্মেলন, ২০১৮ আয়োজন যা ৩১ মার্চ, ২০১৮ তারিখে সফলভাবে অনুষ্ঠিত হয় ।

ঘ) মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ রহিতক্রমে মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৮ এর উপর কমিশনের মতামত ২১ মে, ২০১৮ ইং তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয় ।

ঙ) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা সম্মেলন, ২০১৮ এর রেকর্ড নোটস বিএসইসি এবং বিএফআইইউ যৌথভাবে জারি করে ।

২৩. কমিশনের আর্থিক বিবরণী

- বিএসইসি একটি সংবিধিবদ্ধ সংস্থা। কমিশনের যাবতীয় ব্যয় কমিশন কর্তৃক অনুমোদিত বাজেট থেকে নির্বাহ করা হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১২ অনুযায়ী কমিশনের একটি তহবিল রয়েছে। সরকারি অনুদান এবং কমিশনের নিজস্ব প্রাপ্তি নিয়ে এ তহবিল গঠিত যা থেকে কমিশনের ব্যয় নির্বাহ করা হয়। কমিশনের নিজস্ব প্রাপ্তির মধ্যে রেজিস্ট্রেশন ফি, পুঁজি উত্তোলন সংক্রান্ত আবেদন/সম্মতি প্রদান ফি, জরিমানা আদায়, বিও একাউন্ট রক্ষণাবেক্ষণ ফি এর অংশ বিশেষ ইত্যাদি অন্তর্ভুক্ত।

- বিগত ২০০৭-২০০৮ অর্থবছর হতে কমিশন তার মোট খরচের ১০০% নিজস্ব প্রাপ্তি হতে সংকুলান করছে। ২০১৭-২০১৮ অর্থবছরে কমিশনের নিজস্ব প্রাপ্তি ৫৬.২০৭ কোটি টাকা এবং পূর্ববর্তী বছরের অব্যয়িত জের ১৫৩.১০১ কোটি টাকাসহ মোট প্রাপ্তির পরিমাণ দাড়িয়েছে ২০৯.৩০৮ কোটি টাকা। ২০১৬-২০১৭ অর্থবছরে রাজস্ব ও মূলধন খাতে মোট ব্যয়ের পরিমাণ ৪৭.৬৪২ কোটি টাকা ।

- কমিশনের আর্থিক বিবরণী পরিশিষ্ট-১৩ তে এবং কমিশনের বিবিধ আয়/প্রাপ্তির বিবরণ পরিশিষ্ট-১৪ তে প্রদর্শিত।

২৪. পরিশিষ্টসমূহ

পরিশিষ্ট-১

৩০ জুন ২০১৮ তারিখে উভয় স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি ও সিকিউরিটিজ এর সংখ্যা, ইস্যুকৃত মূলধন, বাজার মূলধন, সিকিউরিটিজ এর লেনদেনের পরিমাণ এবং শেয়ার মূল্য সূচক নিম্নে দেওয়া হলোঃ

বাংলাদেশের পুঁজিবাজার
জুন ৩০, ২০১৮

নির্দেশক (তালিকাভুক্ত)	ঢাকা স্টক এক্সচেঞ্জ	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ
কোম্পানির সংখ্যা	৩০৫ টি	২৬৬ টি
মিউচ্যুয়াল ফান্ডের সংখ্যা	৩৭ টি	৩৫ টি
ডিবেঞ্চারের সংখ্যা	৮ টি	-
ট্রেজারী বন্ডের সংখ্যা	২২১ টি	-
কর্পোরেট বন্ডের সংখ্যা	১ টি	২ টি
সিকিউরিটিজের সংখ্যা	৫৭২ টি	৩০৩ টি
কোম্পানিসমূহের শেয়ার সংখ্যা (কোটি)	৬,১৩৬.৯৬	৫৫০৩.৫৩
মিউচ্যুয়াল ফান্ডের সার্টিফিকেট সংখ্যা (কোটি)	৫৪০.২৩	৫০৩.৬৭
ডিবেঞ্চারের সংখ্যা (কোটি)	০.০৫	-
ট্রেজারী বন্ডের সংখ্যা (কোটি)	০.৫৫	-
কর্পোরেট বন্ডের সংখ্যা (কোটি)	০.৩০	০.৫৮
মোট লেনদেনযোগ্য সিকিউরিটিজের সংখ্যা (কোটি)	৬,৬৭৮.০৯	৬০০৭.৮০
কোম্পানিসমূহের ইস্যুকৃত মূলধন (কোটি টাকায়)	৬১,৩৬৯.৬২	৫৫.০৩৫.৩৯
মিউচ্যুয়াল ফান্ডের ইস্যুকৃত মূলধন (কোটি টাকায়)	৫,৪০২.২৯	৫০৩৬.৭৯
ইস্যুকৃত ডিবেঞ্চার (কোটি টাকায়)	৩৫.৩৭	-
ইস্যুকৃত ট্রেজারী বন্ড (কোটি টাকায়)	৫৪,৮৫৯.২২	-
কর্পোরেট বন্ডের ইস্যুকৃত মূলধন (কোটি টাকায়)	৩০০.০০	৫৮৫.০১
সিকিউরিটিজের মোট ইস্যুকৃত মূলধন (কোটি টাকায়)	১২১,৯৬৬.৫১	৬০৬৫৭.২০
বাজার মূলধন (কোটি টাকায়)	৩৮৪,৭৩৪.৭৮	৩১১,৩২৪.২৯
শেয়ার এর মূল্য সূচক	৫৪০৫.৪৬ ডিএসই ব্রড ইনডেক্স (ডিএসইএক্স)	১৫,৫৮০.৩৭ ডিএসই ব্রড ইনডেক্স (ডিএসইএক্স)

* জানুয়ারি ২৮, ২০১৩ তারিখে S & P Dow Jones এর কারিগরি সহায়তায় প্রণয়নকৃত গাইডলাইন অনুযায়ী ডিএসই নতুন দুটি সূচক (ডিএসইএক্স ও ডিএস৩০) চালু করে এবং ডিএসআই ও ডিএস২০ সূচক দুটি বন্ধ করে দেয়, ডিএসই সাধারণ সূচক আগস্ট ০১, ২০১৩ থেকে বন্ধ করে দেওয়া হয় ।

ঢাকা স্টক এক্সচেঞ্জের লেনদেনের তুলনামূলক বিবরণী

নির্দেশক (তালিকাভুক্ত)	জুন ৩০, ২০১৮	জুন ৩০, ২০০৬	%পরিবর্তন
কোম্পানির সংখ্যা	৩০৫ টি	২৫৬ টি	১৯.১৪
মিউচুয়াল ফান্ডের সংখ্যা	৩৭ টি	১৩ টি	১৮৪.৬২
ডিবেঞ্চারের সংখ্যা	৮ টি	৮ টি	-
ট্রেজারী বন্ডের সংখ্যা	২২১ টি	২৬ টি	৭৫০.০০
কর্পোরেট বন্ডের সংখ্যা	১ টি		
সিকিউরিটিজের সংখ্যা	৫৭২ টি	৩০৩ টি	৮৮.৭৮
কোম্পানি সমূহের শেয়ার সংখ্যা (কোটি)	৬,১৩৬.৯৬	১৩৯.০৫	৪,৩১৩.৬৩
মিউচুয়াল ফান্ডের সার্টিফিকেট সংখ্যা (কোটি)	৫৪০.২৩	১৬.১৩	৩,২৫০.২৬
ডিবেঞ্চারের সংখ্যা (কোটি)	০.০৫	০.০৫	-
ট্রেজারী বন্ডের সংখ্যা (কোটি)	০.৫৫	০.০২	২,৬২৭.৭৮
কর্পোরেট বন্ডের সংখ্যা (কোটি)	০.৩০		
লেনদেনযোগ্য সিকিউরিটিজের সংখ্যা (কোটি)	৬,৬৭৮.০৯	১৫৫.২৩	৪,২০২.০১
বার্ষিক লেনদেনকৃত সিকিউরিটিজের সংখ্যা (কোটি)	৪,৫৭৬.৫৯	৫৯.২৮	৭,৬২০.৮৭
বার্ষিক লেনদেনর পরিমাণ (কোটি টাকায়)	১৫৯,০৮৫.১৯	৪,৬০০.৮২	৩,৩৫৭.৭৬
ইস্যুকৃত ট্রেজারী বন্ড (কোটি টাকায়)	৫৪,৮৫৯.২২	২,১০৩.২০	২,৫০৮.৩৭
কর্পোরেট বন্ডের ইস্যুকৃত মূলধন (কোটি টাকায়)	৩০০.০০		
তালিকাভুক্তসিকিউরিটিজের মোট ইস্যুকৃত মূলধন (কোটি টাকায়)	১২১,৯৬৬.৫১	৮,৫৭২.২৬	১,৩২২.৮০
মোট বাজার মূলধন (কোটি টাকায়)	৩৮৪,৭৩৪.৭৮	২১,৫৪২.১৯	১,৬৮৫.৯৬
শেয়ার মূল্য সূচক	৫,৪০৫.৪৬	১,৩৩৯.৫৩	৩০৩.৫৪

* জানুয়ারি ২৮, ২০১৩ তারিখে S&P Dow Jones এর কারিগরি সহায়তায় প্রণয়নকৃত গাইডলাইন অনুযায়ী ডিএসই নতুন দুটি সূচক (ডিএসইএক্স ও ডিএস৩০) চালু করে এবং ডিএসআই ও ডিএস২০ সূচক দুটি বন্ধ করে দেয়, ডিএসই সাধারণ সূচক আগস্ট ০১, ২০১৩ থেকে বন্ধ করে দেওয়া হয়।

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের লেনদেনের তুলনামূলক বিবরণী:

নির্দেশক (তালিকাভুক্ত)	জুন ৩০, ২০০৬	জুন ৩০, ২০১৮	% পরিবর্তন
কোম্পানির সংখ্যা	১৯৮	২৭৪	৩৮.৩৮%
মিউচ্যুয়াল ফান্ডের সংখ্যা	১৩	৩৭	১৮৪.৬২%
ডিবেঞ্চারের/কর্পোরেট বন্ডের সংখ্যা	২	১	(০.৫০%)
সিকিউরিটিজ এর সংখ্যা	২১৩	৩১২	৪৬.৪৭%
কোম্পানিসমুহের শেয়ার সংখ্যা (কোটি)	১২৭.৯৫	৫৯৭০.৩৬	৪৫৬৬.১৬%
মিউচ্যুয়াল ফান্ডের সার্টিফিকেট সংখ্যা (কোটি)	৩৮৪.৩৬	৫৪০.২৩	৪০.৫০%
ডিবেঞ্চারের/কর্পোরেট বন্ডের সংখ্যা (কোটি)	-	০.৩০	-
লেনদেনযোগ্য সিকিউরিটিজ এর সংখ্যা (কোটি)	১৪৪.০৭	৬৫১০.৮৯	৪৪১৯.২৫%
বার্ষিক লেনদেনকৃত সিকিউরিটিজ এর সংখ্যা (কোটি)	২৫.০৯	৩৫০.৬২	১২৯৭.৪৫%
বার্ষিক লেনদেন এর পরিমাণ (কোটি)	১১৪৩.৯১	১০৯৮৫.০৬	৮৬০.৩১%
তালিকাভুক্ত সিকিউরিটিজ এর ইস্যুকৃত মূলধন (কোটি টাকায়)	৬২৬৪.০৩	৬৫৪০৫.৯১	৯৪৪.১৫%
মোট বাজার মূলধন (কোটি)	১৯৯২৭.৪৩	৩১২,৩৫২.১৭	১৪৬৭.৪৪%
সকল সিকিউরিটিজ এর মুল্যসূচক	২৮৭৯.১৯	১৬৫৫৮.৫০	৪৭৫.১১%

পরিশিষ্ট-৪

ঢাকা স্টক এক্সচেঞ্জের লেনদেন বিষয়ক বাৎসরিক কার্যক্রম

সময়	মূল্য সূচক ডিএসইএক্স	সিকিউরিটিজ লেনদেন (কোটি সংখ্যা)		মোট লেনদেন (কোটি টাকা)		বাজার মূলধন	
		মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়	কোটি টাকা	আগের মাসের সাথে পরিবর্তনের হার (%)
জুলাই ২০১৭	৫,৮৬০.৬৫	৬৫৯.২৪	২৯.৯৭	২০,৯২৯.৪৬	৯৫১.৩৪	৩৯৬,১৩৩.৭৭	৪.২২
আগস্ট	৬,০০৬.৪৩	৬৩০.৬২	৩০.০৩	১৯,৫৮৯.২৪	৯৩২.৮২	৪০২,০৯০.৮১	১.৫
সেপ্টেম্বর	৬,০৯২.৮৪	৬৫০.৯৮	৩৪.২৬	১৯,৯৪৪.১২	১,০৪৯.৬৯	৪০৭,২০৮.২৫	১.২৭
অক্টোবর	৬,০১৯.৫৯	৪৬১.৮৩	২০.৯৯	১৫,৬৯৭.৪৩	৭১৩.৫২	৪০৯,০২৬.৫৭	০.৪৫
নভেম্বর	৬,৩০৬.৮৬	৫০৭.০৪	২৩.০৫	১৮,৪২১.৮০	৮৩৭.৩৫	৪২৪,১৪৯.৬৩	৩.৭
ডিসেম্বর	৬,২৪৪.৫২	২৪৬.০৫	১২.৯৫	৯,২৩৮.২৮	৪৮৬.২৩	৪২২,৮৯৪.৫৫	(০.৩)
জানুয়ারি ২০১৮	৬,০৩৯.৭৮	২৫৬.৪৮	১১.১৫	১০,০৭২.১৬	৪৩৭.৯২	৪১৮,৫১৩.২৯	(১.০৪)
ফেব্রুয়ারি	৫,৮০৪.৯৪	২০২.৮১	১০.৬৭	৭,৬৭৯.৬৯	৪০৪.১৯	৪০৪,৪৩৮.৯১	(৩.৩৬)
মার্চ	৫,৫৯৭.৪৪	১৯০.২৪	৯.৫১	৬,৭১৪.৯৪	৩৩৫.৭৫	৩৯১,৭১৮.৫৯	(৩.১৫)
এপ্রিল	৫,৭৩৯.২৩	৩২৫.৭৮	১৫.৫১	১১,৪৯৪.৭৩	৫৪৭.৩৭	৪০০,৬২৮.৭৪	২.২৭
মে	৫,৩৪৩.৮৮	২৪৯.৭২	১১.৮৯	৯,৬৬৭.৬৩	৪৬০.৩৬	৩৭৯,৯৫৯.৫৬	(৫.১৬)
জুন ২০১৮	৫,৪০৫.৪৬	১৯৫.৮২	১১.৫২	৯,৬৩৫.৭০	৫৬৬.৮১	৩৮৪,৭৩৪.৭৮	১.২৬

বি.দ্র.বাজার মূলধন ও মূল্য সূচক মাসের শেষ কার্য দিবসের

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের লেনদেন বিষয়ক বাৎসরিক কার্যক্রম

সময়/ মাস	সকল শেয়ার মূল্য সূচক	সিকিউরিটিজ লেনদেন (কোটি)		মোট লেনদেন (কোটি টাকা)		বাজার মূলধন	
		মাসিক	দৈনিকগড়	মাসিক	দৈনিকগড়	(কোটি টাঁকা)	আগের মাসের সাথে পরিবর্তন
জুলাই'১৭	১৮১৪৮.৪৪	৪৭.৬০	২.১৬	১৩০৪.২৫	৫৯.২৮	৩২৭৯৭৯.০০	৫.৩৫%
আগস্ট'১৭	১৮৬০৪.৭৬	৪৭.৭৪	২.২৭	১২৮৫.৪৫	৬১.২১	৩৩৩৭৪৪.১০	১.৭৬%
সেপ্টেম্বর'১৭	১৮৮৮১.৬০	৫৪.২০	২.৪৫	১৫৮৫.৭৯	৮৩.৪৬	৩৩৮৮৮৫.৯০	১.৫৪%
অক্টোবর'১৭	১৮৬৩৩.২৮	৩৫.৪৪	১.৬১	১১১১.০৬	৫০৫.৫০	৩৪০৯৯৪.৪০	০.৬২%
নভেম্বর'১৭	১৯৫০৮.৭৭	৩৫.২১	১.৬০	১১৪৭.৪৮	৫২.১৬	৩৫৫১০৩.৫০	৪.১৪%
ডিসেম্বর'১৭	১৯২৬৮.০৪	২২.৯৭	১.২১	৭৩৪.৮৫	৩৮.৬৮	৩৫২৮৯১.১০	(০.৬২)%
জানুয়ারি'১৮	১৮৬৯১.২২	২০.০৮	০.৮৭	৬৩০.০৩	২৭.৩৯	৩৪৯৩৬৭.৯০	(১.০০)%
ফেব্রুয়ারি'১৮	১৭৯২৬.৭৩	১৪.৭৪	০.৭৮	৫৭৩.৬৪	৩০.১৯	৩৩৫১২৫.৯০	৯৪.০৮)%
মার্চ'১৮	১৭২১৫.১১	১১.৮৬	০.৫৯	৪৬২.৫৭	২৩.১৩	৩২১৮৪০.৩০	(৩.৩৯)%
এপ্রিল'১৮	১৭৬৯৩.২৯	২৯.৩৪	১.৪০	৯৭৭.৬৯	৪৬.৫৬	৩৩১৬৯৬.১০	৩.০৬%
মে'১৮	১৬৪৯১.১০	১৫.৫৮	০.৭৪	৪৯৩.৭৩	২৩.৫১	৩১২০৯৭.২০	(৫.৯১)%
জুন'১৮	১৬৫৫৮.৫০	১৫.৮৬	০.৯৩	৬৭৪.৪৯	৩৯.৯১	৩১২,৩৫২.১৭	০.০১২%

বি.দ্র.বাজার মূলধন ও মূল্য সূচক মাসের শেষ কার্য দিবসের


ঢাকা স্টক এক্সচেঞ্জের বিগত বারো বছরের লেনদেন কার্যক্রম

সময়	সাধারণ শেয়ার মূল্য সূচক/ ডিএসইএক্স (বছর শেষে)	সিকিউরিটিজ লেনদেন (কোটি সংখ্যা)	মোট লেনদেন		বাজার মূলধন	
			কোটি টাকা	আগের বছরের সাথে পরিবর্তনের হার (%)	কোটি টাকা	আগের বছরের সাথে পরিবর্তনের হার (%)
জুলাই'২০০৬ -জুন ২০০৭	২,১৪৯.৩২		১৬,৪৬৭.১৬	২৫৭.৯২		১২০.৮৯
জুলাই'২০০৭ -জুন ২০০৮	৩,০০০.৫০	১৯৮.৩১	৫৪,৩২৮.৬০	২২৯.৯২	৪৭,৫৮৫.৫৪	৯৫.৬৫
জুলাই'২০০৮ -জুন ২০০৯	৩,০১০.২৬	৩৭৬.১১	৮৯,৩৭৮.৯২	৬৪.৫২	৯৩,১০২.৫২	৩৩.৩৩
জুলাই'২০০৯ -জুন ২০১০	৬,১৫৩.৬৮	৫৭৫.৭৯	২৫৬,৩৫০.৫৪	১৮৬.৮১	১২৪,১৩৩.৯০	১১৭.৫৭
জুলাই'২০১০ -জুন ২০১১	৬,১১৭.২৩	১,০১৩.৩৪	৩২৫,৯১৫.২৬	২৭.১৪	২৭০,০৭৪.৪৬	৫.৬৭
জুলাই'২০১১ -জুন ২০১২	৪,৫৭২.৮৮	১,৯৬৯.৫২	১১৭,১৪৫.১৪	(৬৪.০৬)	২৮৫,৩৮৯.২২	(১২.৬৯)
জুলাই'২০১২ -জুন ২০১৩	৪,১০৪.৬৫ **	১,৮৫৮.০০	৮৫,৭০৮.৯৭	(২৬.৮৪)	২৪৯,১৬১.২৯	১.৫৫
জুলাই'২০১৩ -জুন ২০১৪	৪,৪৮০.৫২	২,১৫৫.৬১	১১২,৫৩৯.৮৪	৩১.৩০	২৫৩,০২৪.৬০	১৬.৩২
জুলাই'২০১৪ -জুন ২০১৫	৪,৫৮৩.১১	২,৪৩১.৮২	১১২,৩৫১.৯৫	(০.১৭)	২৯৪,৩২০.২৩	১০.৩৩
জুলাই'২০১৫ -জুন ২০১৬	৪,৫০৭.৫৮	২,৬৫৭.৪১	১০৭,২৪৬.০৭	(৪.৫৪)	৩২৪,৭৩০.৬৩	(১.৯০)
জুলাই'২০১৬ -জুন ২০১৭	৫,৬৫৬.০৫	২,৮৯৫.৮৫	১৮০,৫২২.২১	৬৮.৩৩	৩১৮,৫৭৪.৯৩	১৯.৩১
জুলাই'২০১৭ -জুন ২০১৮	৫,৪০৫.৪৬	৫,৪৩৫.৭৬	১৫৯,০৮৫.১৯	(১১.৮৮)	৩৮০,১০০.১০	১.২২


বাজার মূলধন ও মূল্য সূচক মাসের শেষ কার্য দিবসের

*** জানুয়ারি ২৮, ২০১৩ তারিখে* S&P Dow Jones *এর কারিগরি সহায়তায় প্রণয়নকৃত গাইডলাইন অনুযায়ী ডিএসই নতুন দুটি সূচক (ডিএসইএক্স ও ডিএস৩০) চালু করে এবং ডিএসই সাধারণ সূচক আগস্ট ০১, ২০১৩ থেকে বন্ধ করে দেওয়া হয়।*

জুলাই ২০০৬ - জুন ২০১৮ সময়ে ডিএসই'র বাজার মূলধন এবং সাধারণ শেয়ার মূল্য সূচক এর চিত্র-



বিগত বারো বছরে ডিএসই'র সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (কোটি টাকায়)




চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের বিগত বারো বছরের লেনদেন কার্যক্রম


সময়	সাধারণ শেয়ার মূল্য সূচক/ (বছর শেষে)	সিকিউরিটিজ লেনদেন সংখ্যা (কোটি)	মোট লেনদেন		বাজার মুলধন	
			কোটি টাঁকা	আগের বছরের সাথে পরিবর্তন (%)	কোটি টাকা	আগের বছরের সাথে পরিবর্তন (%)
জুলাই'০৬-জুন'০৭	৫৯৪.৭৬	৫৮.৭৮	৩৪৩৭.৭৪	২০০.৫৩%	৩৯৯২৬.৮০	১০৪.১৭%
জুলাই'০৭-জুন'০৮	৯০৫০.৫৬	৭৪.১৪	৮০১৬.২১	১৩৩.১৮%	৭৭৭৭৪.৩০	৯৪.৭৯%
জুলাই'০৮-জুন'০৯	১০৪৭৭.৬৭	১১৮.৬২	১২৫১৮.২৫	৫৬.১৬%	৯৭৪৯৪.৮০	২৫.৩৬%
জুলাই'০৯-জুন'১০	১৮১১৬.০৫	১৩৯.৫২	২১৭১১.২৩	৭৩.৪৭%	১৫৩৮৩৯.৩৩	১৬৩.৫৪%
জুলাই'১০-জুন'১১	১৭০৫৯.৫৩	২৭২.০৬	৩২১৬৮.২৩	৪৮.২০%	২২৩৭৫৮.৫০	(১১.৭১)%
জুলাই'১১-জুন'১২	১৩৭৩৬.৪২	২৫২.৩৬	১৩৪৮৫.৪৯	(৫৮.০৭)%	১৮৭৮১৭.১৪	(১৬.০৬)%
জুলাই'১২-জুন'১৩	১২৭৩৮.২৩	২৭৬.২২	১০১৯৮.৫২	(২৪.৩৭)%	১৯১৯৮৯.০৭	২.২২%
জুলাই'১৩-জুন'১৪	১৩৭৬৬.২৩	২৬৯.৯৮	১০২১৮.২৭	০.১৯%	২২৮৬৬৭.৮৮	১৯.১০%
জুলাই'১৪-জুন'১৫	১৪০৯৭.১৭	২৬৮.২৮	৯৬৪৮.০০	(৬.০০)%	২৩৭০৪২.১৩	৪.০০%
জুলাই'১৫-জুন'১৬	১৩৮০২.৫৯	২৪৮.৮৬	৭৭৪৭.১৬	(২০.০০)%	২৪৯৬৮৪.৮৯	৫.০০%
জুলাই'১৬-জুন'১৭	১৭৫১৬.৭১	৪০৩.২২	১১৮০৭.১২	৫২.৪১%	৩১১৩২৪.২৯	২৪.৬৮%
জুলাই'১৭-জুন'১৮	১৬৫৫৭.৫১	৩৫০.৬২	১০৯৮৫.০৬	(৬.৯৬)%	৩১২,৩৫২.১৭	০.৩৩%

* সিএসই এর সূচক অপরিবর্তিত আছে।

জুলাই'২০০৫ থেকে জুন'২০১৮ সময়ে সিএসই'র বাজার মূলধন এবং সাধারণ শেয়ার মুল্যসূচক



বিগত ১২ বছরের সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (কোটি টাকায়)



(ক) ডিএসই ওটিসি মার্কেটে ৩০ জুন ২০১৮ তারিখে কোম্পানির তালিকা

ক্রমিক নং	কোম্পানির নাম
০১।	আল-আমিন ক্যামিক্যাল ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
০২।	আলফা ট্যোবাকো ম্যানুফ্যাক্সারিং কোং লিমিটেড
০৩।	আমাম সি ফুডস লিমিটেড
০৪।	এপেক্স উইভিং এ্যান্ড ফিনিশিং মিলস লিমিটেড
০৫।	আরবি টেক্সটাইল মিলস লিমিটেড
০৬।	আশ্রাফ টেক্সটাইল মিলস লিমিটেড
০৭।	আজাদী প্রিন্টার্স লিমিটেড
০৮।	বাংলা প্রোসেস ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
০৯।	বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
১০।	বাংলাদেশ ডাইং এ্যান্ড ফিনিসিং ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
১১।	বাংলাদেশ ইলেকট্রিক মিটার কোং লিমিটেড
১২।	বাংলাদেশ হোটেলস লিমিটেড
১৩।	বাংলাদেশ লিফ টোব্যাকো কোম্পানি লিমিটেড
১৪।	বাংলাদেশ লাগেজ ইন্ডা: লিমিটেড
১৫।	বাংলাদেশ প্লানটেশন লিমিটেড
১৬।	বাংলাদেশ জিপার ইন্ডা: লিমিটেড
১৭।	বাংলাদেশ মনোসপুল পেপার ম্যানুফেক্সারিং লিমিটেড
১৮।	বেঙ্গল বিস্কুট লিমিটেড
১৯।	বেঙ্গল ফাইন সিরামিকস লিমিটেড
২০।	বায়োনিক সি ফুডস লিমিটেড
২১।	চিক টেক্স লিমিটেড
২২।	ড্যান্ডি ডাইং লিমিটেড
২৩।	ঢাকা ফিশারিজ লিমিটেড
২৪।	ডায়নামিক টেক্সটাইল ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
২৫।	ঈগল স্টার টেক্সটাইল মিলস লিমিটেড
২৬।	এক্সেলসিয়র সুজ লিমিটেড
২৭।	গচিহাটা এ্যাকুয়াকালচার ফার্মস লিমিটেড
২৮।	জার্মান বাংলা জে,ভি, ফুডস লিমিটেড
২৯।	গালফ ফুডস লিমিটেড
৩০।	হিল প্লানটেশন লিমিটেড
৩১।	হিমাদ্রী লিমিটেড
৩২।	লেসকো লিমিটেড
৩৩।	এম. হোসেন গার্মেন্টস ওয়াশিং এন্ড ডাইং লিমিটেড
৩৪।	ম্যাক এন্টারপ্রাইজেস লিমিটেড
৩৫।	ম্যাক পেপার ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
৩৬।	মেঘনা শ্রিম্প কালচার লিমিটেড
৩৭।	মেটালেক্স কর্পোরেশন লিমিটেড
৩৮।	মিতা টেক্সটাইলস লিমিটেড
৩৯।	মডার্ন সিমেন্ট লিমিটেড

৪০।	মর্ডান ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
৪১।	মোনা ফুডস প্রোডাক্টস লিমিটেড
৪২।	মুন্নু ফেব্রিকস লিমিটেড
৪৩।	নিলয় সিমেন্ট ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
৪৪।	পদ্মা প্রিন্টার্স এন্ড কালার লিমিটেড
৪৫।	পেপার প্রোসেসিং এন্ড প্যাকেজিং লিমিটেড
৪৬।	পারফিউম কেমিক্যালস ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
৪৭।	পেট্রো সিনথেটিকস প্রোডাক্টস লিমিটেড
৪৮।	ফার্মাকো ইন্টারন্যাশনাল লিমিটেড
৪৯।	ফনিক্স লেদার কমপ্লেক্স লিমিটেড
৫০।	কাসেম সিল্ক মিলস লিমিটেড
৫১।	কাসেম টেক্সটাইল মিলস লিমিটেড
৫২।	রহমান ক্যামিক্যালস লিমিটেড
৫৩।	রাঙ্গামাটি ফুডস প্রডাক্টস লিমিটেড
৫৪।	রাজপিট ডাটা ম্যানেজমেন্ট এন্ড কমোনিউকেট লিমিটেড
৫৫।	রাজপিট ইন্ক বাংলাদেশ লিমিটেড
৫৬।	রোজ হ্যাভেন বল পেন লিমিটেড
৫৭।	সালেহ কার্পেট মিলস লিমিটেড
৫৮।	সোনালী পেপার এন্ড বোর্ড মিলস লিমিটেড
৫৯।	শ্রীপুর টেক্সটাইলস লিমিটেড
৬০।	তমিজুদ্দিন টেক্সটাইলস মিলস লিমিটেড
৬১।	দি ইঞ্জিনিয়ারস লিমিটেড
৬২।	থ্যারাপিউটিক্স (বাংলাদেশ) লিমিটেড
৬৩।	টিউলিপ ডেইরী এন্ড ফুডস প্রোক্টস লিমিটেড
৬৪।	ওয়ান্ডার ল্যান্ড টয়েস লিমিটেড
৬৫।	ইউসুফ ফ্লাওয়ার মিলস লিমিটেড

(খ) সিএসই ওটিসি মার্কেটে ৩০ জুন ২০১৮ তারিখে অনুমোদিত কোম্পানির তালিকা

ক্রমিক নং	কোম্পানির নাম
১	ন্যাশনাল অক্সিজেন লি:
২	প্যারাগন লেদার অ্যান্ড ফুটওয়্যার ইন্ডাষ্ট্রিজ লি:
৩	এক্সেলশিওর শুজ লি:
৪	পদ্মা প্রিন্টার্স অ্যান্ড কালার লি:
৫	সোনালি পেপারস্ অ্যান্ড বোর্ড মিলস্ লি:
৬	জেম নিটওয়্যার ফেব্রিকস কোম্পানি লি:
৭	রূপন অয়েল অ্যান্ড ফিডস্ লি:
৮	জে এইচ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ লি:
৯	মেঘনা ভেজিটেবল অয়েল ইন্ডাষ্ট্রিজ লি:
১০	মার্ক বাংলাদেশ শিল্প অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লি:
১১	জিএমজি ইন্ডাষ্ট্রিয়াল কর্পোরেশন লি:
১২	এম হোসাইন গার্মেন্টস্ ওয়াসিং অ্যান্ড ডায়িং লি:

১৩	চিকটেক্স লি:
১৪	শ্রীপুর টেক্সটাইল মিলস্ লি:
১৫	বিডি ডায়িং অ্যান্ড ফিনিশিং ইন্ডাষ্ট্রিজ লি:
১৬	ডায়নামিক টেক্সটাইল ইন্ডাষ্ট্রিজ লি:
১৭	আশরাফ টেক্সটাইল মিলস্ লি:
১৮	মিতা টেক্সটাইলস্ লি:
১৯	তমিজউদ্দিন টেক্সটাইল মিলস্ লি:
২০	বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ লি:
২১	পারফিউম কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ লি:
২২	আল-আমিন কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ লি:
২৩	রাসপিট ইন্ক (বিডি) লি:
২৪	বেঙ্গল বিস্কুটস লি:
২৫	মেঘনা শিম্প কালচার লি:
২৬	মোনা ফুড ইন্ডাষ্ট্রিজ লি:
২৭	গচিহাটা একুয়াকালচার ফার্ম লি:
২৮	রাঙ্গামাটি ফুড প্রোডাক্টস্ লি:
২৯	জার্মান বাংলা জে.ভি ফুড লি:
৩০	মডার্ন সিমেন্ট লি:
৩১	বাংলাদেশ জিপার ইন্ডাষ্ট্রিজ লি:
৩২	ওয়ান্ডারল্যান্ড টয়স্ লি:
৩৩	বিডি লাগেজ ইন্ডাষ্ট্রিজ লি:
৩৪	ম্যাক পেপার ইন্ডাষ্ট্রিজ লি:
৩৫	ম্যাক এন্টারপ্রাইজ লি:
৩৬	রাসপিট ডাটা ম্যানেজমেন্ট অ্যান্ড টেলিকমিউনিকেশনস্ লি:
৩৭	রোজ হেভেন বলপেন লি:
৩৮	খাজা মোজাইক টাইলস্ অ্যান্ড স্টোন লি:
৩৯	বিডি মনোস্পুল পেপার ম্যানুফ্যাকচারিং কোং: লি:
৪০	বেঙ্গল ফাইন সিরামিক লি:
৪১	ঈগল ষ্টার টেক্সটাইল মিলস্ লি:
৪২	লেক্সকো লি:
৪৩	থেরাপিউটিকস্ (বাংলাদেশ) লি:
৪৪	গালফ ফুডস্ লি:
৪৫	নিলয় সিমেন্ট ইন্ডাষ্ট্রিজ লি:
৪৬	আলফা টোব্যাকো ম্যানুফ্যাকচারিং কোং: লি:
৪৭	জাগো কর্পোরেশন লি:
৪৮	এপেক্স ওয়েভিং অ্যান্ড ফিনিশিং মিলস্ লি:
৪৯	ঢাকা ফিশারিজ লি:
৫০	মুন্নু ফেব্রিকস্ লি:

কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের জন্য অনুমোদিত কোম্পানির বিবরণী

ক্রমিক নং	কোম্পানির নাম	অনুমোদনের তারিখ	মূলধন (প্রাথমিক গণপ্রস্তাবপূর্ব) টাকা	ইস্যু মূল্য (টাকা)	ইস্যুকৃত শেয়ারের সংখ্যা	আইপিও টাকা (প্রিমিয়ামসহ যদি থাকে) টাকা	মূলধন উত্তোলন (প্রাথমিক গণপ্রস্তাব উত্তর) টাকা
১.	আমরা নেটওয়ার্কস লিঃ	১০.০৭.২০১৭	৩৮.০০ কোটি	৩৯.০০ (EI) ৩৫.০০ (GI)	১৫,০৪১,২০৯	৫৬.২৫ কোটি	৫৩.০৪ কোটি
২.	ওয়াইম্যাক্স ইলেকট্রোড লিমিটেড	০৬.০৮.২০১৭	৩০.৮৯ কোটি	১০.০০	১৫,০০০,০০০	১৫.০০ কোটি	৪৫.৮৯ কোটি
৩.	নাহী এলুমিনিয়াম কম্পোজিট লিমিটেড	২৪.০৮.২০১৭	৩৩.০০ কোটি	১০.০০	১৫,০০০,০০০	১৫.০০ কোটি	৪৮.০০ কোটি
৪.	কুইন সাউথ টেক্সটাইল মিলস লিমিটেড	১০-১২-২০১৭	৮৫.১৫ কোটি	১০.০০	১,৫০,০০,০০০	১৫.০০ কোটি	১০০.১৫ কোটি
৫.	এ্যাডভেন্ট ফার্মা লিমিটেড	১১-০১-২০১৮	৪৮.৬০ কোটি	১০.০০	২,০০,০০,০০০	২০.০০ কোটি	৬৮.৬০ কোটি
৬.	ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড	১৫-০২-২০১৮	৪৫.০০ কোটি	১০.০০	৩,০০,০০,০০০	৩০.০০ কোটি	৭৫.০০ কোটি
৭.	ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালস লিমিটেড	১৯-০২-২০১৮	৭৩.০০ কোটি	১০.০০	২,০০,০০,০০০	২০.০০ কোটি	৯৩.০০ কোটি
৮.	বসুন্ধরা পেপার মিলস্ লিমিটেড	২৮-০৩-২০১৮	১৪৭.৭৫ কোটি	৮০.০০ (EI) ৭২.০০ (GI)	২,৬০,৪১,৬৬৭	২০০.০০ কোটি	১৭৩.৭৯ কোটি
৯.	এসকে ট্রিমস অ্যান্ড ইন্ডাট্রিজ লিমিটেড	১০-০৪-২০১৮	৪০.০০ কোটি	১০.০০	৩,০০,০০,০০০	৩০.০০ কোটি	৭০.০০ কোটি
১০	আমান কটন ফাইবার্স লিমিটেড	০৩-০৫-২০১৮	৮০.০০ কোটি	৪০.০০ (EI) ৩৬.০০ (GI)	২,০৮,৩৩,৩৩৩	৮০.০০ কোটি	১০০.৮৩ কোটি
১১.	ভিএফএস ট্রেডস লিমিটেড	২৩-০৫-২০১৮	৬২.৭১ কোটি	১০.০০	২,২০,০০,০০০	২২.০০ কোটি	৮৪.৭১ কোটি
১২.	এমএল ডাইং লিমিটেড	১০-০৬-২০১৮	১৪০.৪১ কোটি	১০.০০	২,০০,০০,০০০	২০.০০ কোটি	১৬০.৪১ কোটি
১৩.	সিলভা ফার্মাসিউটিক্যালস লিমিটেড	২৮-০৬-২০১৮	১০০.০০ কোটি	১০.০০	৩,০০,০০,০০০	৩০.০০ কোটি	১৩০.০০ কোটি
	মোট						

** ইস্যুটি (ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালস লিমিটেড) পরবর্তী নির্দেশনা দেয়া পর্যন্ত আদালত কর্তৃক স্থগিত করা হয়েছে।

২০১৭-২০১৮ অর্থবছরে সিডিএস- এ যোগদানকৃত কোম্পানির তালিকাঃ

ক্রমিক নং	কোম্পানির নাম	সিডিএস এ অন্তর্ভুক্তির তারিখ
০১	বিবিএস কেবেলস লিমিটেড	৩১/০৭/২০১৭
০২	আমরা নেটওয়ার্কস লিমিটেড	০২/১০/২০১৭
০৩	অইমেক্স ইলেট্রোড লিমিটেড	০৬/১১/২০১৭
০৪	নাহি এ্যলুমিনিয়াম কোমপোজিট প্যনেল লিমিটেড	২৪/১২/২০১৭
০৫	কুইন সাউথ টেক্সটাইল মিলস্ লিমিটেড	১৩/০৩/২০১৮
০৬	এ্যাডভেন্ট ফার্মা লিমিটেড	১২/০৪/২০১৮
০৭	ইনট্রাকো রিফিলিং স্টেসন লিমিটেড	১৭/০৫/২০১৮
০৮	বসুন্ধরা পেপার মিলস্ লিমিটেড	২১/০৬/২০১৮

২০১৭-২০১৮ অর্থবছরে সিডিএস- এ যোগদানকৃত মিউচ্যুয়াল ও ইউনিট ফান্ডের তালিকা ঃ

ক্রমিক নং	মিউচ্যুয়াল ও ইউনিট ফান্ডের নাম	সিডিএস এ অন্তর্ভুক্তির তারিখ
০১	ইউএফএস-আইবিবিএল সরিয়া ইউনিট ফান্ড	২৪/০৭/২০১৭
০২	নাম আইবিবিএল ইসলামিক ইউনিট ফান্ড	২৪/০৭/২০১৭
০৩	আইডিএলসি ব্যালেন্স ফান্ড	৩১/০৭/২০১৭
০৪	আইসিবি এএমসিএল ফার্স্ট অগ্রনি ব্যাংক মিউচ্যুয়াল ফান্ড	০৮/১০/২০১৭
০৫	পেনিনসুলা সাধারন বীমা কর্পোরেশন ইউনিট ফান্ড ওয়ান	১৪/১০/২০১৭
০৬	এইচএএমএল ইউনিট ফান্ড	০২/০১/২০১৮
০৭	সিএপিএম আইবিবিএল ইসলামিক মিউচুয়াল ফান্ড	০৫/০৩/২০১৮
০৮	ক্রেডেন্স ফার্স্ট সরিয়া ইউনিট ফান্ড	১০/০৩/২০১৮
০৯	লংকা বাংলা আল-আরাফা সরিয়া ইউনিট ফান্ড	২০/০৩/২০১৮
১০	সানতা ফার্স্ট ইনকাম ইউনিট ফান্ড	২৬/০৩/২০১৮
১১	বিসিবি আইসিএল গ্রোথ ফান্ড	০৭/০৪/২০১৮
১২	ভিআইপিবি গ্রোথ ফান্ড	১০/০৪/২০১৮
১৩	আইডিএলসি গ্রোথ ফান্ড	১৯/০৫/২০১৮

এনফোর্সমেন্ট কার্যক্রম

ক্রমিক নং	প্রতিষ্ঠানের ধরণ	গৃহীত ব্যবস্থা		মোট গৃহীত ব্যবস্থা
		জরিমানা	সতর্কীকরণ	
১	ইস্যুয়ার কোম্পানি/পরিচালক	৭৩	১৯	৯২
২	স্টক ব্রোকার/স্টক ডিলার মার্চেন্ট ব্যাংকার অনুমোদিত প্রতিনিধি	২৬	৩৪	৬০
৩	ইস্যু ম্যানেজার	০	১	২
৪	চার্টার্ড একাউন্টটেন্ট ফার্ম	০	৩	৩
৫	অন্যান্য	৫	৭	১২
	মোট	১০৪	৬৪	১৬৮

কমিশন এর মামলা সংক্রান্ত তথ্যাদি

০১. কমিশন কর্তৃক এবং কমিশনের বিরুদ্ধে মোট ৫২৫টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান নিম্নরূপঃ

ক্রমিক নং	আদালতের নাম		মামলার সংখ্যা
০১.	বাংলাদেশ সুপ্রীম কোর্ট	আপীল বিভাগ	১৭টি
		হাইকোর্ট বিভাগ ঢাকা	২১৮টি
০২.	স্পেশাল ট্রাইবুন্যাল বিএসইসি		১৭টি
০৩.	জেলা জজ আদালত		১১টি
০৪.	চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত		০৪টি
০৫.	শ্রম আদালত		০২টি
০৬.	জেনারেল সার্টিফিকেট আদালত		২৫৬টি
	মোট মামলার সংখ্যাঃ		৫২৫টি

০২. ২০১৭-২০১৮ অর্থ বৎসরে কমিশনের পক্ষে-বিপক্ষে দায়েরকৃত মামলাঃ

কমিশন কর্তৃক/কমিশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলা	মামলা সংখ্যা	সংক্ষিপ্ত বিবরণ
কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা	০২টি	সিকিউরিটিজ আইন ভংগের কারণে কমিশন কর্তৃক আরোপিত জরিমানা আদায় এর জন্য PDR Act, 1913 এর অধীনে মোট ০২টি সার্টিফিকেট মামলা দায়ের করা হয়।
কমিশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলা	২০টি	সিকিউরিটিজ সংক্রান্ত আইন, কমিশনের জরিমানার আদেশ চ্যালেঞ্জ করে এবং অন্যান্য কারণে হাইকোর্ট বিভাগে ১৩টি রীট মোকদ্দমা এবং ০৭টি কোম্পানি ম্যাটার দায়ের করা হয়েছে।

কমিশনের আর্থিক বিবরণী (৩০ জুন ২০১৮)

(কোটি টাকা)

বিবরণ	২০১৭-২০১৮		২০১৬-২০১৭
	বাজেট বরাদ্দ	প্রকৃত প্রাপ্তি	প্রকৃত প্রাপ্তি
সরকারি মঞ্জুরী ঃ	০.০০০		
প্রারম্ভিক জের (পূর্ববর্তী বছরের অব্যয়িত অর্থ)		১৫৩.১০১	১৫১.৮০৩
ছাড়কৃত সরকারি মঞ্জুরী	০.০০০	০.০০০	০.০০০
মোট সরকারি মঞ্জুরী	০.০০০	০.০০০	০.০০০
কমিশনের বিবিধ প্রাপ্তি	৪৭.৭২৮	৫৬.২০৭	৪৭.৬৪২
মোট বরাদ্দ/প্রাপ্তি	৪৭.৭২৮	২০৯.৩০৮	১৯৯.৪৪৫
পরিশোধ ঃ	খাতওয়ারী বরাদ্দ	প্রকৃত ব্যয়	প্রকৃত ব্যয়
রাজস্ব ব্যয়	৩৮.৭৬৫	৩৪.৬১৬	২৬.৯৮৮
মূলধনী ব্যয়	০.৫০৩	০.১৯৮	০.২০৭
ঋণ/অগ্রীম প্রদান	৮.৪৬০	৫.৩১২	২.৫৪৯
পূর্ত ব্যয়	০.০০০	০.০০০	১৬.৬০০
মোট পরিশোধ/ব্যয়	৪৭.৭২৮	৪০.১২৬	৪৬.৩৪৪
সমাপনী জের (অব্যয়িত অর্থ)		১৬৯.১৮২	১৫৩.১০১

পরিশিষ্ট-১৪

কমিশনের বিবিধ আয়/প্রাপ্তির বিবরণী

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
	ক) প্রাপ্তি ঃ	
১	স্টক ডিলার/ব্রোকার রেজিস্ট্রেশন/নবায়ন ফি	১১,১৮৫,৫০০.০০
২	মার্চেন্ট ব্যাংক, ট্রাষ্টি ও এসেট ম্যানেজমেন্ট কোং রেজিস্ট্রেশন/নবায়ন ফি	৬,৬৯৪,০০০.০০
৩	মিউচুয়াল ফান্ড রেজিস্ট্রেশন/নবায়ন ফি	৮৫,৪৮৯,৯৬৮.৪০
৪	অথারাইজড রিপ্রেজিন্টটিভ রেজিস্ট্রেশন/নবায়ন ফি	৮৬৪,০০০.০০
৫	আইপিও, রাইট ইস্যু ও পুঁজি উত্তোলন সংক্রান্ত আবেদন/সম্মতি প্রদান ফি	১৭৯,৩৪৯,৪৫২.৯৫
৬	জরিমানা আদায়	১৫,৯৭৫,৫০০.০০
৭	প্রকাশনা বিক্রয় (ত্রৈমাসিক প্রতিবেদন, আইন বই ইত্যাদি)	৩০২,০০০.০০
৮	দরপত্র তফসিল (সিডিউল) বিক্রয়	-
৯	স্ক্র্যাপ ম্যাটেরিয়ালস্ (পুরাতন মালামাল) বিক্রয়	৪,৭১৪.০০
১০	ডিপোজিটরি পার্টিসিপেন্ট ও সিকিউরিটি কাস্টডিয়াল ফি	২,৮০০,৫০০.০০
